কেমন হবে ইমাম মাহদী আলাইহিস্ সালাম এবং তাঁর সাথীদের যিন্দেগী?
সীরাতের আলোকে রচিত ঈমানদীপ্ত একটি অদ্বিতীয় কিতাব-

নবীওয়ালা এবং সাহাবাওয়ালা যিন্দেগী
(গরীব ইসলাম)

(দ্বিতীয় খণ্ড)

-শাইখ মাহমুদ আল হিন্দী হাফিযাহুল্লাহ

অনুবাদ-
আবু আব্দুল্লাহ

لَّقَدْ كَانَ لَكُمْ فِى رَسُولِ ٱللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرْجُو ٱللَّهَ وَٱلْيَوْمَ ٱلْآخِرَ وَذَكَرَ ٱللَّهَ كَثِيراً ﴿٢١﴾

"তোমাদের মাঝে যারা আল্লাহ (তাআলার সন্তুষ্টি ও মহব্বত) এবং শেষ দিবসের (কামিয়াবীর) আশা রাখে, আর অধিক পরিমাণে আল্লাহর যিকির (স্মরণ) করে, তাদের জন্য আল্লাহর রাসূলের মাঝে রয়েছে উত্তম আদর্শ (উস্‌ওয়াতুন্‌ হাসানাহ্‌)।"

(সূরা আহযাব ৩৩:২১)

হযরত আয়েশা রদিয়াল্লহু আনহা হতে বর্ণিত, নবী করীম ﷺ বলেছেন,

بَدَأَ الْإِسْلَامُ غَرِيْبًا وَسَيَعُوْدُ كَمَا بَدَأَ غَرِيْبًا فَطُوْبى لِلْغُرَبَاءِ

“ইসলাম শুরুতে গরীব (অপরিচিত) ছিল, খুব শীঘ্রই তা আবার গরীব (অপরিচিত) হয়ে যাবে যেমনটি শুরুতে ছিল, সুতরাং সুসংবাদ গোরাবাদের জন্য (যারা অপরিচিত ইসলামকে নিজেদের জীবনে আঁকড়ে ধরে রাখে)।” (সহীহ মুসলিম)

[বি.দ্রঃ ‘গরীব’ শব্দটি আরবী শব্দ, যার অর্থ ‘অপরিচিত’। উর্দূ এবং বাংলাতেও ‘গরীব’ শব্দটি ব্যবহৃত হয়, যার অর্থ ‘নিঃস্ব’। সুতরাং শব্দ একই হলেও বিভিন্ন ভাষায় অর্থ ভিন্ন ভিন্ন।- অনুবাদক]

হযরত সা'দ বিন হিশাম রদিয়াল্লহু আনহু আম্মাজান হযরত আইশা রদিয়াল্লহু আনহাকে প্রশ্ন করলেন, হে মুমিনদের আম্মা! আমাকে নবীজী ﷺ-এর আখলাক সম্পর্কে বলুন। আম্মা তাকে জিজ্ঞাসা করলেন, তুমি কি কুরআন পড়ো না? সা'দ বিন হিশাম রদিয়াল্লহু আনহু বললেন, জ্বী হ্যাঁ। তখন আম্মা বললেন, কুরআনই হলো নবীজী ﷺ-এর আখলাক।

যেহেতু কুরআন নবীজী ﷺ-এর আখলাক, আর কুরআনই হলো সকল এলেমের উৎস, তাই নবীজী ﷺ-এর যিন্দেগীই হলো সকল এলেমের মূল কেন্দ্রবিন্দু, বাস্তব জগতে কুরআনের অনুবাদ। আর নবীজী ﷺ-এর যিন্দেগীর যে ওয়ারিশ হবে বা সেই পবিত্র যিন্দেগীকে যে নিজের যিন্দেগী বানাবে কেবলমাত্র তারাই প্রকৃত আলেম, তাঁরাই প্রকৃত কুরআনের অনুসারী।

“নবীওয়ালা এবং সাহাবাওয়ালা যিন্দেগী (গরীব ইসলাম)” কিতাবটিতে উম্মতে মুহাম্মাদীর সকল স্তরের ভাই/বোনদের জাগানোর চেষ্টা করা হয়েছে। এই কাজ করতে গিয়ে প্রয়োজনের তাগিদে প্রত্যেকের ভুল-ত্রুটি নিয়েও আলোচনা করতে হয়েছে। সাধারণ দ্বীনদার, নাফরমান, গোনাহগার, সালেকীন, সালেহীন, দাঈ, রাজনীতিবিদ, মুজাহিদ, ত্বলিবুল ইলম, আলেম সমাজ সকল তবকার মুসলমানদের ‘ইসলাহ’ করার প্রয়াস চালানো হয়েছে। কিতাবের বিষয়বস্তু অনেকের কাছে নতুন বা ভিন্নরকম বোধ হতে পারে। তার কারণ নামের মাঝেই নিহিত। আমরা আমাদের সমাজের গতানুগতিক ইসলাম নিয়ে আলোচনা করছি না। চৌদ্দশত বৎসর আগের “অপরিচিত” ইসলাম নিয়ে কথা বলছি। যেহেতু আমাদের ইসলামের সাথে সেই যামানার ইসলামের অনেক পার্থক্য বিদ্যমান এবং আমরা প্রকৃত ইসলামের অনেক বিকৃতি ঘটিয়েছি, তাই আলোচনার প্রসঙ্গ অনেকের “স্ব-রচিত” ইসলামের বিরুদ্ধে চলে যেতে পারে। এক্ষেত্রে আমরা অপারগতা প্রকাশ করছি। আমাদেরকে সত্য বলতেই হবে, উম্মতের সামনে সঠিক ইসলামকে তুলে ধরতেই হবে। এ ব্যাপারে আমরা আল্লাহ তাআলার পর অন্য কাউকে ভয় বা তোয়াক্কা করি না। কারো সমালোচনা করা আমাদের উদ্দেশ্য নয়, বরং আমরা উম্মতের ইসলাহ কামনা করি। আল্লাহর কসম আমরা উম্মতের ভালাই চাই। তাই কিতাবটি পাঠান্তে সমালোচনা নয়, আত্মসমালোচনা চাই; বিরোধিতা নয়, আত্মসংশোধন চাই; যুগের স্রোতে গা ভাসিয়ে দেয়া নয়, যিন্দেগীর পরিবর্তন চাই; আর গাফলত নয়, এবার জাগ্রত হওয়া চাই, রণসাজে সজ্জিত হয়ে, “আল্লাহু আকবার” তাকবীর ধ্বনি তুলে, ময়দানে ঝাঁপিয়ে পড়া চাই।

-মাহমুদ আল হিন্দী

-উম্মতে মুহাম্মাদীর একজন ‘নাদান’ হিতাকাঙ্ক্ষী।

সাহাবাওয়ালা মেজাজ গড়তে..........

কিয়ামত পর্যন্ত উম্মতকে সঠিক পথ দেখাতে.........

পৃথিবীর মানচিত্র ও ইতিহাসকে পরিবর্তন করতে.........

উম্মতকে সাহাবাওয়ালা ঈমানী চেতনায় জাগ্রত করতে.........

আখেরী যামানার উম্মতকে নবুয়তের যামানায় ফিরিয়ে নিতে.......

সাহাবায়ে কেরামের জামাতের আদলে একটি নূরানী জামাত তৈরি করতে.......

এই কিতাবটি যথেষ্ট সহায়ক হবে ইনশাআল্লাহ!!!

-মাহমুদ আল হিন্দী

হযরত সাওবান রদিয়াল্লহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ ﷺ বলেছেন, "এমন এক সময় নিকটবর্তী, বিভিন্ন জাতি গোষ্ঠী তোমাদের বিরুদ্ধে (যুদ্ধে তোমাদের নিশ্চিহ্ন করে দেয়ার জন্য) একে অপরকে এভাবে আহ্বান করবে, যেভাবে আহারকারী লোকেরা খাদ্যপাত্রের দিকে একে অপরকে ডাকাডাকি করে।" (এ কথা শুনে) কেউ জিজ্ঞাসা করল, সেদিন কি সংখ্যায় কম থাকার কারণে আমাদের এ অবস্থা হবে? তিনি ﷺ উত্তর দিলেন, "না; বরং সে সময় তোমরা সংখ্যায় অনেক বেশি থাকবে, কিন্তু তোমরা বন্যায় ভেসে আসা আবর্জনার (/খড়কুটোর মতো প্রাণহীন ও ওজনহীন) হয়ে থাকবে। আল্লাহ তাআলা তোমাদের শত্রুদের অন্তর থেকে তোমাদের ভয় উঠিয়ে নিবেন, (এর বিপরীতে) তোমাদের অন্তরে 'ওয়াহন' ঢেলে দিবেন।" কেউ জিজ্ঞাসা করলো, ইয়া রাসূলুল্লাহ ﷺ, ওয়াহন অর্থ কি? তিনি ﷺ উত্তরে বললেন, "দুনিয়াপ্রীতি এবং মৃত্যুকে অপছন্দ করা।"

(আবু দাউদ, বায়হাকী)

আর বর্তমান যামানাই সেই সময় যার কথা প্রিয়নবী ﷺ ভবিষ্যদ্বানী করে গিয়েছেন, তাই, সময়ের দাবী হিসেবে আলোচ্য কিতাবটিতে 'ওয়াহন' নামক ভয়ানক ব্যধির চিকিৎসা **'আই.সি.ইউ'** কিংবা **'এইচ.ডি.ইউ'** মানের করা হয়েছে। আল্লাহ তাআলা আমাকে এবং পুরো উম্মতকে এই ক্যান্সার হতে হেফাযত করুন। আমীন।

-মাহমুদ আল হিন্দী

উৎসর্গঃ

প্রথমত, আমার নফ্‌স-কে, কেননা কাউকে নসীহত করার মতো যোগ্যতা বা ক্ষমতা কোনোটাই আমার নেই, কেবল আমার নফ্‌স ছাড়া! সবচেয়ে বেশি নসীহতের মুহতাজ আমি নিজে।

হে নফস্! এই কিতাবের প্রতিটা শব্দ তোমার জন্য। তাই কিতাবটি ভালোভাবে বারবার পড়ো, কেননা এর উপর তোমাকে অবশ্যই আমল করতে হবে।

দ্বিতীয়ত, যারা সাহাবাওয়ালা যিন্দেগী চিনতে চায়, গড়তে চায়, তাদেরকে।

আল্লাহ তাআলা আমাদের সকলকে সাহাবাওয়ালা যিন্দেগী দান করুন। আমীন।

সূচিপত্র (দ্বিতীয় খণ্ড)

তৃতীয় গুণ

দুনিয়ার শেষ অংশটুকুও আল্লাহ তাআলার জন্য ত্যাগ করা

০৩. দুনিয়ার শেষ অংশটুকুও আল্লাহ তাআলার জন্য ত্যাগ করা

রাসূলুল্লাহ ﷺ এবং তাঁর প্রিয় সাহাবীগণের জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হচ্ছে 'দুনিয়ার সাথে সম্পর্কহীনতা'। ইসলামী রূহানিয়াত এবং আত্মিক শক্তির মূল উৎস হচ্ছে এই 'নাপাক দুনিয়া হতে পাক হওয়া'। রাসূলুল্লাহ ﷺ এবং সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমদের যিন্দেগীতে দুনিয়া পাওয়া যায় না। তাঁরা বিষয়টিকে যতটা গুরুত্ব দিতেন, আমরা বিষয়টিকে ঠিক ততটাই গুরুত্বহীন মনে করি। কী 'আম, কী খাওয়াস, সাধারণ মুমিন থেকে শুরু করে বিশেষ বুযুর্গানে দ্বীন পর্যন্ত, বর্তমান সময়ে দ্বীনদারী বলতে বুঝায় 'দুনিয়াকে ঠিক রেখে যতটা দ্বীন পালন করা যায়।' অথচ সাহাবায়ে কেরাম শতভাগ দ্বীন মেনে চলতে পেরেছিলেন, কারণ তাঁরা দুনিয়া শতভাগ ছাড়তে পেরেছিলেন। আর আমরা দ্বীন শতভাগ মানতে পারিনা, কারণ আমরা দুনিয়াকে ছাড়তে পারছি না। এর কারণ, প্রকৃতপক্ষে আমরা দুনিয়াকে চিনতেই পারিনি। দুনিয়াকে না চিনতে পারার কারণে দ্বীনদাররাও দুনিয়াকে দ্বীন মনে করেই তাতে ব্যস্ত থাকে। দ্বীনদাররাও কিভাবে আসলে দুনিয়াদার, আমাদের দ্বীনদারীটা যে একটি বাহ্যিকতা মাত্র, তা দুনিয়াকে না চিনা পর্যন্ত বুঝা যাবে না। বর্তমান যামানায় উম্মতের পতনের কেবল একটি কারণও যদি খুঁজে বের করতে বলা হয়, তাহলে তা হবে দুনিয়ার মহব্বত, দুনিয়াকে আখিরাতের উপর প্রাধান্য দেয়া। বর্তমান যামানায় উম্মতের দাঁড়ি-টুপি আর যুব্বা-পাগড়িওয়ালা দ্বীনদারের সংখ্যা মনে হয় অতীতের যে কোনো সময়ের চেয়ে বেশি। তাহলে বর্তমানে উম্মতের এই নাজুক পরিস্থিতি কেন?

সারা দুনিয়ার বাতিল শক্তি কেন মুসলমানদেরকে মশা-মাছির মত দুর্বল মনে করছে, আর পোকা-মাকড়ের মত হত্যা করছে?

সেটি কোন্ কারণ, যে কারণে বাতিলের দীলের মাঝে উম্মতের প্রতি যে ভয় ও প্রভাব ছিল, তা উঠিয়ে নেয়া হয়েছে?

তা 'দুনিয়াপ্রীতি' ছাড়া আর কী?

সেটি কোন্ কারণ, যার কারণে উম্মতের জ্ঞানীরাও আজ জিহাদকে অপছন্দ করছে?

তা 'দুনিয়ার মহব্বত' ছাড়া আর কী?

সেটি কোন্ কারণ, যে কারণে উম্মত আজ জিহাদ ত্যাগ করে কাপুরুষের যিন্দেগী যাপন করছে?

তা 'মৃত্যুর ভয়' ছাড়া আর কী?

অথচ জিহাদ এমন এক দ্বীন যাতে প্রবেশ না করা পর্যন্ত উম্মতের উপর হতে এই অপমান ও যিল্লতীর যামানা উঠিয়ে নেয়া হবেনা!

হযরত সাওবান রদিয়াল্লহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ ﷺ বলেছেন, "এমন এক সময় নিকটবর্তী, বিভিন্ন জাতি গোষ্ঠী তোমাদের বিরুদ্ধে (যুদ্ধে তোমাদের নিশ্চিহ্ন করে দেয়ার জন্য) একে অপরকে এভাবে আহ্বান করবে, যেভাবে আহারকারী লোকেরা খাদ্যপাত্রের দিকে একে অপরকে ডাকাডাকি করে।" (এ কথা শুনে) কেউ জিজ্ঞাসা করল, সেদিন কি সংখ্যায় কম থাকার কারণে আমাদের এ অবস্থা হবে? তিনি ﷺ উত্তর দিলেন, "না; বরং সে সময় তোমরা সংখ্যায় অনেক বেশি থাকবে, কিন্তু তোমরা বন্যায় ভেসে আসা আবর্জনার (/খড়কুটোর মতো প্রাণহীন ও ওজনহীন) হয়ে থাকবে। আল্লাহ তাআলা তোমাদের শত্রুদের অন্তর থেকে তোমাদের ভয় উঠিয়ে নিবেন, (এর বিপরীতে) তোমাদের অন্তরে 'ওয়াহন'

ঢেলে দিবেন।” কেউ জিজ্ঞাসা করলো, ইয়া রাসূলুল্লাহ ﷺ, ওয়াহন অর্থ কি? তিনি ﷺ উত্তরে বললেন, “দুনিয়াপ্রীতি এবং মৃত্যুকে অপছন্দ করা।” (আবু দাউদ, বায়হাকী)

রাসূলুল্লাহ ﷺ-এর অগণিত, অসংখ্য মুজেজার মধ্যে এটিও একটি যে, তিনি আনেওয়ালা উম্মতের ‘দুনিয়াপ্রীতি’র গল্প সাহাবীদেরকে বলে গিয়েছেন ১৪০০ বছর আগে, যখন সাহাবাদের নিকট বিষয়টি গায়বের বিষয়ের মতো ছিলো, যেমন বর্তমানে আমাদের কাছে জান্নাত-জাহান্নামের খবর; এবং সাহাবায়ে কেরাম শেষ যামানার উম্মতের ‘দুনিয়াপ্রীতি’র খবরকে অদৃশ্য বিষয়ের উপর ঈমান আনা হিসেবেই এর প্রতি বিশ্বাস স্থাপন করেছিলেন।

হযরত আলী রদিয়াল্লহু আনহু বলেছেন, একদিন আমরা রাসূলুল্লাহ ﷺ-এর সাথে মসজিদে বসা ছিলাম। এসময় মুসআব ইবনে উমাইর রদিয়াল্লহু আনহু এমন অবস্থায় আমাদের সামনে আসলেন, তাঁর সাথে কেবল একটি (ছেঁড়া পুরাতন) চাদর ছিল, যার মধ্যে চামড়ার টুকরার তালি লাগানো ছিল। রাসূলুল্লাহ ﷺ যখন তাঁকে এই অবস্থায় দেখলেন, তখন তাঁর কান্না এসে গেল। তিনি (ইসলাম গ্রহণের পূর্বে মক্কায়) ভোগ-বিলাসের যিন্দেগী যাপন করতেন। বর্তমানে তাঁর (অভাব-অনটনের) এ অবস্থা দেখে কেঁদে ফেললেন। তারপর বললেন, তোমাদের কী অবস্থা হবে, যখন (সম্পদ ও জীবনোপকরণের এমন প্রাচুর্য দেখা দিবে,) তোমাদের কেউ সকালে একজোড়া কাপড় পরিধান করে বের হবে আর সন্ধ্যায় আরেক জোড়া পরিধান করবে, খাবারের জন্য তার সামনে একটি পাত্র রাখা হবে, আর অন্যটি উঠিয়ে নেয়া হবে। আর তোমরা নিজেদের বাড়ী ঘরে এমনভাবে পর্দা পরাবে যেমন কাবা শরীফে পরানো হয়? (তাঁর এ প্রশ্নের উত্তরে

সাহাবীদের মধ্যে থেকে) কেউ কেউ নিবেদন করলেন, ইয়া রাসূলাল্লাহ ﷺ! ঐ সময় আমাদের অবস্থা বর্তমানের তুলনায় অনেক ভালো হবে। আমরা আল্লাহর ইবাদতের পূর্ণ সুযোগ ও অবসর পাব (জীবিকার জন্য কষ্টক্লেশ বরদাশত করতে হবে না।) রাসূলুল্লাহ ﷺ বললেন, না, তোমরা বর্তমানে (অভাব-অনটনের এ যুগে ভোগ বিলাসের) ঐ যুগের তুলনায় অনেক ভালো আছ। (তিরমিযী শরীফ)

সুব্হানাল্লাহ! রাসূলুল্লাহ ﷺ কত সুন্দর করে বর্তমান যামানার মুসলমানদের সাথে সাহাবায়ে কেরামের যামানার তুলনা করে আমাদের দৃষ্টি খোলে দিয়েছেন! কোন্ মুমিন উত্তম যে মুমিন ভোগ বিলাসে মত্ত, নাকি যে মুমিন নিজের জন্য দুনিয়াকে সঙ্কীর্ণ করে নিয়েছে? যে মুমিন নাদুস-নুদুস, নাকি যে মুমিন জীর্ণ-শীর্ণ? সে মুমিন কি উত্তম যে মুমিন সাহাবাদের অনুসরণ করে, নাকি সে উত্তম যে ফেতনায় জর্জিত দুনিয়াদার বুযুর্গদের (?) অনুসরণ করে? আল্লাহ আমাদের পথ দেখান।

একদিকে মুসলিম উম্মাহর পতনের মূল কারণ 'দুনিয়ার মহব্বত', অন্যদিকে খুব শীঘ্রই ইনশাআল্লাহ ইমাম মাহদী আলাইহিস্ সালামকে আল্লাহ তাআলা এই উম্মতকে রাহবারী করে অপমান-অপদস্থতা হতে উদ্ধার করবেন। তিনি উম্মতের দীল হতে দুনিয়ার মহব্বত বের করবেন, ফলে তাদের অন্তর মৃত্যুর ভয়মুক্ত হবে। তিনি এবং তাঁর সাথীবর্গ দুনিয়া হতে পাক হবেন। এই যামানায় যারা সাহাবায়ে কেরামের অনুসরণ ও অনুকরণে দুনিয়া ছাড়তে পারবে, তাদের দ্বারা আল্লাহ তাআলা অনেক বড় বড় দ্বীনী খেদমত নিবেন, যেভাবে নিয়েছিলেন সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু

আনহুমদের দ্বারা। তাই আমাদেরকে দুনিয়ার স্বরূপ জানতে হবে, তাকে চিনতে হবে এবং তা বর্জনের সর্বাত্মক মেহনত করতে হবে।

দুনিয়া ও দুনিয়াদারের পরিচয়:

প্রকৃতিগতভাবে যেসকল কাজ ইবাদত (যেমন: নামায, রোযা, হজ্জ, যাকাত, তিলাওয়াত, যিকির ইত্যাদি), সেগুলো ব্যতীত একজন মানুষ জন্ম হতে মৃত্যু পর্যন্ত জীবনে যত কাজ করে তার সবই 'দুনিয়া'। যতক্ষণ পর্যন্ত উম্মত এসব বিষয়ে রাসূলুল্লাহ ﷺ এর পূর্ণ অনুসারী না হবে, ততক্ষণ পর্যন্ত এ দুনিয়া উম্মতের জন্য মারাত্মক ক্ষতিকর সাব্যস্ত হবে। দুনিয়ার ব্যাপারে নবীজী ﷺ-এর নূরানী যিন্দেগীকে সামনে রাখলে এবং তার অনুসরণ করা হলে তা হবে অতি উচ্চ পর্যায়ের ইবাদত এবং এর মাঝেই উম্মতের মুক্তি নিহিত। বর্তমান সময়ে আমরা কেবল ইবাদত সংক্রান্ত বিষয়ে রাসূলুল্লাহ ﷺ- কে অনুসরণ করাকেই দ্বীনদারী মনে করি, ফলে দুনিয়া সংক্রান্ত বিষয়ে উনাকে অনুসরণ করার কথা আমরা বেমালুম ভুলে গিয়েছি।

যিন্দেগীর অধিকাংশ সময় আমরা দুনিয়াবী কার্যক্রম সম্পাদন করে থাকি, যদিও আমাদের পেশা দ্বীনী কোনো খেদমত হয়ে থাকে। আপনি হয়ত অবাক হবেন, যে লোকটিকে দেখা যাচ্ছে, সারাটা জীবন দ্বীনের খেদমতে কাটিয়ে দিচ্ছে (যেমন: মসজিদ-মাদরাসার খেদমত, উম্মতের ইসলাহের খেদমত, দাওয়াতী মেহনত, জিহাদ ইত্যাদি), তারপরেও এই লোকটি দুনিয়াদার হয় কী করে! হ্যাঁ, একজন মানুষ দ্বীনের কোনো একটি শাখায় আজীবন লিপ্ত থাকলেও, এমনকি জীবনের অধিকাংশ সময় এই কাজে ব্যয় করলেও সে আল্লাহ তাআলার কাছে "খাঁটি দুনিয়াদার"

বিবেচিত হতে পারে। অন্যদিকে একজন মানুষ আলেম না হয়েও, সাধারণ দুনিয়ার পেশায় লিপ্ত থেকেও দুনিয়াদার নাও হতে পারে। এর কারণ যার যিন্দেগী আল্লাহর রাসূল ﷺ- এর যিন্দেগীর সাথে মিলবে, সাহাবায়ে কেরামের যিন্দেগীর সাথে মিলবে, সে আর যাই হোক দুনিয়াদার নয়। আর যার যিন্দেগী তাঁদের যিন্দেগীর সাথে মিলবে না, তারা যতই দ্বীনদারীর প্রদর্শন কিংবা মহড়া করুক, প্রকৃত প্রস্তাবে এরা দুনিয়াদার। এই মূলনীতির উপর ভিত্তি করে বলা যায়, (যদিও শুনতে খারাপ লাগবে, তবুও সত্য বলতেই হবে,) বর্তমান যামানায় অনেক বড় বড় আলেম, পীর-মাশায়েখ, দাঈ, মুজাহিদগণও দিনের শেষে দুনিয়াদার। আর তারা সে বিষয়কে আঁকড়ে ধরে আছে যা আল্লাহ তাআলার দুশমন, যে জিনিসকে সৃষ্টির পর আল্লাহ পাক দ্বিতীয়বার আর তার দিকে দৃষ্টি দেননি। দুনিয়া এবং দুনিয়ার আশেক উভয়েই আল্লাহ তাআলার নিকট লাঞ্ছিত, অপদস্থ, সন্দেহ নেই।

পরবর্তী আলোচনা থেকে বিষয়টি সুস্পষ্ট হবে ইন্‌শাআল্লাহ।

দুনিয়ার হাকীকত:

➢ **দুনিয়া অত্যন্ত ক্ষণস্থায়ী।**

হযরত আবু হুরাইরা রদিয়াল্লহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ ﷺ আমাকে বললেন, 'তুমি কি ইচ্ছা কর যে, দুনিয়ার স্বরূপ আমি তোমাকে পরিষ্কারভাবে দেখিয়ে দেই?' এই বলে তিনি আমার হাত ধরে একটি আবর্জনা স্তূপের নিকট নিয়ে গেলেন, যেখানে মৃত প্রাণির অস্থি, মানুষের কঙ্কাল ও মাথার খুলি, মল-মূত্র ও গোবর এবং বহু ছেড়া কাপড়ের নেকড়া পুঞ্জীভূত ছিল। তিনি বললেন, "হে আবু হুরাইরা! তোমাদের মস্তকের ন্যায় এই মস্তকগুলোও নানারকম লোভ-লালসা এবং কামনায় পরিপূর্ণ ছিল, আজ মাংস ও চর্মশূণ্য খুলি হয়ে পড়ে আছে এবং অদূর ভবিষ্যতে মাটির সাথে মিশে যাবে। এই যে মল-মূত্র দেখছ, এগুলোও ইতিপূর্বে নানা রকম উপাদেয় খাদ্য ছিল, যা বহু চেষ্টা এবং পরিশ্রম করে সংগ্রহ করা হয়েছিল। আর আজ এগুলোকে এখানে এভাবে ফেলে রাখা হয়েছে যে, মানুষ আজ তাকে দেখে ঘৃণায় দূরে সরে যাচ্ছে। এই ছেড়া নেকড়াগুলো একদিন তাদের দেহের উপর বহু মূল্যবান ও জাঁকজমকপূর্ণ পোশাকরূপে শোভা পাচ্ছিল। আজ এখানে ছিন্ন ও বিক্ষিপ্ত নেক্ড়ায় পরিণত হয়ে বাতাসের সাথে উড়ে বেড়াচ্ছে। এই হাড়গুলো তাদের বাহনের উট, ঘোড়া এবং গৃহপালিত নানা জাতীয় পশুর অস্থি। এক সময় তারা এ সকল যানবাহনের উপর দম্ভভরে আরোহন করে সগর্বে ইতস্ততঃ পরিভ্রমন করে বেড়াত। এগুলোই দুনিয়া। দুনিয়ার এ সমস্ত অবস্থা দেখে যার কান্না করতে ইচ্ছা হয় তাদেরকে বলে দাও, তারা কান্না

করুক, এটি কান্নারই স্থান।" হযরত আবু হুরাইরা রদিয়াল্লহু আনহুর কথা শুনে উপস্থিত লোকেরা কান্না করতে লাগলেন।

রাসূলুল্লাহ ﷺ আরো ইরশাদ করেন, "দুনিয়াতে তুমি এমনভাবে থেকো যেমন কিনা তুমি এক ভিনদেশী অথবা একজন পথিক।" অর্থাৎ মুসাফির পথিক যেমন মাঝে মাঝে যাত্রাবিরতি করে, তোমার পৃথিবীতে অবস্থানও যেন হয় ঠিক তেমনি। মুসাফির পথিক যেমন চলার পথে দাঁড়িয়ে (তার গন্তব্যের কথা ভুলে) বাড়ি-ঘর তৈরী কিংবা রাস্তাঘাট সাজাবার ফিকির করে না, তেমনি তুমিও দুনিয়াতে এসে ইটের ঘর-বাড়ি নির্মাণ আর উপভোগের সামগ্রী দিয়ে যিন্দেগীকে সাজানো শুরু করো না।

➢ দুনিয়া মূল্যহীন।

আল্লাহ তাআলার কাছে দুনিয়ার কোনই মূল্য নেই। রাসূলুল্লাহ ﷺ এরশাদ করেন, "যদি আল্লাহ তাআলার কাছে দুনিয়ার মূল্য একটি মাছির পাখার সমানও হতো, তাহলে তিনি কোনো কাফের (,মুরতাদ আর নাস্তিক)-কে এক গ্লাস পানিও পান করতে দিতেন না।" আর যে মূল্যহীন জিনিসের সাথে সম্পর্ক রাখে সেও মূল্যহীন হয়ে যায়। একজন জুতা সেলাই করে, আরেকজন কাবাঘরের গিলাফ সেলাই করে। দুইজনই তো সুই-সুতার কাজ করে। কিন্তু মানুষের চোখে কি দুইজনের মূল্য সমান হবে? একজন ফুটপাতে ভাত রান্না করা বাবুর্চি। কুলি মজদুররা তার খানা খায়। আরেকজন মক্কার ফাইভ স্টার যমযম হোটেলের বাবুর্চি। বড় বড় সাহেবরা তার খানা খায়। দুইজনের জীবন কি এক মানের হবে, যদিও দুইজনেই বাবুর্চি? ঠিক তেমনি একজন মূল্যহীন এই দুনিয়ার জন্য সময়, অর্থ ও শ্রম

ব্যয় করে ও অপর একজন তার এই সব কিছু আল্লাহ ও তার দীনের জন্য ব্যয় করে। এই দুই জনের মূল্য আল্লাহ পাকের দরবারে কি কখনো সমান হবে? কখনোই না।

أَفَمَن كَانَ مُؤْمِناً كَمَن كَانَ فَاسِقاً لاَّ يَسْتَوُونَ

"তাহলে মুমিনরা কি কখনো ফাসেকদের সাথে তুলনীয় হতে পারে? তারা কখনোই সমকক্ষ হবে না।" (৩২ সূরা সিজদাহ: ১৮)

দুনিয়াতেও এরকম হবে না, আখিরাতে তো হবেই না। তাই নিজেদের জীবনকে দুনিয়ার গোলামদের থেকে আলাদা করে ফেলতে হবে। ওরা ফিটফাট থাক, আমাদেরকে জীর্ণ-শীর্ণ হতে হবে। ইহা ঈমানের অংশ। হাদীসে পাকে এরশাদ হয়েছে: "এই তোমরা শুনো, এই তোমরা শুনো। নিশ্চয়ই জীর্ণ-শীর্ণ জীবন ঈমানের অংশ। নিশ্চয়ই জীর্ণ-শীর্ণ জীবন ঈমানের অংশ।"

দুনিয়ার গোলামরা অপবিত্র থাকে, আমাদেরকে দুনিয়া হতে পাক হতে হবে। বাহ্যিক ও আত্মিক অপত্রিতা হতে পাকসাফ হতে হবে।

➢ দুনিয়া আখিরাতের শস্যক্ষেত্র:

দুনিয়াকে আখিরাত গড়ার শস্যক্ষেত্র বানাও। এখানে বীজ বুনে হাশরের মাঠে ফসল তুলবে। দুনিয়ার চাকচিক্য আর নগরীসমূহে কুফ্‌ফারদের সদর্প আস্ফালন যেন তোমাকে বিভ্রান্ত না করে। দুনিয়ার ভোগসামগ্রী নেহায়েত অল্প। আর আল্লাহর কাছে যা আছে তা সর্বোত্তম,

চিরস্থায়ী। তাই দুনিয়া হতে হাত-পা গুটিয়ে তাড়াতাড়ি জান্নাতের পথে অগ্রসর হও।

➢ **রাসূলুল্লাহ ﷺ বলেন, “দুনিয়া মুমিনের কারাগার, কাফেরের জান্নাত।”**

দীনের উপর চলতে গেলে অনেক বাধা আসবে, অনেক কষ্ট আসবে, অতঃপর আল্লাহ তাআলার সাথে সাক্ষাত মিলবে। তাই কষ্ট করে ধৈর্য্য ধারণ করতে হবে। যেহেতু দুনিয়া মুমিনের জন্য কারাগার আর কারাগারের কয়েকটি বৈশিষ্ট্য হলো:

১. কারাগারে যা ইচ্ছা করা যায় না, মুমিনও দুনিয়াতে যা ইচ্ছা তা করতে পারেনা। তার কর্ম হবে আল্লাহর মর্জিমাফিক।

২. কারাগারে যেখানে ইচ্ছা সেখানে যাওয়া যায় না, মুমিনের চালচলনও দুনিয়াতে হবে নিয়ন্ত্রিত।

৩. কয়েদীদের কারাগারে শিকলাবদ্ধ করে রাখা হয়, মুমিনও দুনিয়াতে আল্লাহর বিধান দ্বারা শৃংখলাবদ্ধ থাকে। আল্লাহর হুকুমের বাহিরে সে কিছু করতে পারেনা।

৪. কারাগারে খানার কষ্ট, কাপড় চোপড়ের কষ্ট, বিছানার কষ্ট সহ্য করতে হয়, মুমিনেরও দুনিয়ার যিন্দেগীতে এসব ব্যাপারে কষ্ট সহ্য করতে হয়।

৫. মুমিনের ঘরের আসবাব হতে হবে কারাগার কক্ষের আসবাবের সমান। সেখানে সোফা নেই, ড্রেসিং টেবিল নেই, এসি নেই ফ্রিজ নেই, ডাইনিং টেবিল নেই ইত্যাদি। আল্লাহর রাসূলের ঘরে এগুলো ছিলো না।

৬. কয়েদী ব্যক্তি সব সময় চায়, কবে, কত সহজে কারাগার হতে বের হয়ে মুক্তি লাভ করে আপনজনের কাছে ফিরে যাবো। মুমিনেরও এমন তামান্না থাকা চাই, কবে কত সহজে শাহাদাতের অমীয় সুধা পান করে জান্নাতে পরিবার পরিজন (হূরদের) সাথে মিলিত হবো।

➢ রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, ليكن بلاغ أحدكم كزاد الراكب

"তোমাদের একেকজনের সম্বল যেন হয় মুসাফিরের পাথেয় পরিমাণ।"

সুতরাং ওহে মুসলমান ভাই! চিন্তা করুন! দুনিয়ার ব্যাপারে আল্লাহর রাসূলের প্রেসক্রিপশন কী! আহ্! প্রতিটি সাহাবায়ে কেরাম এ কথার উপর আমল করে দেখিয়েছেন। এই একটি হাদীসের উপর আমল করলে আমাদের যিন্দেগী পরিবর্তন হওয়ার জন্য যথেষ্ট ছিল। একজন মুসাফিরের লাগেজে যতটুকু মাল সামানা আঁটে, দুনিয়ার যিন্দেগীতে এর চেয়ে বেশি যেন আমাদের ছামানা না হয়। যারা হজ্জ বা ওমরা বা চিল্লার সফর করেছি, তারা একটু চিন্তা করি, সেই সফরে আমরা কী কী নিয়ে সফর করেছি। এগুলো তো সফরের ছামানা নয়, এতটুকুই হওয়ার কথা ছিল আমার যিন্দেগীর ছামানা! যারা চিল্লার সফরে যাইনি, তারা চিন্তা করি কোথাও তিন দিনের সফরে বা এক সপ্তাহের সফরে কিংবা পনের দিনের সফরে বের হলে আমরা কী কী জিনিস নিয়ে বের হই। আল্লাহর রাসূল ﷺ বলেন, এতটুকুই হওয়ার কথা তোমার যিন্দেগীর ছামানা!

➢দুনিয়া ধোকার ঘরঃ

এক গ্লাস লেবুর শরবত। আমি বানিয়েছি। এতে আমি লেবুর রস দিয়েছি, সামান্য একটু লবণও দিয়েছি, কিন্তু চিনি দেই নি। এখন আমি শরবতটি তোমার হাতে দিয়ে বললাম, এই শরবতটা তুমি খাও, এতে আমি চিনি দেই নি। তুমি বললে, চিনি দেননি, তাতে কী, আমি তার পরোয়া করিনা, চামচ দিয়ে নেড়ে আমি এটাকে মিষ্টি বানাবো। এই বলে তুমি চামচ দিয়ে নাড়া শুরু করে দিলে। সামান্য জ্ঞানও যার আছে সেই একথা বলবে যে তুমি বোকা। কারণ শরবত যে বানিয়েছে, সে বলে দিয়েছে যে সে এতে চিনি দেয় নি, এখন তুমি এটাকে যতই চামচ দিয়ে নাড়াচাড়া কর কোনো লাভ নেই। তোমার কষ্টটাই বৃথা। এটা কখনও মিষ্টি হবে না।

আল্লাহ পাক এই জগৎটাকে বানিয়েছেন। তিনি এটাকে অনেক রঙ্গিন বস্তু দিয়ে সাজিয়েছেন। তারপর আমাদের এখানে পাঠিয়েছেন এবং বলে দিয়েছেন, আমি এটাতে “সফলতা” নামক বস্তুটি দেই নি। এখন তুমি যতই এটাকে নাড়াচাড়া করে সফলতা লাভ করতে চাও না কেন, কোনো লাভ নেই। তোমার কষ্টটাই বৃথা। কেননা দুনিয়া একটি ধোকার ঘর।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَمَا ٱلْحَيَاةُ ٱلدُّنْيَآ إِلَّا مَتَاعُ ٱلْغُرُورِ

“পার্থিব জীবন (ধোকা ও) প্রতারণার উপকরণ বৈ কিছু নয়।”

(৫৭ সূরা হাদীদ: ২০)

দুনিয়া ছাড়ার লাভসমূহঃ

✓ 'দুনিয়ার মহব্বত' সকল গুনাহের মা, যার গর্ভে অন্য সকল গুনাহের ভ্রূণ প্রস্ফুটিত হয়। সকল প্রকার শারীরিক ও মানসিক ব্যাধি হচ্ছে 'দুনিয়াপ্রীতি'র সন্তান-সন্ততি। আজ উম্মতকে গুনাহ ছাড়তে বলা হয়, অথচ দুনিয়া ছাড়তে বলা হয় না। দুনিয়া ছাড়তে বলা হলেও সঠিক পথ বাতলানো হয় না। অথচ বর্তমানে উম্মতের সকল অনর্থের মূল এই 'দুনিয়া'। সুতরাং-

যে ব্যক্তি সকল গুনাহ থেকে পবিত্র হতে চায়, সে দুনিয়া ছাড়ুক। যে ব্যক্তি চোখের গুণাহ, মুখের গুনাহ, কানের গুনাহ, পেটের গুনাহ, লজ্জাস্থানের গুনাহ, অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গের গুনাহ ছাড়তে চায়, যে চায় অন্তরের সকল ব্যাধি হতে মুক্তি পেতে, হৃদয়কে ঈমান ও ইসলামের নূরে নূরানী করতে, যে মনে করে সকল গুনাহ খুটে খুটে বের করে বাঁচা আমার পক্ষে সম্ভব নয়, সে যেন একটি গুনাহ হতে পবিত্র হয়, একটি মহামারী থেকে পবিত্র হওয়ার চেষ্টা করে, আর তা হলো 'দুনিয়াকে চিনে দুনিয়া হতে নিজেকে পাক-সাফ করা'।

✓ কুরআন ও হাদীসে **দুটি জিনিসের সাথে সরাসরি আল্লাহ তাআলার মহব্বত লাভের ওয়াদা করা হয়েছে। এক. দুনিয়া ত্যাগ এবং দুই. রাসূলুল্লাহ ﷺ- এর পরিপূর্ণ ইত্তেবা অনুসরণ।**

যেমনঃ হাদিসে পাকে এরশাদ হয়েছে,

إِزْهَدْ فِى الدُّنْيَا يُحِبُّكَ اللّٰهُ وَازْهَدْ فِيْ مَا عِنْدَ النَّاسِ يُحِبُّكَ النَّاسُ

"দুনিয়া হতে মুখ ফিরিয়ে নাও, আল্লাহ পাক তোমাকে মহব্বত করবেন। মানুষের কাছে যা কিছু আছে তা থেকে মুখ ফিরিয়ে নাও, মানুষ তোমাকে মহব্বত করবে।"

অন্যদিকে, কুরআন কারীমে ইরশাদ হয়েছে, "(হে নবী) বলুন! যদি তোমরা আল্লাহকে ভালোবাসতে চাও, তাহলে আমাকে অনুসরণ করো, তাহলে আল্লাহ তাআলাও তোমাদেরকে ভালোবাসবেন, তোমাদের গুনাহগুলোকে মাফ করে দিবেন। আর আল্লাহ তাআলা হচ্ছেন পরম ক্ষমাশীল, দয়াময়।" (৩ সূরা আলে ইমরান: ৩১)

হযরত রাসূলুল্লাহ ﷺ বলেছেন, "আল্লাহ তা'আলার ভালোবাসা যদি পেতে চাও, তবে দুনিয়া ছাড়, সংসার বিরাগী হও।"

অন্য কোনো আমলের সাথে আল্লাহ তাআলার মহব্বতের সরাসরি ওয়াদা নেই। এ থেকেই দুনিয়াত্যাগের মাহাত্ম্য বুঝে আসে। সুতরাং *যে ব্যক্তি সহজে আল্লাহ তাআলার মহব্বত লাভ করতে চায়, সহজে 'আল্লাহর ওলী' হতে চায়, সে যেন অন্য সকল চেষ্টা তদবীরের আগে দুনিয়া ছাড়ার মেহনত করে।*

✓ একদিন হুযুরে আকরাম ﷺ গৃহের বাহিরে এসে উপস্থিত সাহাবায়ে কেরাম রদিয়াল্লাহু আনহুদের লক্ষ্য করে ইরশাদ করেন, "তোমাদের মাঝে এমন অন্ধ ব্যক্তি কে আছে যে ইচ্ছা পোষণ করে করে যে, আল্লাহ তাআলা তাকে দৃষ্টিশক্তি দান করেন? তোমরা জেনে রাখ, যে ব্যক্তি দুনিয়ার প্রতি অনুরক্ত এবং তার আকাঙ্ক্ষা অপরিসীম, আল্লাহ তাআলা তার অনুরাগ এবং আকাঙ্ক্ষা অনুযায়ী তার অন্তরকে অন্ধ করে দিয়ে থাকেন। পক্ষান্তরে

যে ব্যক্তি দুনিয়া হতে নির্লিপ্ত থাকতে পারে এবং দুনিয়ার সুখ-সম্পদের প্রতি যার আকাঙ্ক্ষা ও অনুরাগ অতি সামান্য থাকে, আল্লাহ তাআলা তাকে কোনো শিক্ষক ব্যতিরেকে নিজের তরফ হতে মহা জ্ঞান শিক্ষা দিয়ে থাকেন এবং কোনো হেদায়াতকারীর হেদায়াত ব্যতীতই তাকে সত্য পথের সন্ধান দিয়ে থাকেন।”

অর্থাৎ একজন যাহিদ (দুনিয়াত্যাগী) এমন এক মাদরাসার ছাত্র যার শিক্ষক স্বয়ং আল্লাহ তাআলা। সে আল্লাহ তাআলার পক্ষ হতে এমন ইলম (ইলমে লাদুন্নী) লাভ করবে যে, অন্যরা মিলাতে পারবে না, এই ব্যক্তি মাদরাসায় না পড়েও কিভাবে এতো গভীর ইলমের অধিকারী হলো!!

✓ দুনিয়া ত্যাগের দ্বারা জান্নাত সুনিশ্চিত হয়। হুযুরে পাক ﷺ আরেক সময় শুক্রবার দিন জুমুআর নামাযে খোৎবা দেওয়ার পর বললেন, “যে ব্যক্তি لا اله الا الله অর্থাৎ ‘আল্লাহ ব্যতীত আর কোন উপাস্য নেই।’ এই কালেমাটি একাগ্র মনে, একান্তভাবে বিশ্বাস করে এবং তার সঙ্গে অন্য কিছু মিশ্রিত না করে, তার জন্য জান্নাত সুনিশ্চিত।” এই কথা শুনা মাত্র হযরত আলী কাররামাল্লাহু ওয়াজহাহু দাঁড়িয়ে নিবেদন করলেন, “ইয়া রাসূলুল্লাহ! এর সাথে যে বস্তু মিশ্রিত করা উচিত নয় তা বলে দিন।” উত্তরে নবীজী ﷺ ইরশাদ করলেন, “তা হচ্ছে দুনিয়ার প্রতি আসক্তি এবং দুনিয়া অন্বেষণ”। (কিমিয়ায়ে সাআদাত, খণ্ড ৪, পৃ. ১৬১)

দুনিয়ার সাথে সংশ্লিষ্ট বিষয়সমূহঃ

আমি আপনাদেরকে দুটি আয়াতের কথা আবারো স্মরণ করিয়ে দিতে চাই।

প্রথম আয়াত,

"বল, তোমাদের নিকট যদি তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত ধন সম্পদ, তোমাদের ব্যবসা যা (ক্ষতি বা) বন্ধ হয়ে যাওয়ার ভয় কর, এবং তোমাদের বাসস্থান যাকে তোমরা পছন্দ কর- আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাহে জিহাদ করা থেকে অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর, আল্লাহর বিধান আসা পর্যন্ত (দেখ, তোমাদের পরিণতি কি হতে যাচ্ছে), আর আল্লাহ তাআলা ফাসেক সম্প্রদায়কে হেদায়েত করেন না।"

(০৯ সূরা তাওবাহ: ২৪)

দ্বিতীয় আয়াত,

"১৪. মানুষকে মোহগ্রস্ত করেছে নারী, সন্তান-সন্ততি, রাশিকৃত স্বর্ণ-রৌপ্য, চিহ্নিত অশ্ব, গবাদি-পশুরাজি এবং ক্ষেত-খামারের মতো আকর্ষণীয় বস্তু-সামগ্রী। এসবই হচ্ছে পার্থিব জীবনের ভোগ্য বস্তু। আল্লাহর নিকটই হলো উত্তম আশ্রয়। ১৫. বলুন, আমি কি তোমাদেরকে এসবের চাইতে উত্তম বিষয়ের সন্ধান দিব না? যারা পরহেযগার (দুনিয়া থেকে বেঁচে থাকে), তাদের জন্য রয়েছে বেহেশত, যার তলদেশে প্রস্রবণ প্রবাহিত, তারা সেখানে থাকবে অনন্তকাল। আর রয়েছে পরিচ্ছন্ন সঙ্গিণীগণ (হূর) এবং আল্লাহর সন্তুষ্টি। আর আল্লাহ তাঁর বান্দাদের প্রতি সুদৃষ্টি রাখেন।" (৩ সূরা আলে ইমরান: ১৪-১৫)

উপরোক্ত আয়াত দুটি হতে আমরা কি শিক্ষা পাই, একটু ভালোভাবে লক্ষ্য করুন, আয়াত দুটিতে-

- আল্লাহ তাআলা আমাদেরকে শিখিয়ে দিলেন, এগুলো, এগুলো দুনিয়া, এগুলোর মহব্বত দীল হতে বের করতে হবে, এগুলো হতে আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর পথে জিহাদ করাকে বেশি ভালোবাসতে হবে, নচেৎ দেখ তোমাদের পরিণতি কী হতে যাচ্ছে?
- মানুষকে দুনিয়ার ক্ষণস্থায়ী উপাদানগুলো মোহগ্রস্ত করেছে, আমি তোমাদেরকে চিরস্থায়ী আখিরাতের দিকে দাওয়াত দিচ্ছি। তোমরা আখিরাতের বেহেশতের প্রতি আগ্রহী হও, হূরে ঈনের প্রতি আগ্রহী হও, দুনিয়ার এসব বিষয়ের মহব্বত দীল হতে বের কর।
- এক কথায়, আল্লাহ তাআলা আমাদেরকে দুনিয়া বলতে কী বুঝায়, আর দুনিয়ার উপাদান কী কী তা শিক্ষা দিলেন।

সুতরাং, দুনিয়ার সাথে সম্পর্কিত একজন মানুষের জীবনে যেসব বিষয় ওতোপ্রোতভাবে জড়িত সেগুলো হলো-

১. পরিবার-পরিজনঃ পিতা-মাতা, স্ত্রী, সন্তান ও অন্যান্য
২. পেশা - ব্যবসা, চাকুরী, কৃষি, অন্যান্য
৩. ধন-সম্পদঃ টাকা-পয়সা, সোনা-রূপা, জায়গা-জমি, বাহন

এছাড়াও রয়েছে-

৪. মৌলিক চাহিদাসমূহঃ পানাহার, বস্ত্র, বাসস্থান, গৃহের সাজ-সরঞ্জাম ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি
৫. ব্যক্তিগত অভ্যাসঃ ঘুম, ইস্তিঞ্জা, গোসল, জৈবিক চাহিদা পূরণ ইত্যাদি।

উপরে বর্ণিত বিষয়গুলো একদম মৌলিক দুনিয়াবী বিষয়। এই বিষয়গুলোতে নবীজী ﷺ- এর সুন্নত কী ছিল সেগুলো জানা এবং আমল করা জরুরী। কেননা এই বিষয়গুলোতে যে নবীজী ﷺ- কে অনুসরণ করতে পারবে সেই প্রকৃতপক্ষে দুনিয়াত্যাগী। "ওয়াহন" বলতে রাসূলুল্লাহ ﷺ- শেষ যামানায় উম্মতের মাঝে যে প্রলয়ঙ্করী ব্যাধির কথা ভবিষ্যদ্বানী করেছেন, তার সাথে সংশ্লিষ্ট বিষয় এগুলোই। এগুলোর মহব্বতই দুনিয়ার মহব্বত। পরবর্তী আলোচনা হতে ইন্‌শাআল্লাহ আমাদের বুঝে আসবে, আমরা দুনিয়া ত্যাগের ব্যাপারে সুন্নতের অনুসরণ থেকে কতটুকু দূরে!

০১. পরিবার-পরিজন: পিতা-মাতা, স্ত্রী, সন্তান-সন্ততি ও অন্যান্য

একজন মানুষের যিন্দেগীতে দুনিয়ার সবচেয়ে প্রভাবশালী উপাদান হচ্ছে নিকটতম পরিবার পরিজন। একদিকে তাদের সাথে হক তথা অধিকার আদায়ের সম্পর্ক (আল্লাহ তাআলা কর্তৃক সুনির্ধারিত প্রত্যেকেরই হক রয়েছে), অন্যদিকে তাদের সাথে আত্মিক মহব্বতের সম্পর্ক, যা একই সাথে আল্লাহ তাআলার পক্ষ হতে ধরণীর বুকে এক মহা নিয়ামত, আবার যখন আল্লাহ তাআলার হুকুম জিহাদ বাস্তবায়নের প্রশ্ন আসে, তখন এটিই হয়ে দাঁড়ায় সবচেয়ে বড় পরীক্ষা। তাই মহব্বত ও মহব্বত কুরবানীর মাঝে ভারসাম্য বিধান করা আবশ্যক, যাতে করে তাদের অধিকার আদায়ও হয়, তাদের প্রতি যথাযথ মহব্বত প্রদর্শনও হয়, আবার জিহাদের প্রয়োজনে তাদের মহব্বতকে কুরবানীও করা যায়। আল্লাহ তাআলা আমাদেরকে সরল পথ প্রদর্শন করুন। আমীন।

ক. পিতা-মাতার হক:

✓জীবিত অবস্থায় ৭টি:

১। আয্মত অর্থাৎ পিতা-মাতার প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

২। মনে-প্রাণে মহব্বত করা।

৩। তাদেরকে সর্বদা মেনে চলা।

৪। তাদের খিদমত করা।

৫। তাদের প্রয়োজন পূর্ণ করা।

৬। সর্বদা তাদের সুখ-শান্তির জন্য সর্বাত্মক চেষ্টা করা।

৭। নিয়মিত তাদের সাথে দেখা-সাক্ষাৎ করা ও খোজ-খবর নেওয়া।

✓মৃত্যুর পর ৭টি:

১। তাদের মাগফিরাতের জন্য দু'আ করা।

২। সাওয়াব রেছানী করা।

৩। তাদের সাথী-সঙ্গী ও আত্মীয়-স্বজনের সম্মান করা।

৪। তাদের সাথী-সঙ্গী ও আত্মীয়-স্বজনের সাহায্য-সহযোগিতা করা।

৫। তাদের ঋণ পরিশোধ এবং আমানত আদায় করা।

৬। তাদের শরী'আত সম্মত ওসিয়্যত পূর্ণ করা।

৭। মাঝে মাঝে তাদের কবর যিয়ারত করা।

✓এখানে উল্লেখ্য বিষয় হচ্ছে-

- ততক্ষণ পর্যন্ত পিতা-মাতার আনুগত্য চলবে, বরং আনুগত্য প্রদর্শন করা ফরয, যতক্ষণ পর্যন্ত তারা শরীয়তের ফরয, ওয়াযিব ও সুন্নতে মুয়াক্কাদা বিরোধী কোনো হুকুম না করে। তবে মুস্তাহাব আমালের ক্ষেত্রে পিতামাতার নিষেধ মানাই জরুরী, বরং এটিই দ্বীন। যেমন: পিতা-মাতা যদি বলেন, দাঁড়ি কাট-মানা যাবে না, তারা যদি বলেন, শিরক্ কর- মানা যাবে না, রোযা রেখনা- মানা যাবে না ইত্যাদি; যদি বলেন, দাঁড়িয়ে থাক- দাঁড়িয়ে থাকা সন্তানের উপর ফরয।

- পিতা-মাতা সন্তানের খেদমত পাওয়ার হকদার, কিন্তু 'সন্তান তার যিন্দেগী কিভাবে গড়বে অর্থাৎ রাসূলের যিন্দেগীর সাথে মিলিয়ে সে যিন্দেগী গড়বে'- এ ব্যাপারে বাধা দেয়ার অধিকার পিতা-মাতার নেই। আমার যিন্দেগীর গাইড্লাইন আল্লাহ ও তাঁর রাসূল ﷺ দিবেন, পিতামাতা

নন। এ ব্যাপারে পিতা-মাতা যদি বাধা হয়ে দাঁড়ায়, তাহলে সন্তানের উপর তা মান্য করা জায়েয নয়।

- বর্তমানে মুসলিম উম্মাহর অধিকাংশ অভিভাবক (পিতা-মাতা) প্রকৃতপক্ষে দ্বীনদার নয়। দ্বীনের কিছু বাহ্যিকতা রয়েছে, অস্বীকার করছি না, কিন্তু তারা সাহাবাওয়ালা মেজায লালন করেন না, যদিও তিনি একজন আলেম হন। এর প্রমাণ হলো, বর্তমানে বিশ্বব্যাপী মুসলমানদের উপর যুলুম নির্যাতনের মাত্রা সর্বোচ্চ চূড়ায় পৌঁছে গিয়েছে, এসময় উম্মতের প্রত্যেকের (সক্ষম পুরুষ, নারী, বালক, বয়স্ক সকলের) উপর জিহাদ 'ফরযে আ'ঈন'। একেতো এই পিতা-মাতাগুলোর নিজেরা হিজরত ও জিহাদের ব্যাপারে কোনো ফিকির নেই, আর সন্তান যদি জিহাদের নামও মুখে নেয়, তাহলে সর্বোচ্চ বাধা-বিপত্তি শুরু করে দেয়। যা তাদেরকে গুনাহে কবীরায় লিপ্ত করছে। অথচ এক্ষেত্রে সাহাবায়ে কেরামের সুন্নত কী ছিল? তাঁরা তো নিজেরাই জিহাদের ময়দানে ঝাঁপিয়ে পড়েছেন সর্বশক্তি দিয়ে, আবার তাঁরা তাঁদের দশ/বার বছরের ছেলেদেরকেও জিহাদে প্রেরণ করেছেন। বিখ্যাত ঘটনা! বদরের প্রান্তরে আবু জেহেলের হত্যাকারী কারা ছিলেন? হযরত মুআজ ইবনে আমর এবং মুআজ ইবনে আফরা রদিয়াল্লহু আনহুমা উভয়েই দশ বছরের বালক ছিলেন। সুবহানাল্লাহ! বর্তমানে উম্মতের মা-বাপেরা তাদের দশ বছরের সন্তানদেরকে বাজারেও পাঠায় না।

- বর্তমান সময়ে 'প্রকৃত দ্বীনের বুঝহীন' এই পিতা-মাতারা যদি সন্তানকে স্কুল, কলেজ, ভার্সিটির বিষবাষ্পে দহন করার জন্য পীড়াপীড়ি করে, তাহলে সন্তান তাদের পিতা-মাতার কথা না শুনলে তা মোটেও

'অবাধ্যতা' নয়। কেননা সহ-শিক্ষায় বাধ্য করা বা দুনিয়াবী শিক্ষায় বাধ্য করা (যা তার দ্বীনকে ধ্বংস করবে), সন্তানের ঈমান-আমল-আখিরাত ধ্বংস করার নামান্তর। এক্ষেত্রে আল্লাহ তাআলার হুকুম হলো পিতা-মাতার কথা মানা যাবে না। (৩১ সূরা লোকমান: ১৫) 'সন্তান ডাক্তার, ইঞ্জিনিয়ার, প্রশাসক, সরকারী চাকুরিজীবী ইত্যাদি হবে'- এগুলো তাদের জায়েয ইচ্ছা নয়, হতে পারে না। আল্লাহ তাআলা চান বান্দা এখন জিহাদ করুক (ফরযে আইন), আর পিতা-মাতা চাচ্ছেন ছেলে ডাক্তার, ইঞ্জিনিয়ার হোক, তাহলে তাদের এই আকাঙ্ক্ষা জায়েয হলো কিভাবে? মুফতী সাহেবরা হয়তো ফতোয়া দিবেন, আমাদের তো এসব সেক্টরে দ্বীনদার লোক লাগবে। কিন্তু যারা এই লাইনে পড়াশুনা করছে, এদের মাঝে হাজারে একজনও পাওয়া যাবে না, যে কিনা এসব পড়াশুনা করে দ্বীনদারী ঠিক রাখতে পারছে, গুনাহে কবীরা থেকে বাঁচতে পারছে। যতগুলো চোখের গুনাহ হচ্ছে, যতগুলো কানের গুনাহ হচ্ছে, যতগুলো অন্তরের গুনাহ হচ্ছে, এগুলোর দায়ভার কে নিবেন? এদের কবীরা গুনাহের ভার কি মুফতী সাহেবরা বহন করতে পারবেন? তাই এক্ষেত্রে সন্তান যদি পিতা-মাতার কথা না মানে তাহলে সে পিতা-মাতার অবাধ্য বলে গণ্য হবে না।

- যখন জিহাদ সকলের উপর ফরযে আঈন হয়ে যায়, জিহাদে যাওয়ার জন্য তখন পিতা-মাতার অনুমতির দরকার নেই। শহীদ ড. আব্দুল্লাহ আয্যাম রাহিমাহুল্লাহ বলেন, "ঈমান আনার পর প্রথম পরয হচ্ছে, মুসলিমদের ভূমিকে প্রতিরক্ষা করা। যদি মুসলিমদের ভূমির এক বিঘত পরিমাণের জায়গাও কুফ্ফাররা দখল করে নেয়, তখন প্রত্যেক মুসলিম নর ও নারীর উপর জিহাদ ফরযে আঈন হয়ে যায় (সবার উপর ফরয হয়ে

যায়)। ঐ মুহূর্তে জিহাদে বের হওয়ার জন্য পিতা-মাতার কাছ থেকে তার সন্তানের অনুমতি নেয়ার প্রয়োজন হয় না এবং স্বামীর কাছ থেকে তার স্ত্রীরও অনুমতি নেয়ার প্রয়োজন পড়ে না।"

- পিতা মাতা যদি দ্বীনের ব্যাপারে বাধা হয়, এমনকি তারা যদি শির্ক করারও হুকুম দেন, তাদের কথা মানা যাবে না, কিন্তু তাদের সাথে অসদ ব্যবহারও করা যাবে না, এমনকি বিরক্তিসূচক 'উফ্' শব্দটি পর্যন্ত বলা যাবে না, সর্বাবস্থায় পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করা ফরযে আঈন। এ সম্পর্কে মহান আল্লাহ তা'আলা বলেন-

"২৩. তোমার প্রতিপালকের চূড়ান্ত নির্দেশ, তাকে ছাড়া অন্য কারও ইবাদত করো না, পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করো, পিতা-মাতার কোনও একজন কিংবা উভয়ে যদি তোমার কাছে বার্ধক্যে উপনীত হয়, তবে তাদেরকে 'উফ্' পর্যন্ত বলো না এবং তাদেরকে ধমক দিও না; বরং তাদের সাথে সম্মানজনক কথা বলো। ২৪. এবং তাদের প্রতি মমতাপূর্ণ আচরণের সাথে তাদের সামনে নিজেকে বিনয়াবনত করো এবং দু'আ করো, হে আমার প্রতিপালক! তারা যেভাবে আমার শৈশবে আমাকে লালন-পালন করেছে, তেমনি আপনিও তাদের প্রতি রহমতের আচরণ করুন।" (সূরা বনী ইসরাঈল ১৭: ২৩-২৪)

আল্লাহ তাআলা আরো ইরশাদ করেন,
"পিতা-মাতা যদি তোমাকে আমার সাথে এমন বিষয়কে শরীক স্থির করতে পীড়াপীড়ি করে, যার জ্ঞান তোমার নেই; তবে তুমি তাদের কথা মানবে না এবং দুনিয়াতে তাদের সাথে সদ্ভাবে সহাবস্থান করবে।"(৩১ সূরা লোকমান: ১৫)

খ. স্ত্রীর হক:

- স্ত্রীর দ্বীনদারির খোঁজ-খবর রাখা, দ্বীনদারির মানসিকতা গড়ে উঠছে কিনা সে দিকে লক্ষ্য রাখা ও মেহনত করা। তাদেরকে পর্দার হুকুম করা এবং পর্দা করার ব্যবস্থা করে দেয়া। যেহেতু স্ত্রীরা ঘরের বাহিরে যেতে পারে না, উলামায়ে কেরামের মজলিসে যেতে পারে না, তাই তাদের জন্য প্রথম পীর তার স্বামী। স্বামীই তার স্ত্রীর দ্বীনদারির সকল ফিকির করবে।

- স্ত্রীর সাথে সদ্ভাবে জীবন যাপন করা, তাদের সাথে প্রেম-ভালোবাসার মধুর সম্পর্ক কায়েম করা। মনে রাখতে হবে, স্ত্রীরা পুরুষদের জন্য আল্লাহ তাআলার পক্ষ হতে আমানত। এই আমানত সম্পর্কে অবশ্যই আল্লাহ তাআলার কাছে জিজ্ঞাসিত হতে হবে। যেমন: আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَعَاشِرُوهُنَّ بِٱلْمَعْرُوفِ فَإِن كَرِهْتُمُوهُنَّ فَعَسَىٰٓ أَن تَكْرَهُوا۟ شَيْـًٔا
وَيَجْعَلَ ٱللَّهُ فِيهِ خَيْرًا كَثِيرًا

"স্ত্রীদের সাথে সদ্ভাবে জীবন-যাপন কর। অতঃপর যদি তাদেরকে অপছন্দ কর, তবে হয়তো তোমরা এমন এক জিনিসকে অপছন্দ করছ, যাতে আল্লাহ অনেক কল্যাণ রেখেছেন।" (৪ সূরা নিসা: ১৯)

আল্লাহ তাআলা আরো ইরশাদ করেন,

هُنَّ لِبَاسٌ لَّكُمْ وَأَنتُمْ لِبَاسٌ لَّهُنَّ

"তারা তোমাদের পরিচ্ছদ এবং তোমরা তাদের পরিচ্ছদ।" (২ সূরা বাকারা: ১৮৭)

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, "তোমাদের মধ্যে সেই সবচেয়ে উত্তম, যে তার স্ত্রীর নিকট সর্বোত্তম।"

- স্ত্রীর ভরণ-পোষণের সম্পূর্ণ দায়িত্ব স্বামীর উপর।

গ. সন্তানের হক:

- সন্তানের মাতা হিসেবে নেক স্ত্রী বিবাহ করা।
- জন্মের পর সপ্তম দিন আকীকা করা ও উত্তম নাম রাখা।
- আল্লাহ ও তাঁর রাসূলের মহব্বত, আহলে বাইতের মহব্বত এবং সাহাবায়ে কেরামের মহব্বত শিক্ষা দেওয়া। এজন্য তাদেরকে ছোট থেকেই নবীজী ﷺ- এর সীরাত, সাহাবায়ে কেরামের ঈমানদীপ্ত ঘটনা বেশী বেশী শুনানো।
- কুরআন শিক্ষা দেওয়া।
- প্রয়োজনীয় মাসআলা-মাসাইল ও দ্বীনী ইলম শিক্ষা দেয়া।
- যুদ্ধ বিদ্যা শিক্ষা দেওয়া।
- পরিণত বয়স হলে দ্বীনদার মেয়ে দেখে বিবাহ দেয়া।

হযরত উমর ইবনুল খাত্তাব রদিয়াল্লহু আনহু খলীফা থাকা অবস্থায় শামের অধিবাসীদের নিকট এই বলে পত্র পাঠালেন, "তোমরা তোমাদের ছেলে সন্তানদের সাঁতার, তীর চালনা ও অশ্বারোহন প্রশিক্ষণ দাও। আর তাদেরকে যুদ্ধের সকল কলাকৌশল অর্জনের নির্দেশ দাও।" (তাম্বীহুল গাফেলীন, পৃ. ৪৪০)

অপরিচিত ইসলাম........

হযরত নূহ আলাইহিস্ সালামের ঘটনা থেকে শিক্ষা:

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

"৩৬. আর নূহ (আঃ) এর প্রতি ওহী প্রেরণ করা হলো যে, যারা ইতোমধ্যেই ঈমান এনেছে, তাদের ছাড়া আপনার জাতির অন্য কেউ ঈমান আনবে না, অতএব তাদের কার্যকলাপে আপনি বিমর্ষ হবেন না।

৩৭. আর আপনি আমার সম্মুখে আমারই নির্দেশ মোতাবেক একটি নৌকা তৈরী করুন এবং পাপিষ্ঠদের ব্যাপারে আমাকে কোনো কথা বলবেন না। অবশ্যই তারা ডুবে মরবে।.......

৪০. অবশেষে যখন আমার হুকুম এসে পৌঁছাল এবং ভূপৃষ্ঠ উচ্ছ্বসিত হয়ে উঠল,.......

৪২. আর নৌকাখানি তাদের (মুমিনদের) বহন করে চলল পর্বত প্রমাণ তরঙ্গমালার মধ্যে, আর নূহ (আঃ) তাঁর পুত্রকে ডাক দিলেন আর সে সরে রয়েছিল, তিনি বললেন, প্রিয় বৎস! আমাদের সাথে আরোহন কর এবং কাফেরদের সাথে থেকো না।

৪৩. সে বলল, আমি অচিরেই কোনো পাহাড়ে আশ্রয় নেব, যা আমাকে পানি হতে রক্ষা করবে। নূহ (আঃ) বললেন, আজকের দিনে আল্লাহর হুকুম থেকে কোনো রক্ষাকারী নেই। একমাত্র তিনি যাকে দয়া করবেন। এমন সময় উভয়ের মাঝে তরঙ্গ আড়াল হয়ে দাঁড়াল, ফলে সে নিমজ্জিত হল।.......

৪৫. আর নূহ (আঃ) তাঁর পালনকর্তাকে ডেকে বললেন, হে পরওয়ারদেগার! আমার পুত্র তো আমার পরিজনদের অন্তর্ভূক্ত; আর

আপনার ওয়াদাও নিঃসন্দেহে সত্য আর আপনিই সর্বাপেক্ষা বিজ্ঞ ফয়সালাকারী।

৪৬. আল্লাহ বলেন, হে নূহ! *নিশ্চয় সে আপনার পরিবারভূক্ত নয়। নিশ্চয়ই সে দুরাচার!* সুতরাং আমার কাছে এমন দরখাস্ত করবেন না, যার খবর আপনি জানেন না। আমি আপনাকে উপদেশ দিচ্ছি, আপনি অজ্ঞদের দলভূক্ত হবেন না।

৪৭. নূহ (আঃ) বললেন, হে আমার পালনকর্তা, আমার জানা নেই এমন কোনো দরখাস্ত করা হতে আমি আপনার কাছেই আশ্রয় প্রার্থনা করছি। আপনি যদি আমাকে ক্ষমা না করেন, দয়া না করেন, তাহলে আমি ক্ষতিগ্রস্ত হব।" (১১ সূরা হূদ)

উপর্যুক্ত ঘটনাটিতে আল্লাহ তাআলা আমাদেরকে কতগুলো গুরুত্বপূর্ণ উপদেশ দিয়েছেন-

- ✓ আল্লাহ তাআলার কাছে পারিবারিক বন্ধনের প্রকৃত মাপকাঠি 'রক্তের সম্পর্ক' নয়। বরং 'দ্বীনদারীর সম্পর্ক'।
- ✓ যদি দ্বীনদারী না থাকে 'সে আমার পরিবারভূক্ত নয়', যদিও তার সাথে আমার রক্তের সম্পর্ক বিদ্যমান এবং সে আমার খুব মহব্বতের নিকটাত্মীয় হয়, হোক সে আমার পিতা-মাতা, স্ত্রী, সন্তান-সন্ততি, কিংবা ভাই-বোন।
- ✓ যারা আমার দ্বীনদারীর ব্যাপারে সহযোগী, প্রকৃত ইসলামের অনুসারী, আল্লাহ এবং তাঁর রাসূলের আনুগত্যের ব্যাপারে আমার সহযোগী, তারাই মূলত আমার পরিবারভূক্ত। আর যারা দ্বীন মানার ক্ষেত্রে আমার জন্য প্রতিবন্ধকতা সৃষ্টি করে, তারা আমার 'পরিবারভূক্ত' নয়।

✓ মৃত্যুর সাথে সাথে রক্তের সম্পর্কের আর কোনো দাম থাকে না, যদি না দ্বীনদারীর সম্পর্ক না থাকে।

✓ যারা পারিবারিক সম্পর্ক নির্ণয়ে রক্তের সম্পর্ককে প্রাধান্য দেয়, দ্বীনদারীর সম্পর্কে প্রাধান্য না দেয়, তারা অজ্ঞদের অন্তর্ভূক্ত।

✓ সহীহ ইসলামের উপর চলনেওয়ালা সকল মুসলিম এক মিল্লাত, এক পরিবারভূক্ত, সকলেই আমার পরিবারিক সদস্য। কেননা রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,

اِنَّمَا الْمُسْلِمُوْنَ اِخْوَةٌ

"নিশ্চয়ই মুসলমানরা পরস্পরের ভাই।"

তাই আল্লাহ পাকের নেক বান্দারা দুনিয়ার যে প্রান্তেই থাকুক না কেনো তারা সকলে এক পরিবার। আবার এক ছাদের নিচে বসবাসকারী পিতামাতা, ভাইবোন এক পরিবার নয়, যদি তাদের কেউ দীনদার ও অন্যরা দীনহারা হয়।

✓ আল্লাহ তাআলার আযাব আসলে, কেবল সহীহ দ্বীনদারকেই আল্লাহ তাআলা রক্ষা করেন।

✓ এগুলোই আল্লাহ পাকের ফয়সালা।

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ لَا تَتَّخِذُوٓاْ ءَابَآءَكُمْ وَإِخْوَٰنَكُمْ أَوْلِيَآءَ إِنِ ٱسْتَحَبُّواْ ٱلْكُفْرَ عَلَى ٱلْإِيمَٰنِ وَمَن يَتَوَلَّهُم مِّنكُمْ فَأُوْلَٰٓئِكَ هُمُ ٱلظَّٰلِمُونَ

"তোমরা যারা ঈমান এনেছ! যদি তোমাদের পিতা ও ভাইয়েরা কখনো ঈমানের ওপর কুফুরীকে (প্রাধান্য দিতে) বেশি ভালোবাসে, তাহলে তোমরা এমন লোকদের কখনো বন্ধু/অভিভাবকরূপে গ্রহণ করো না; তোমাদের মধ্যে যারা এদের বন্ধু/অভিভাবকরূপে গ্রহণ করবে, তারা (সুস্পষ্ট) যালেম।" (০৯ সূরা তাওবাহ: ২৩)

হযরত ইবরাহীম আলাইহিস্ সালামের আদর্শ (মিল্লাতে ইবরাহীম):

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

لَن تَنفَعَكُمْ أَرْحَامُكُمْ وَلَآ أَوْلَٰدُكُمْ يَوْمَ ٱلْقِيَامَةِ يَفْصِلُ بَيْنَكُمْ وَٱللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿٣﴾ قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِيٓ إِبْرَٰهِيمَ وَٱلَّذِينَ مَعَهُۥ.......

"৩. তোমাদের স্বজন পরিজন ও সন্তান-সন্ততি কিয়ামতের দিন কোনো উপকারে আসবে না। তিনি তোমাদের মধ্যে ফয়সালা করবেন। তোমরা যা কর, আল্লাহ তা দেখেন। ৪. তোমাদের জন্যে ইবরাহীম ও তার সঙ্গীদের মধ্যে চমৎকার আদর্শ রয়েছে......... ।"

(৬০ সূরা মুমতাহানা: ৩-৪)

আল্লাহ তাআলা আরো ইরশাদ করেন,

وَٱعْلَمُوٓاْ أَنَّمَآ أَمْوَٰلُكُمْ وَأَوْلَٰدُكُمْ فِتْنَةٌ وَأَنَّ ٱللَّهَ عِندَهُۥٓ أَجْرٌ عَظِيمٌ ﴿٢٨﴾

"জেনে রেখো, তোমাদের মাল-সম্পদ ও সন্তান-সন্ততি হচ্ছে (আল্লাহ তাআলার) পরীক্ষামাত্র (তিনি দেখবেন, তাঁর ডাকে তোমরা এগুলোকে কুরবানী করতে পারো কিনা), (আর যে ব্যক্তি এ পরীক্ষায় উত্তীর্ণ হবে) তার জন্য অবশ্যই আল্লাহ তাআলার কাছে মহা প্রতিদান রয়েছে।"

(৮ সূরা আনফাল: ২৮)

উপরের আয়াত দুটি থেকে আমরা কী কী শিক্ষা পাই?

✓ আমাদের পিতা-মাতা, স্ত্রী, সন্তান-সন্ততি, আত্মীয়-স্বজন এত মহব্বতের হওয়া সত্ত্বেও, তাদের জন্য আমাদের যিন্দেগীর সকল মেহনত-কষ্ট উৎসর্গ করা সত্ত্বেও, তাদের জন্য আমাদের মাথার ঘাম পায়ে ফেলে আয় রোজগার করে খাওয়ানোর পরেও, তারা আখিরাতে হাশরের ময়দানে আমাদের কোনোই কাজে আসবেনা। যেমন আল্লাহ তাআলা আরেক আয়াতে বলেছেন,

يَوْمَ يَفِرُّ ٱلْمَرْءُ مِنْ أَخِيهِ وَأُمِّهِ وَأَبِيهِ وَصَاحِبَتِهِ وَبَنِيهِ

"সেদিন মানুষ পালাতে থাকবে তার নিজের ভাইয়ের কাছ থেকে, মায়ের কাছ থেকে, বাপের কাছ থেকে এবং নিজের স্ত্রী-সন্তানদের কাছ থেকে।" (সূরা আবাসা:৩৪-৩৬)

✓ তাহলে আল্লাহ তাআলা পৃথিবীতে পারিবারিক বন্ধনে আমাদেরকে কেন আবদ্ধ করলেন? কারণ, এক. পৃথিবীতে মানব সমাজের ধারা অব্যাহত রাখা এবং দুই. আমাদেরকে পরীক্ষা করা যে, আমরা আল্লাহ তাআলার হুকুমের সামনে এই আত্মীক সম্পর্ক ছিন্ন করে ময়দানে ঝাঁপিয়ে

পড়তে পারি কিনা। যারাই এই পরীক্ষায় উত্তীর্ণ হবে, তাদের জন্য ও তার উসীলায় তার পরিবারের সদস্যদের জন্য আখিরাতে রয়েছে জান্নাতুল ফিরদাউসের প্রতিশ্রুতি।

✓ তাহলে বুঝা গেল, বাহ্যিক দৃষ্টিতে মনে হচ্ছে, যে মুজাহিদ তার স্ত্রী, সন্তান-সন্ততি ফেলে রেখে ময়দানে চলে গেল তাদেরকে সে কষ্টের মাঝে রেখে গেল, প্রকৃতপ্রস্তাবে সে তাদের উপর এহসান (অনুগ্রহ) করলো, কেননা দুনিয়ার এই কিছুদিনের কষ্টের বিনিময়ে তার পরিবারের লোকজন আখিরাতে জান্নাতুল ফিরদাউস পাবে, যা তারা নিজের আমল দ্বারা লাভ করতে পারতো না অথবা তাদের আমল তাদেরকে জাহান্নামে পৌঁছাত, কিন্তু মুজাহিদের শাফায়াতের দরুন তারা পরকালে জাহান্নাম হতে মুক্তি পেয়ে জান্নাতুল ফেরদাউস লাভ করবে। যেমন, হাদীসে এসেছে, "একজন শহীদের সুপারিশে তার সত্তরজন আত্মীয়কে জান্নাত দান করা হবে।" (তিরমিযী ও ইবনে মাজাহ শরীফ)। সুতরাং এর চেয়ে বড় সফলতা আর কী হতে পারে?

✓ আল্লাহ তাআলা বললেন, হযরত ইবরাহীম আলাইহিস্ সালামের মাঝে আমাদের জন্য আদর্শ রয়েছে। কী আদর্শ? আমাদের পিতা হযরত ইবরাহীম আলাইহিস্ সালামকে আল্লাহ তাআলা অনেক বার অনেক বড় বড় পরীক্ষা করেছেন, যার সবগুলোই তিনি সফলতার সাথে উত্তীর্ণ হয়েছেন। আর তাঁর এই ঘটনাগুলোকে আল্লাহ তাআলা আমাদের জন্য আদর্শ সাব্যস্ত করেছেন। হযরত ইবরাহীম আলাইহিস্ সালাম-এর স্ত্রী হাজেরা (আঃ) বন্ধ্যা ছিলেন। তিনি যখন বার্ধক্যে পৌঁছেছেন, তখন আল্লাহ তাআলা ফেরেশতা পাঠিয়ে স্বীয় কুদরতে একজন পুত্র সন্তানের সুসংবাদ দেন। তাঁর নাম হযরত ইসমাঈল আলাইহিস্ সালাম। বার্ধক্যে লব্ধ এই

পুত্র সন্তানকে তিনি খুব ভালোবাসতেন। হঠাৎ একদিন স্বপ্নে হযরত ইবরাহীম আলাইহিস্ সালামকে আদেশ করা হলো তিনি যেন আদরের পুত্র ইসমাঈল আলাইহিস্ সালামকে কুরবানী (জবেহ) করেন। সাথে সাথে তিনি প্রস্তুত হয়ে গেলেন। মীনার পাহাড়ের উপর পুত্রকে নিয়ে গিয়ে হাত-পা-চোখ বেঁধে গলায় ছুরি চালালেন। কিন্তু হযরত ইসমাঈল আলাইহিস্ সালাম জবেহ হননি, আল্লাহ তাআলা জান্নাত হতে একটি দুম্বা প্রেরণ করেন যা জবেহ হয়ে যায়। আল্লাহ তাআলা তাঁর এই কুরবানীকে কবুল করেন।

ঘটনাটির শিক্ষা- এমন হয়নি যে, ইবরাহীম আলাইহিস্ সালাম ছুরি নিয়ে তৈয়ার আর আল্লাহ তাআলা বলেছেন, ইবরাহীম, তুমি পাশ করেছ। বরং তিনি ছুরি চালানোর পর বলেছেন, এবার তুমি পাশ করেছ। আসলে তিনি সন্তানের কুরবানি করেননি, আল্লাহর সামনে সন্তানের মহব্বতকে কুরবানি করেছেন। তিনি তো সন্তানের গলায় ছুরি চালাননি, তিনি ছুরি চালিয়েছেন সন্তানের মহব্বতের গলায়। আল্লাহ তাআলার জন্য তিনি দুনিয়ার সবকিছু এভাবে কুরবানী করতে প্রস্তুত, তিনি এটিই প্রমাণ করে দেখালেন।

✓ হযরত ইবরাহীম আলাইহিস্ সালামের জীবনের আরেকটি বড় শিক্ষণীয় ঘটনা হলো- আল্লাহ তাআলা হযরত ইবরাহীম আলাইহিস্ সালাম-কে বললেন, তুমি তোমার স্ত্রী হাজেরা ও সন্তান ইসমাঈল আলাইহিস্ সালামকে জনমানবহীন প্রান্তরে মক্কা উপত্যকায় রেখে আস। তিনি 'একদিন চলে পরিমান' অল্প কিছু খাবার আর পানি দিয়ে তাদেরকে এমন এক জায়গায় রেখে গেলেন যেখানে না আছে বসতি, না আছে

খাবার, না আছে পানি। কেবল আল্লাহ তাআলার হুকুমকে বাস্তবায়ন করতে আল্লাহ তাআলার উপর ভরসা করে নির্জন মক্কা উপত্যকায় রেখে আসেন।

ঘটনাটির শিক্ষা- এই ঘটনাটি মুজাহিদ ভাইদের জন্য হৃদয়ের প্রশান্তি, মনের বল। আমি যদি আমার পরিবার পরিজনদের রেখে আল্লাহর রাস্তায় বেরিয়ে যাই, তাহলে আল্লাহ পাক তাদেরকে সেভাবে হেফাযত করবেন যেভাবে করেছিলেন হযরত হাযেরা ও হযরত ইসমাঈল আলাইহিস্ সালামকে।

আমরা যারা ঘরে বসে আছি, তাদেরকে জিহাদের কথা বলা হলেই আমরা চিন্তা করি আমি যদি জিহাদে চলে যাই, তাহলে আমার স্ত্রী-সন্তানদের কী হালত হবে? কিন্তু আমরা এটা চিন্তা করি না যে, আমিতো ঘরে পড়ে আজকেও মরতে পারি। তখন আমার স্ত্রী-সন্তানদের কে দেখবে? আসলে আমরা মনে হয় নিজেদেরকে আমাদের স্ত্রী-সন্তানের রব (প্রতিপালক) মনে করি! যে মুসলমান হবে, সে তো একথা একীন করবে, আমারও একজন প্রতিপালক আছেন, আর আমার স্ত্রী-সন্তানেরও প্রতিপালক (রব) সেই একজনই। আমাকে যিনি খাওয়াবেন, তাদেরকেও তিনিই খাওয়াবেন। আমি চলে গেলে তাদেরকে দেখার জন্য আমার আব্বা-আম্মা, শ্বশুর-শ্বাশুড়ী আছে, তারা দেখবে। উহু, হলো না! তারাও আমার স্ত্রী-সন্তানের রব নয়। তারা দেখলেও আল্লাহ আমার স্ত্রী সন্তানদের প্রতিপালন করবেন, তারা না দেখলেও বা তারা কেউ না থাকলেও আল্লাহ তাআলা আছেন, তিনিই স্ত্রী-সন্তানদের প্রতিপালন করবেন। আমি কাছে থাকা অবস্থায় যিনি খাওয়াচ্ছেন, আমি বা অন্য কেউ না থাকলেও তিনিই খাওয়াবেন। বিয়ের আগে আমার স্ত্রীকে তার পিতা পালেন নি, পেলেছিলেন আল্লাহ, বিয়ের পরেও আমি তাকে পালছি না, পালছেন আমার আল্লাহ, আমার

অনুপস্থিতিতে কিংবা তাদের সাথে নিয়ে হিজরত করলে সেখানেও তাদের পালবেন আল্লাহ। রব তো আমি না, আমার আল্লাহ!

- উপরের আলোচনার সারাংশ হচ্ছে- আমাদের জন্য জরুরী হলো প্রথমে নিজের পরিবারকে চিহ্নিত করা। বাবা-মা, ভাই-বোনদেরকে আল্লাহ পাক পরীক্ষা নেওয়ার জন্য সৃষ্টি করেছেন, আমাদেরকে তাদের প্রতি কিছু দায়িত্ব দিয়েছেন। যদি আমরা সেই দায়িত্ব পূরণ করি তাহলে আমরা পরীক্ষায় সফল, অন্যথায় ব্যর্থ। কিন্তু এই দায়িত্ব পূরণ যেনো আমাদের দীনের উপর চলতে বাধা না দেয়। তাহলে সব বৃথা। হাশরের ময়দানে তখন এরা কেউ আমার কোনো কাজে আসবে না। তাই খুব খেয়াল রাখতে হবে, দুনিয়ার পারিবারিক বন্ধন যেনো আমাদের দীনের জন্য প্রতিবন্ধক না হয়। যদি এরা দীনদার হয়, তাহলে এদেরকে সাথে নিয়ে চলতে হবে। তখন এরা দুনিয়া ও আখিরাতে পরস্পরের জন্য উপকারী হবে। আর যদি এরা দীনের জন্য বাধাদানকারী হয়, তাহলে এরা আমার জন্য মিত্র নয়। তখন এদেরকে আল্লাহর দিকে দাওয়াত দিতে হবে। না মানলে পরিত্যাগ করতে হবে। এই জন্যই সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমগণ নিজেদের পিতামাতা আত্মীয় স্বজন সকলকে ছেড়ে মক্কা থেকে মদীনাতে হিজরত করেছিলেন। এই জন্যই আবু উবাইদাহ ইবনুল জাররাহ রদিয়াল্লহু আনহু বদরের যুদ্ধে তার কাফের পিতাকে হত্যা করেছিলেন। পারিবারিক বাধাকে উপেক্ষা করে দীনের জন্য কদম বাড়ানো- এটিই সাহাবায়ে কেরামের আদর্শ।

বিদায়ী অসীয়তনামা

স্ত্রীর প্রতি বীর মুজাহিদ আনোয়ার পাশার চিঠি

হযরত আনোয়ার পাশা রাহিমাহুল্লাহ ঐসব বীর মুজাহিদদের অন্তর্ভূক্ত, যারা গোটা যিন্দেগী ইসলামের দুশমনদের বিরুদ্ধে জিহাদের ময়দানে ব্যয় করেছেন এবং যাদের বুকের তাজা রক্তে রচিত হয়েছে যুগে যুগে ইসলামের ইতিহাস। অবশেষে রুশ বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করতে করতে শাহাদাতের চির অমীয় সুধা পান করেন। তিনি জিহাদের উত্তপ্ত ময়দান হতে তাঁর প্রাণপ্রিয়া স্ত্রী শাহ্জাদী নাজিয়া সুলতানার নামে একটি পত্র প্রেরণ করেছিলেন, যা পরবর্তীতে তুর্কী পত্রিকাগুলোতে প্রকাশ করা হয়েছে। আর সেখান থেকে অনুবাদ হয়ে ২২ এপ্রিল, ১৯২৩ ঈসায়ী তারিখে হিন্দুস্তানী পত্রিকাগুলোতে প্রকাশিত হয়। এই চিঠিটি বিপুল আলোড়ন সৃষ্টিকারী, কালজয়ী, আবেগময় ও শিক্ষণীয়, আর আল্লাহ তাআলা, তাঁর রাসূল ﷺ ও তাঁর পথে জিহাদ করাকে সবচেয়ে বেশি ভালোবাসার এক উজ্জ্বল দৃষ্টান্ত। তাই চিঠিটি হতে আমাদের প্রত্যেককেই শিক্ষা গ্রহণ করা উচিত।

জীবনসঙ্গিনী আমার!

জীবন পথের একমাত্র পাথেয়, আনন্দ দানকারিনী প্রিয়া আমার!

সু-উচ্চ ও সু-মহান সত্ত্বা তোমার সংরক্ষক। তোমার শেষ পত্র আমার হাতে এসে পৌঁছেছে। বিশ্বাস কর, তোমার এই পত্র সর্বদা বুকে জড়িয়ে রাখব। তোমার মায়ামাখা, প্রেমভরা স্নিগ্ধ অবয়ব আমি তো আর দেখতে পারব না, কিন্তু পত্রের ছত্রে ছত্রে, পরতে পরতে, অক্ষরসমূহে তোমার আঙ্গুলসমূহের নড়াচড়ার দৃশ্য যেন আমি দেখতে পাচ্ছি, যে আঙ্গুলিগুলো আমার চুল নিয়ে মাঝে মাঝে খেলা করত। তাবুর রশিগুলোতে মাঝে মাঝে তোমার চেহারার আলোকচ্ছটা ও প্রতিচ্ছবি ভেসে উঠে। তোমার অবয়বের ঝিলিক সর্বদা দৃষ্টিতে অনুভব করি।

আহ্! তুমি লিখেছ, আমি তোমাকে ভুলে গিয়েছি, আর তোমার অকৃত্রিম ভালোবাসা ও প্রেমের প্রতি কোনো ভ্রূক্ষেপ আমার নেই। তুমি লিখেছ, তোমার সোহাগ ও মহব্বতপূর্ণ হৃদয়কে ভেঙে চুরমার করে দিয়ে এই দূর-দূরান্তে বিধ্বস্ত রণাঙ্গনে আগুন ও রক্ত নিয়ে আমি খেলা করছি। আর আমার এদিকে খেয়াল নেই যে, একজন নারী আমার বিচ্ছেদে সারারাত তন্দ্রাহীন নয়নে জেগে জেগে ছটফট করে আর তারকারাজি গণনা করতে থাকে। তুমি লিখেছ যে, আমার জিহাদের সাথে মহব্বত আর তরবারির সাথে প্রেম। কিন্তু কথাগুলো লেখার সময় ঘুর্ণাক্ষরেও তোমার এ কথা চিন্তায় আসেনি, তোমার এই শব্দ সম্ভার, যা তুমি অকৃত্রিম ভালোবাসা ও খাঁটি মহব্বতের

গীতিতে লিখেছ, তা আমার হৃদয়ের রক্ত কিভাবে ঝরাবে, কিভাবে আমাকে হত্যা করবে?

ওগো প্রিয়া! আমি কিভাবে তোমাকে বিশ্বাস করাব, এই সুন্দর বসুন্ধরায় তোমার চেয়ে সুন্দর আর প্রিয় আমার কাছে আর কিছুই নেই। তুমিই আমার সকল ভালোবাসার শেষ পরিধি! আমার মন আমি কাউকে কোনো দিন দেই নি, কাউকে কোনো দিন ভালোবাসিনি, কিন্তু কেবল তুমিই এমন, যে আমার হৃদয়কে আমার কাছ থেকে ছিনিয়ে নিয়েছ। ভাগ্যলিপি থেকে আমাকে তুমিই অপহরণ করে আমাকে তোমার দাস বানিয়েছ। বল, এরপর কিভাবে তোমার থেকে পৃথক হব, হে আমার প্রাণের প্রশান্তি? তোমার এমন প্রশ্ন যথাযোগ্য।

শোন! আমি তোমার থেকে এই জন্য পৃথক হই নি যে, আমি ধন-সম্পদের অন্বেষী, লোভী ব্যক্তি। এ জন্যও পৃথক হই নি যে, আমার জন্য শাহী সিংহাসন কায়েম করছি, যেমনটি আমার শত্রু পক্ষ প্রচার করছে। আমি তোমার থেকে কেবল এই জন্য পৃথক হয়েছি যে, আল্লাহ তাআলার ফরয বিধান আমাকে এখানে নিয়ে এসেছে। 'জিহাদ ফী সাবীলিল্লাহ'-র চেয়ে বড় কোনো গুরু দায়িত্ব আর নেই। এটাই এমন ফরয কাজ, যার নিয়্যত করার দ্বারাই জান্নাতুল ফিরদাউস অবধারিত হয়ে যায়। আলহামদুলিল্লাহ! আমি কেবল এই ফরযের নিয়্যত-ই করিনি; বরং তা বাস্তবে আঞ্জাম দিয়ে যাচ্ছি। তোমার বিচ্ছেদ আমার অন্তরে সর্বদা এমন এক করাত চালনা করে, যা অবর্ণনীয় ব্যথা সৃষ্টিকারী, তবে এই বিরহে আমি অত্যন্ত খুশি। কেননা, তোমার অকৃত্রিম প্রেম ও ভালোবাসা এমন

এক অমূল্য জিনিস, যা আমার দৃঢ় ইচ্ছা ও সিদ্ধান্তের জন্য সবচেয়ে বড় পরীক্ষা ও চ্যালেঞ্জ ছিল!

আল্লাহ তাআলার হাজার শুকরিয়া যে, আমি এই পরীক্ষায় পূর্ণভাবে উত্তীর্ণ হয়েছি। আর আল্লাহর মহব্বত এবং তার হুকুমকে নিজের মহব্বত ও মনের চাহিদার উপর প্রাধান্য দিতে সক্ষম হয়েছি। তোমারও সন্তুষ্ট ও রাজি থাকা এবং আল্লাহর কৃতজ্ঞতা ও প্রশংসা করা উচিত যে, তোমার স্বামী এত মজবুত ঈমান রাখেন যে, সে নিজে তোমার মহব্বতকে আল্লাহর মহব্বতের উপর কুরবানী করেছে।

তোমার উপর তরবারীর দ্বারা জিহাদ করা ফরয নয়, কিন্তু তুমিও জিহাদের হুকুম থেকে বাহিরে বা মুক্ত নও। তোমার জিহাদ হলো, তুমিও নিজের মন ও ভালোবাসার উপর আল্লাহর চাহিদা ও ভালোবাসাকে প্রাধান্য দিবে। স্বীয় স্বামীর সাথে প্রকৃত মহব্বতের আত্মীয়তাকে আরো মজবুত রাখবে।

লক্ষ্য কর, কখনো এই দুআ করবে না, তোমার স্বামী জিহাদের ময়দান থেকে যে কোনো ভাবেই হোক সুস্থ ও নিরাপদে তোমার প্রেমের কোলে ফিরে আসুক। এটা হবে নিজ স্বার্থ পূরণের দুআ। আর এটা আল্লাহর কাছে পছন্দনীয়ও নয়। অবশ্য তুমি এমন দুআ করতে থাকো, আল্লাহ যেন তোমার স্বামীর জিহাদকে কবুল করেন, তাকে কামিয়াবীর সাথে ফিরিয়ে আনেন, অন্যথায় শাহাদাতের অমীয় সুধা তাকে পান করান। তুমি জান, আমার মুখ কখনো শরাব দ্বারা নাপাক হয়নি; বরং সর্বদা কুরআন তিলাওয়াত ও যিকির দ্বারা তরতাজা ছিল।

ওগো প্রাণের প্রিয়া!

আহ্! সেই মুহূর্ত কতই না মুবারক হবে, যখন আল্লাহর রাহে এই মস্তক, যাকে তুমি খুব সুন্দর বলতে, শরীর থেকে বিচ্ছিন্ন হয়ে ছিন্ন-ভিন্ন হয়ে যাবে! সেই শরীর তোমার মহব্বতের দৃষ্টিতে সিপাহীদের শরীর নয়; বরং মাশুকদের নয়নসমূহের ন্যায় কোমল। আনোয়ারের সবচেয়ে বড় আশা ও আকাঙ্ক্ষা হলো, সে শহীদ হয়ে যাবে। আর বীর শ্রেষ্ঠ হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহুর সাথে যেন তার হাশর নাশর হয়। দুনিয়া ক্ষণস্থায়ী। মৃত্যু তো সুনিশ্চিত। তাহলে মৃত্যুকে ভয় পাওয়ার কি অর্থ হতে পারে?

যখন মৃত্যু আসবেই, তাহলে মানুষ কেন বিছানায় পড়ে শুয়ে শুয়ে মৃত্যুবরণ করবে? আল্লাহর রাহে শাহাদাতের মরণ তো মরণ নয়; বরং ওটাই প্রকৃত জীবন, অবিনশ্বর জীবন।

প্রিয় নাজিয়া! আমার অসীয়ত শুনে নাও।

যদি আমি শহীদ হয়ে যাই, তাহলে আমার ছোট ভাই স্বীয় দেবর নূরী পাশার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে নিবে। তোমার পরে আমার কাছে তারই স্থান। আমি চাই যে, আমার আখিরাতমুখী সফরের পরে সে সারা জীবন বিশ্বস্ততার সাথে আস্থা ভরে তোমার খেদমত করে যাবে।

আমার দ্বিতীয় অসীয়ত এই যে, তোমার যতজন সন্তান-ই হোক না কেন, সকলকে আমার জীবনীর কথা শুনাবে। আর সকলকে জিহাদের ময়দানে ইসলাম ও দেশের খেদমতে প্রেরণ

করবে। যদি তুমি এমন না কর, তাহলে স্মরণ রেখ, আমি জান্নাতে তোমার প্রতি অসন্তুষ্ট থাকব।

আচ্ছা! প্রিয়া নাজিয়া! বিদায়! জানি না, আমার অন্তর বলছে, এই পত্রের পর হয়তো তোমাকে আর কোনো পত্র লিখতে পারবো না। আজব কী, হতে পারে কালকেই শহীদ হয়ে যাবো। দেখ, তুমি ধৈর্য্য ধারণ করবে। তুমি আমার শাহাদাতে দুশ্চিন্তার পরিবর্তে আনন্দিত হবে যে, আল্লাহর রাহে আমি ব্যবহৃত হওয়া তোমার জন্য গৌরবের বিষয়।

সোনা আমার! এখন বিদায় নিচ্ছি। আমার কল্পনার জগতে তোমাকে শেষবারের মতো আরেকবার আলিঙ্গন করলাম, বিদায়ী চুমু খেলাম। ইনশাআল্লাহ, জান্নাতে দেখা হবে। এর পরে আর কোনো দিন তোমার-আমার বিচ্ছেদ হবে না।

তোমার আনোয়ার।

-তুরকানে আহবার' থেকে সংকলিত
লেখক: আব্দুল মজীদ আতীক্বি, পৃ: ১২৭-১৩০

উল্লেখ্য, হযরত আনোয়ার পাশা রাহিমাহুল্লাহ চিঠিটি লিখার ঠিক পরের দিনই শাহাদাত বরণ করেন। আল্লাহ তাআলা তার শাহাদাতকে কবুল করেন, জান্নাতুল ফিরদাউসে উচ্চ মর্তবা দান করেন। আমাদেরকেও তাঁর সাথী হিসেবে শহীদী কাফেলার অন্তর্ভূক্ত করে নেন। আমীন।

পিতা মাতার প্রতি বিদায়ী চিঠিঃ

পরম শ্রদ্ধেয় মা-বাবা আমার!

আস্‌সালামু আলাইকুম ওয়া রহমাতুল্লহ!

আল্লাহ তাআলা হুকুম করেছেন যেন আমি তাঁর প্রতি ঈমান আনি, তাঁর সাথে কাউকে শরীক না করি এবং পিতা মাতার অনুগত থাকি, আপনাদের মহব্বত করি, আপনাদের খেদমত করি। এগুলো সন্তান হিসেবে আমার উপর ফরয (অবশ্য করণীয়) দায়িত্ব। এগুলো আমাকে করতেই হবে। একই সাথে বিশ্বজগতের পালনকর্তা মহান আল্লাহ তাআলা আমাকে হুকুম করেছেন, যেন আমি তাঁকে, তাঁর রাসূলকে এবং তাঁর পথে জিহাদ করাকে সবচেয়ে বেশি ভালোবাসি, ইসলামের জন্য নিজের যান-মাল দিয়ে যুদ্ধ করি। এটিও আমার উপর ফরয করেছেন। তাই আমি আজ আল্লাহ তাআলার হুকুমকে বাস্তবায়ন করতে জিহাদের ময়দানে যাচ্ছি।

উলামায়ে কেরাম বলেন, "ঈমান আনার পর প্রথম ফরয হচ্ছে, মুসলিমদের ভূমিকে প্রতিরক্ষা করা। যদি মুসলিমদের ভূমির এক বিঘত পরিমাণের জায়গাও কুফ্‌ফাররা দখল করে নেয়, তখন প্রত্যেক মুসলিম নর ও নারীর উপর জিহাদ ফরযে আঈন হয়ে যায় (সবার উপর ফরয হয়ে যায়)। ঐ মুহূর্তে জিহাদে বের হওয়ার জন্য পিতা-মাতার কাছ থেকে তার সন্তানের অনুমতি নেয়ার প্রয়োজন হয় না এবং স্বামীর কাছ থেকে তার স্ত্রীরও অনুমতি নেয়ার প্রয়োজন পড়ে না।"

আর তাই জিহাদের যাওয়ার ক্ষেত্রে আপনাদের অনুমতির অপেক্ষা আমি করিনি। আপনাদেরকে না জানিয়েই চলে যাচ্ছি।

আল্লাহ তাআলার ইরশাদ, “আর তোমাদের কী হলো যে, তোমরা আল্লাহর রাহে লড়াই করছ না দুর্বল সেই পুরুষ, নারী ও শিশুদের পক্ষে, যারা বলে, হে আমাদের রব! আমাদিগকে এই জনপদ থেকে নিষ্কৃতি দান কর; এখানকার অধিবাসীরা যে অত্যাচারী! আর তোমার পক্ষ থেকে আমাদের জন্য পক্ষালম্বনকারী অভিভাবক নির্ধারণ করে দাও এবং তোমার পক্ষ থেকে আমাদের জন্য সাহায্যকারী নির্ধারণ করে দাও। যারা ঈমানদার, তারা জিহাদ করে আল্লাহর রাহেই। পক্ষান্তরে যারা কাফের তারা লড়াই করে শয়তানের পক্ষে। সুতরাং তোমরা জিহাদ করতে থাকো শয়তানের পক্ষালম্বনকারীদের বিরুদ্ধে, (দেখবে) শয়তানের চক্রান্ত একান্তই দুর্বল।” (সূরা নিসা ৪:৭৫,৭৬)।

তিনি আরো ইরশাদ করেন, “আর লড়াই কর আল্লাহর ওয়াস্তে তাদের সাথে, যারা লড়াই করে তোমাদের সাথে।” (সূরা বাকারা ২:১৯০) “আর তোমরা তাদের সাথে লড়াই কর, যে পর্যন্ত না ফেতনার অবসান হয় এবং আল্লাহর দ্বীন পুরোপুরি ও সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয়ে যায়।” (সূরা বাকারা ২:১৯৩)

প্রিয় আম্মা-আব্বা আমার!

আপনারা দয়া করে একটু চারদিকে দৃষ্টি নিক্ষেপ করুন। সিরিয়া, ইরাক, ফিলিস্তিন, আফগানিস্তান, মায়ানমার, কাশ্মীর, আসাম, চেচনিয়া, উইঘুর সর্বত্র কেবল মুসলিম নিধনের মহড়া চলছে। মুসলিম মায়ের বুক খালি করা হচ্ছে, বাবার সামনে সন্তানকে নৃশংসভাবে হত্যা করা হচ্ছে। দুনিয়ার বুক থেকে ইসলামকে মিটিয়ে দেয়ার জন্য বাতিল তার সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

মা! আমি বেঁচে থাকব আর এ পৃথিবীতে ঈমান, নামায, রোযা, হজ, যাকাত থাকবে না তা কী করে হতে পারে?
বাবা! আমি বেঁচে থাকবো আর দীন ইসলাম দুনিয়া হতে মিটে যাবে তা কী করে মেনে নেয়া যায়?
আমি যদি ঘরে বসে থাকি, আর এই হালতে আমার মৃত্যু চলে আসে, হায়! এই মুখ আমি কিভাবে আল্লাহকে দেখাব, আমার রাসূলের ﷺ সামনে আমি কিভাবে দাঁড়াব?

আমি কিভাবে ঘরে বসে থাকব, অথচ আল্লাহ তাআলা ইরশাদ করেন,
"৩৮. হে ঈমানদারগণ! এ কি হলো তোমাদের! যখন তোমাদের আল্লাহ তায়ালার পথে (কোনো অভিযানে) বের হতে বলা হয়, তখন তোমরা যমীন আঁকড়ে ধরো; তোমরা কি আখেরাতের (স্থায়ী কল্যাণের) তুলনায় (এ) দুনিয়ার (অস্থায়ী) জীবনকে নিয়েই বেশি সন্তুষ্ট? (অথচ) পরকালে (হিসাবের মানদন্ডে) দুনিয়ার মালসামানা নিতান্তই কম। ৩৯. তোমরা যদি (তাঁর পথে) না বের হও, তাহলে (এ জন্যে) তিনি তোমাদের কঠিন শাস্তি দিবেন এবং তোমাদের অন্য এক জাতি দ্বারা বদল করে দিবেন, তোমরা তার কোনই অনিষ্ট সাধন করতে পারবে না, আল্লাহ তাআলা সব কিছুর উপর ক্ষমতাশীল।" (০৯ সূরা তাওবা: ৩৮-৩৯)

"বল, তোমাদের নিকট যদি তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত ধন সম্পদ, তোমাদের ব্যবসা যা (ক্ষতি বা) বন্ধ হয়ে যাওয়ার ভয় কর, এবং তোমাদের বাসস্থান যাকে তোমরা পছন্দ

কর- আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাহে জিহাদ করা থেকে অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর, আল্লাহর বিধান আসা পর্যন্ত (দেখ, তোমাদের পরিণতি কি হতে যাচ্ছে), আর আল্লাহ তাআলা ফাসেক সম্প্রদায়কে হেদায়েত করেন না।" (০৯ সূরা তাওবাহ: ২৪)

আপনাদের উসীলায় আল্লাহ তাআলা আমাকে ঈমান দিয়েছেন, আপনারা আমাকে আল্লাহ তাআলা ও তাঁর রাসূল ﷺ-কে চিনিয়েছেন। আমি যা করেছি তা তো আল্লাহ তাআলার হুকুম আর তাঁর রাসূলের তরীকা ও সুন্নত, তাঁর যিন্দেগীর আদর্শ।

আপনাদের সন্তান হিসেবে যেভাবে আপনাদের খেদমত করার কথা ছিল, সেভাবে খেদমত করতে পারিনি। আজীবন আপনাদের কষ্ট দিয়েছি। আজীবন আপনাদের খেদমত নিয়েছি। আজীবন আপনাদের অবাধ্যতা করেছি। আপনাদের অনেক আশা ও স্বপ্ন ছিল, আপনাদের সন্তান অনেক বড় মানুষ হবে, পড়াশুনা শেষ করে দুনিয়াতে প্রতিষ্ঠিত হবে, জায়গা-জমি ক্রয় করে বাড়ি করবে, গাড়ি করবে, নাতি নাতনীদের নিয়ে সুখ-শান্তিতে বসবাস করবে আর আপনারা আপনাদের সন্তানকে নিয়ে গর্ব করবেন। আহ্! আমি তো পারলাম না আপনাদের সে স্বপ্ন-কে বাস্তবায়ন করতে, আপনাদের চোখে-মুখে হাসি ফুটাতে, আপনাদের সারাজীবনের কষ্টকে ফলপ্রদ করতে। বলুন মা! আমি কিভাবে আপনার স্বপ্নগুলোকে বাস্তবায়ন করব যখন দেখি, লাখো মায়ের স্বপ্নগুলোকে হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান-ইহুদী-নাস্তিক-মুরতাদরা পদদলিত করে অঙ্কুরে হত্যা করছে? বলুন বাবা! আমার রক্তে কেন আগুন জ্বলবে না, যখন দেখি লাখো বোনের সম্ভ্রম নিয়ে জারজের বাচ্চারা তামাশা করছে, ছিনিমিনি

খেলছে? এসব দুনিয়ার ডিগ্রি-চাকরী-ব্যবসার কী মূল্য আছে আল্লাহ তাআলার কাছে, যদি আমি আল্লাহর জন্য নিজের জীবন দিতে না পারি? হ্যাঁ, দুনিয়াতে আপনাদের স্বপ্ন আমি বাস্তবায়ন করতে পারিনি, তাই বলে কখনো আপনাদের মুখে হাসি ফুটাতে পারবো না এমনটি নয়। আশা করি, আমার রব আমাকে ব্যর্থদের অন্তর্ভূক্ত করবেন না, না-কামিয়াব করবেন না। হাদীসে এসেছে, একজন শহীদ তার পরিবারের সত্তর জন সদস্যদের জান্নাতে নেয়ার ব্যাপারে সুপারিশ করবে। আপনারা দুআ করেন যেন আমি তাদের শামিল হতে পারি। তাহলে, ইনশাআল্লাহ, কথা দিলাম, আপনাদেরকে ছেড়ে আমি কখনোই জান্নাতে যাবো না। আপনারা আমার জন্য এতো কষ্ট করেছেন, আর জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত আমি আপনাদের শুধু কষ্টই দিয়ে গিয়েছি, আর মৃত্যুর পর আমি একাকী সুখ ভোগ করবো আর আপনারা মৃত্যুর পরও কষ্ট করবেন, এটা কখনোই হতে পারেনা। ইনশাআল্লাহ, আমার রব কখনোই আপনাদের দুটি কষ্টকে এক করবেন না।

আপনারা গর্বিত হোন এজন্যে যে, আপনারা এমন কোনো কাপুরুষকে জন্ম দেন নি, যে জিহাদের তপ্ত ময়দানের লু হাওয়ার চেয়ে ঘরে বসে স্ত্রীর আচলে লুকিয়ে থাকাকে বেশি পছন্দ করে। আপনারা এজন্য গর্ববোধ করুন যে, আপনারা এমন এক সন্তানের জন্ম দিয়েছেন, যে হযরত খালিদ বিন ওয়ালিদ রা., হযরত মুসান্না বিন হারেস রা., হযরত সা'আদ বিন আবী ওয়াক্কাস রা., হযরত যায়েদ রা., হযরত জাফর রা., হযরত তারিক বিন যিয়াদ রহ., হযরত সালাউদ্দিন আউয়ুবী রহ., হযরত সাইফুদ্দিন কুতয. রহ., হযরত মুহাম্মাদ বিন কাসিম রহ., হযরত ড. আব্দুল্লাহ আয্যাম

রহ., হযরত উসামা বিন লাদেন রহ. এর পদাঙ্ক অনুসারী। আপনারা আমার জন্য দুআ করুন যেন আমি তাদের কাতারে শামিল হতে পারি।

আমি আপনাদের কাছে একটি বিনীত অনুরোধ করবো এবং আপনাদের কষ্টের সাগরে আরেকটু কষ্ট যোগ করে দিয়ে যাবো, আর তা হলো, আমি আমার স্ত্রী-সন্তানদের আল্লাহ তাআলার যিম্মাদারীতে আপনাদের কাছে রেখে যাচ্ছি, দয়া করে তাদের দিকে একটু খেয়াল রাখবেন, আমার সন্তানদের যথাসাধ্য ভরণ-পোষণ ও পড়ালেখার ব্যবস্থা করবেন। এতে আপনারাও ইনশাআল্লাহ ময়দানে জিহাদের সওয়াব পাবেন। আর আমার স্ত্রী যদি আমার অনুপস্থিতিতে অন্য স্বামী গ্রহণ করতে চায়, তাকে আপনারা বাধা দিবেন না, সর্বোচ্চ সহযোগিতা করবেন আর আমার সন্তানদের আপনাদের আশ্রয়ে রাখবেন। আর যদি আমার স্ত্রী আমার সন্তানদের তার সাথে রাখার ইচ্ছা পোষণ করে, দয়া করে আমার সন্তানদেরকে তার কাছে পাঠিয়ে দিবেন। আমার সন্তানরা পিতার আদর-স্নেহ থেকে বঞ্চিত হয়েছে, দয়া করে তাদেরকে মায়ের সোহাগ থেকেও বঞ্চিত করবেন না। দয়া করে তাদের খোঁজ-খবর রাখবেন।

জনম দুখী মা আমার!

একজন মা-ই জানেন তার বুক খালি হওয়ার কষ্ট কী! আপনার বুক খালি করে আমি চলে যাচ্ছি। অনন্তের পথে বিদায় নিচ্ছি। আপনাকে সান্তনা দেয়ার ভাষা আমার নেই। দয়া করে আপনি পরকালের লাভের আশায় ধৈর্য ধরুন। আপনি আমার কামিয়াবীর

জন্য দুআ করবেন, যেন আল্লাহ তাআলা আমাকে ময়দানে দৃঢ়পদ রাখেন, কখনো পৃষ্ঠপ্রদর্শন করে ধ্বংস না হয়ে যাই, মৃত্যুকে যেন কখনো ভয় না পাই। হয়তো শরীয়ত, নয়তো শাহাদাত- এ দুটোর একটা যেন অবশ্যই আমি লাভ করতে পারি। আমিও আপনাদের জন্য সবসময় দুআ করতে থাকব, ইনশাআল্লাহ।

চির স্নেহময় বাবা আমার!

আপনার কাছ থেকেও বিদায় নিচ্ছি। হয়তো এরপর আপনাদের সাথে আর কখনো দেখা বা কথা নাও হতে পারে। ইন্‌শাআল্লাহ হাশরের ময়দানে আবার দেখা হবে এবং জান্নাতে আমরা আবারো একসাথে বাস করব। তখন আপনাদেরকে আমি আর কষ্ট দিব না, তখন আপনাদের সব আশা পূরণ করব, কথা দিচ্ছি। আমার পক্ষ থেকে আমার ভাই-বোনদের সালাম দিবেন। তাদের কাছ থেকেও আমি বিদায় নিচ্ছি।

আপনাদের সকলকে আল্লাহ তাআলা দুনিয়া ও আখিরাতে খুব ভালো রাখুন। আল্লহুম্মা আমীন।

আপনাদের অতি আদরের সন্তান।

সন্তানদের প্রতি বিদায়ী অসীয়ত:

কলিজার টুকরা মানিকেরা আমার!

আস্‌সালামু আলাইকুম ওয়া রহ্‌মাতুল্লহ!

সমস্ত প্রশংসা আল্লাহ তাআলার জন্য যিনি আমাদেরকে ইসলাম দিয়ে ধন্য করেছেন এবং আমাদেরকে সেই সকল হুকুম করেছেন যেই হুকুম তিনি পূর্ব যুগের নবী-রাসূলগণের উপর করেছিলেন। দরূদ ও সালাম বিশ্বনবী হযরত মুহাম্মাদ মুস্তাফা ﷺ-এর প্রতি যাঁর যিন্দেগী ছিল কুরআন কারীমের বাস্তব নমুনা, যাঁর যিন্দেগী তাঁর উম্মতের জন্য সর্বোত্তম আদর্শ, আর যাঁর সীরাত মানেই বাতিলের বিরুদ্ধে জিহাদ (সশস্ত্র সংগ্রাম)।

আল্লাহ তাআলার হুকুম, "আর লড়াই কর আল্লাহর ওয়াস্তে তাদের সাথে, যারা লড়াই করে তোমাদের সাথে।" (সূরা বাকারা ২:১৯০)

"আর তোমরা তাদের সাথে লড়াই কর, যে পর্যন্ত না ফেতনার অবসান হয় এবং আল্লাহর দ্বীন পুরোপুরি ও সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয়ে যায়।" (সূরা বাকারা ২:১৯৩)

স্নেহের মানিকেরা আমার!

আজ আমাদের প্রতিপালকের হুকুমকে বাস্তবায়ন করার সময় এসেছে। হ্যাঁ, আমি তোমাদেরকে ছেড়ে জিহাদের অগ্নিগর্ভ ময়দানে ঝাঁপিয়ে পড়ছি। জীবনের সকল আশা-আকাঙ্ক্ষাকে কুরবানি করে আল্লাহ তাআলার ইচ্ছাকে বাস্তবায়ন করতে তোমাদেরকে ছেড়ে চলে যাচ্ছি। হয়তো এই যাওয়াই শেষ যাওয়া, আর তোমাদের সাথে দেখা হবে না। আমার অবর্তমানে তোমাদের জীবনে হয়তো অনেক কষ্ট আসবে, অনেক পেরেশানী আসবে, আমি আশা করবো তোমরা

সেগুলোকে সাহসের সাথে মোকাবেলা করবে। আমি তোমাদেরকে আল্লাহ তাআলার কাছে সোপর্দ করে যাচ্ছি। আমার অনুপস্থিতিতে তিনিই তোমাদের প্রকৃত অভিভাবক। কতই না উত্তম অভিভাবক তিনি!

তোমাদেরকে ছেড়ে যেতে আমার অনেক কষ্ট হচ্ছে, যেন কলিজা ছিড়ে রক্তক্ষরণ হচ্ছে। তোমরা ছিলে আমার জীবনের শোভা, চলার পথের পাথেয়, ভবিষ্যতের সম্বল, তোমাদের দিকে তাকালে আমি জীবনের সকল ক্লান্তি, কষ্ট আর পেরেশানীগুলোকে ভুলে যেতাম। তোমাদের 'আব্বুজী' ডাক শুনার জন্য তীর্থের কাকের মতো প্রতীক্ষা করতাম। আমি বাসায় এলে যখন তোমরা দৌঁড়ে এসে প্রতিযোগিতা শুরু করে দিতে আমার কোলে উঠার জন্যে তখন আমার কি যে অনুভূতি ছিলো, তা হয়তো একজন স্নেহশীল বাবার জন্য জীবনের সবচেয়ে বড় প্রাপ্তি। যখন আমি বাসা হতে বাহিরে যেতাম তখনও তোমরা আমাকে বিদায় জানানোর জন্যে দৌঁড়ে এসে সালাম-মুসাফাহা করতে, জড়িয়ে ধরতে, সেই দৃশ্য আমি কিভাবে ভুলব, বলো? বাসার বাহিরে থাকলে তোমরা মোবাইল করতে, 'আব্বুজী বাসায় কখন আসবেন?' আহ্! আমি তো আর আসতে পারবো না। রাতের বেলায় নবীজীর ﷺ সীরাত আর সাহাবাদের যুদ্ধের কাহিনী শুনিয়ে শুনিয়ে তোমাদেরকে আর ঘুম পাড়াতে পারবো না। আহ্! আমার হৃদপিণ্ড বোধ হয় বন্ধ হয়ে যাচ্ছে। কিন্তু সোনারা তারপরেও আমাকে আল্লাহর হুকুম পালনার্থে তোমাদের সকল মহব্বতকে কুরবানী করতেই হবে। তোমাদের মতো লাখো নিষ্পাপ মুসলিম শিশুর রক্তের বদলা আমাকে নিতেই হবে। আমার মতো লাখো পিতার আহাজারির ইতি আমাকে টানতেই হবে। আজ শুধু

আমরা নই, কুফ্ফারদের বুক খালি করার সময় এসেছে। তাদের সন্তানদেরও ইয়াতীম করার সময় এসে গেছে। আমাকে তা করতেই হবে। আমার হাবীবের ﷺ উম্মতের রক্তের প্রতিটি ফোটার বিনিময়ে কুফ্ফারদের রক্ত প্রবাহিত করতেই হবে। চোখের বদলায় চোখ, দাঁতের বদলায় দাঁত। তোমরা সর্বদাই এই দোয়া করবে, যেন তোমাদের পিতা তার সংকল্প থেকে এক কদমও পিছপা না হন, তাকে আল্লাহ তাআলা ময়দানে কামিয়াবী দান করেন। পরিশেষে শাহাদাতের অমীয় সুধা পান করান। তোমরা সর্বোচ্চ ধৈর্য্যের পরিচয় দিবে। তাহলে তোমরাও জান্নাতুল ফিরদাউসে আমার সঙ্গী হবে। আমরা ইন্শাআল্লাহ আবারো জান্নাতে একসাথে থাকবো। একটু চিন্তা করো, একজন শহীদের কী মর্তবা হবে, তাকে কেমন জান্নাত দেয়া হবে, আর সে জান্নাতে যদি তোমরাও আমার সাথে থাক তাহলে কেমন মজা হবে!

আদরের মানিকেরা আমার!

আমি তোমাদেরকে কিছু অসীয়ত করে যাচ্ছি, ঠিকঠিক মতো পালন করার চেষ্টা করবে।

- ঈমান আনবে আল্লাহ তাআলার প্রতি, তাঁর রাসূলের ﷺ প্রতি। আল্লাহ তাআলার মহব্বত এবং নবীজীর ﷺ মহব্বত যেন তোমাদের অন্তরে সবচেয়ে বেশি থাকে।
- আল্লাহর সাথে শরীক করো না। নিশ্চয় আল্লাহর সাথে শরীক করা মহা অন্যায়।
- সকল প্রকার কুফুরী, শেরেকী, বিদআতী আকীদা ও কার্যকলাপ থেকে বিরত থাকবে।

- সকল কাজে আল্লাহকে ভয় কর, আল্লাহকে ভয় কর, আল্লাহকে ভয় কর। যদি কোনো বস্তু সরিষার দানা পরিমাণও হয়, অতঃপর তা যদি থাকে প্রস্তর গর্ভে অথবা ভূ-গর্ভে, তবে আল্লাহ তাও কিয়ামতের দিন উপস্থিত করবেন। নিশ্চয় আল্লাহ গোপন ভেদ জানেন, সবকিছু দেখছেন, সবকিছুর খবর রাখেন।
- সকল প্রকার গুনাহের কাজ থেকে, বিশেষত অশ্লীল চিন্তা ও কাজ থেকে দূরে থাকবে। চোখ, মুখ ও অন্তরের ব্যাপারে খুব বেশি সতর্ক থাকবে। নারী-পুরুষের ফেতনা হতে সর্বোত্তম উপায়ে বেঁচে থাক। পরহেযগারীর যিন্দেগী গঠন করবে। মোবাইল, কম্পিউটার, ইন্টারনেট হতে বেঁচে থাকবে। রাস্তাঘাটে চলার সময় দৃষ্টি নত রাখবে। একান্ত প্রয়োজন ব্যতীত ঘর থেকে বেশি বের হবে না।
- দুনিয়া থেকে বাঁচার সর্বোচ্চ এহতেমাম করবে। অল্পে তুষ্ট থাকবে। দীর্ঘ আশা পরিত্যাগ করবে। দুনিয়াদারদের দিকে ভুলেও তাকাবে না। দিনে একবেলা খাওয়া, সর্বোচ্চ দুই সেট জামা, কম দামী কাপড়, কম দামী জুতা ইত্যাদির অভ্যাস করবে। বাড়ি ঘরের জিনিসপত্র যত কম রাখা যায় ততই উত্তম। আল্লাহর রাসূলের ঘরের দিকে সর্বদা খেয়াল রাখবে।
- এই পরিমাণ সম্পদ যেন তোমাদের না হয়, যাতে করে তোমাদের যাকাত দেওয়ার প্রয়োজন হয়, আবার এত কমও যেন না হয় যেন অন্যের যাকাতের মাল তোমাদেরকে ভক্ষণ করতে হয়।
- নামায কায়েম কর, রোযা রাখ, সৎকাজে আদেশ দাও, মন্দকাজে নিষেধ কর এবং বিপদাপদে সবর কর। নিশ্চয় এটা সাহসিকতার কাজ।

- অহংকার করো না, অন্যকে ছোট ভেবো না, বরং নিজেদেরকেই সবসময় ছোট ভাববে। তাহলে আল্লাহ তাআলা তোমাদেরকেই বড় করে দিবেন।

- তোমাদের মাকে কখনো কষ্ট দিবে না। সবসময় মনে রাখবে, তাঁর পায়ের নীচে তোমাদের বেহেশত। তিনি যদি তোমাদের উপর বিন্দুমাত্র নারাজ হন, তাহলে জান্নাত তোমাদের জন্য হারাম হয়ে যাবে, জান্নাতের গন্ধও তোমরা পাবেনা। সারাজীবন মাকে মাথায় তুলে রাখবে, তার খেদমত করবে। আহ্! তোমাদেরকে তিনি কত কষ্ট করে দীর্ঘ দশ মাস গর্ভে রেখেছেন, তোমাদের জন্মের সময় কী কষ্টই না তাঁর হয়েছে, তোমাদেরকে বড় করতে তাঁকে কতই না ত্যাগ, আর ব্যথা-বেদনা সইতে হয়েছে! এ ব্যাপারে আল্লাহ সাক্ষী, আমি সাক্ষী, তোমাদের মা তোমাদের জন্য কতরাত না ঘুমিয়ে কাটিয়েছেন। সজাগ থাকতে না পেরে শেষ পর্যন্ত আমি ঘুমিয়ে পড়তাম, কিন্তু তোমাদের মা কখনো ঘুমাতে পারতেন না, শুধু তোমাদের জন্য। কত রাত তার মাথা ব্যথা উঠে যেত, তারপরও তিনি ঘুমাতে পারতেন না। কেন জানো? কারণ তোমরা রাত্রিতে সজাগ থাকতে। আহ্! কী কষ্টই না তিনি তোমাদের জন্য করেছেন! সুতরাং সাবধান, সাবধান! মায়ের সাথে সর্বোচ্চ ভালো ব্যবহার করবে, তাঁকে বিন্দু মাত্রও কষ্ট দিবে না, তাঁর মুখের উপর কখনো কথা বলবে না। কখনো তাঁর কোনো কাজ বা কথা তোমাদের মনঃপুত না হলে “উহ্” শব্দটিও বলো না, ভুলেও ধমক দিয়ো না, সর্বদা শিষ্টাচারপূর্ণ কথা বলবে। তাঁর সামনে ভালোবাসার সাথে, নম্রভাবে মাথা নত করে দিবে। তাঁর সাধ্যের বাইরে কোনো আবদার কখনো করবেনা।

- তোমাদের মা তোমাদেরকে যেভাবে পড়াশুনা করতে বলেন, সেভাবে ঠিকমত পড়াশুনা করবে, উপকারী ইলম হাসিল করবে। আল্লাহ ও তাঁর রাসূলের মহব্বতের ইলম আগে হাসিল করবে, ঈমানী সবক আগে গ্রহণ করবে।
- কুরআন কারীমের তিলাওয়াত, যিকরুল্লাহ, মৃত্যু ও আখিরাতের স্মরণ বেশি বেশি করবে।
- তিনটি বিষয় বেশি বেশি মুজাকারা করবে। এক. আল্লাহর বড়ত্বের কথা, দুই. নবীজী ﷺ ও সাহাবাদের সীরাত এবং তিন. আখিরাতের বিষয়সমূহ।
- আল্লাহ ছাড়া অন্য কাউকে কখনো ভয় করবে না। বাতিলের সামনে কখনো মাথানত করবে না। আজীবন বাতিলের বিরুদ্ধে ময়দানে লড়ে যাবে। আমার সন্তান হয়ে যদি তোমরা কাপুরুষতার যিন্দেগী যাপন করো, কিয়ামতের দিন তোমাদের দিকে আমি ফিরেও তাকাব না। সাহাবায়ে কেরামের যামানায় নারীরাও পুরুষদের মতো সাহসী ছিল, আর বর্তমানে পুরুষরাও নারীদের মতো বরং তার চেয়ে বেশি ভীরু প্রকৃতির হয়ে গেছে। এদের মতো তোমরা হয়ো না।

সোনামানিকেরা আমার!

আমি তোমাদের থেকে বিদায় নিচ্ছি। খুব শীঘ্রই ইন্‌শাআল্লাহ আমরা সকলেই আল্লাহর কাছে চলে যাবো, তখন আবার আমাদের মাঝে সাক্ষাত হবে। সেখানে আমরা সবসময় একসাথে থাকব, তোমাদেরকে ছেড়ে আর কখনো চলে যাবো না। ততদিন পর্যন্ত একটু ধৈর্য্য ধরো। নিশ্চয় আল্লাহ তাআলা আমাদেরকে ব্যর্থ করে দিবেননা, কেননা তিনি তো মুমিনদের প্রতিদান নষ্ট করেন না।

আর কিছুই লিখতে পারছি না। বুক ফেটে কান্না আসছে! আহ্! তোমাদের চেহারাগুলো আর দেখতে পারবো না!!!

এবার আমাকে বিদায় নিতে হবে। তোমাদেরকে আবারো আমি আল্লাহর জিম্মায় দিয়ে বিদায় নিচ্ছি। আল্লাহ তাআলা তোমাদের কষ্টগুলোকে আনন্দ দ্বারা বদল করে দিন। আমার অনুপস্থিতিতে তিনিই তোমাদের জন্য যথেষ্ট হয়ে যান। আমীন।

-তোমাদের স্নেহময় পিতা।

সাহাবায়ে কেরামের আদর্শ:

- বদরের যুদ্ধে পিতা-পুত্রের বিরুদ্ধে যুদ্ধ করেছেন। পুত্র-পিতার বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন।

- হযরত আবু উবাইদাহ ইবনুল জার্‌রাহ রদিয়াল্লহু আনহু বদরের যুদ্ধে আপন কাফের পিতাকে হত্যা করেন।

- ওহুদের যুদ্ধে হযরত আবু বকর সিদ্দীক রদিয়াল্লহু আনহুর পুত্র আব্দুর রহমান তখনও মুসলমান হয়নি। বড় জোয়ান, তাগড়া ও শক্তিশালী ছিল। মুশরিকদের পক্ষ হয়ে যুদ্ধ করছিল, আর বীরত্বের সাথে ঘোষণা দিচ্ছিল, কেউ আছে কি, যে আমার মোকাবেলা করবে? তার এ দাপট ভরা শব্দের ধ্বনি হযরত আবু বকর রদিয়াল্লহু আনহুর কর্ণ কুহরে আঘাত হানছিল। তখন তিনি মহানবী ﷺ-এর পাশে বসা ছিলেন। তিনি তৎক্ষণাৎ দাঁড়িয়ে গেলেন এবং সিংহের ন্যায় গর্জে উঠলেন, "আয় মুসলিম বাপের কাফের ব্যাটা! আমিই তোর মোকাবেলা করব।" এবং পুত্রের দিকে ধাবমান হলেন, যাতে করে তার মোকাবিলা করতে পারেন। মহানবী ﷺ হযরত

আবু বকর রদিয়াল্লহু আনহুর হাত ধরে ফেললেন এবং ইরশাদ করলেন, হে আবু বকর! আপনার সত্ত্বা দ্বারা আমাদের উপকৃত হওয়ার সুযোগ দিন। (মুসতাদরাকে হাকেম, খ. ৩, পৃ. ৪৭৩)

পরবর্তীতে আব্দুর রহমান মুসলমান হলেন। তখন তিনি একদিন তাঁর সম্মানিত পিতা হযরত আবু বকর রদিয়াল্লহু আনহুকে বললেন, যুদ্ধে আমার দৃষ্টি আপনার উপর পড়েছিল, ঐ সময় আপনাকে লক্ষ্য বস্তু বানানো আমার জন্য অনেক সহজ ছিল, কিন্তু আমি ওখান থেকে অন্য পার্শ্বে সরে গিয়েছিলাম, বিধায় আমি আপনাকে ইচ্ছা করেই হত্যা করিনি। হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু বললেন, কিন্তু তুমি যদি আমার লক্ষ্য বস্তুতে পরিণত হতে, তাহলে আমি তোমাকে ছাড়তাম না, বরং তোমাকে হত্যা করতাম। (তারিখুল খুলাফা)

- হযরত হানযালা রদিয়াল্লহু আনহু নতুন বিয়ে করেছেন মাত্র। উহুদের যুদ্ধের জন্য যখন আহ্বান জানানো হচ্ছিল, তখন তিনি ছিলেন বাসর শয্যায়। জিহাদের আহ্বান পাওয়ার সাথে সাথে তিনি জিহাদের জন্য যাত্রা শুরু করেন। ফরয গোসলের সময়ও তিনি পাননি। যুদ্ধ ব্যাপকভাবে ছড়িয়ে পড়ার পর তিনি কাফেরদের ব্যূহ ভেদ করে তীব্র বেগে আবু সুফিয়ানের নিকট উপস্থিত হন। কাফের সেনাপতিকে তিনি আঘাত করতে যাচ্ছিলেন, কিন্তু আল্লাহ রাব্বুল আলামীন তাঁর শাহাদাত নির্ধারিত রেখেছিলেন। আবু সুফিয়ানকে লক্ষ্য করে তলোয়ার তোলার সাথে সাথে শাদ্দাদ হবনে আওস দেখে ফেলে এবং হযরত হানযালা রদিয়াল্লহু আনহু এর ওপর আকস্মিক আক্রমণ করে। এতে নববিবাহিত হযরত হানযালা রদিয়াল্লহু আনহু শাহাদাত বরণ করেন। আল্লাহ তাআলা ফেরেশতা প্রেরণ করেন এই নববরকে গোসল করানোর জন্য। (আর রাহীখুল মাখতুম, পৃঃ ২৫৫)

- তবুক যুদ্ধের ঘটনা। নবীজী ﷺ রোম অভিযানের জন্য ত্রিশ হাজার সাহাবী রদিয়াল্লহু আনহুমদের এক বিশাল জামাত নিয়ে তবুকের উদ্দেশ্যে রওয়ানা হয়ে গেলেন। আবু খাইসামাহ রদিয়াল্লহু আনহু তখন মদিনার বাহিরে ছিলেন। নবীজী তবুকের উদ্দেশ্যে রওয়ানা হওয়ার পর তিনি মদীনায় ফিরে আসেন। মদীনায় ফিরে দেখলেন যে, মদীনার রাস্তাঘাটে লোকজন নেই, পুরো শহর কেমন খালি মনে হচ্ছে, রাস্তাঘাটে কেবল কিছু অক্ষম বৃদ্ধ ও মুনাফিকদের দেখা যাচ্ছে। তিনি বাড়ি ফিরে দেখলেন, তাঁর দুই স্ত্রী বাগানের ভেতরে নিজ নিজ তাঁবুতে অবস্থান করছে। উভয়ে নিজ নিজ তাঁবুতে পানি ছিটিয়ে ঠাণ্ডা করে রেখেছে এবং স্বামীর জন্য পানি ঠাণ্ডা করে রেখেছে। তারা তাঁর জন্য খাদ্যও তৈরি করে রেখেছে। তিনি এসে তাঁবুর দোর গোড়ায় দাঁড়িয়ে ভেতরে তাঁর দুই স্ত্রীর প্রতি নজর দিলেন এবং তাঁর আরাম আয়েশের জন্য তারা যে ব্যবস্থা করে রেখেছে তাও দেখলেন। উটের পিঠে বসা অবস্থায়ই এক স্ত্রীকে জিজ্ঞাসা করলেন, নবীজী ﷺ কোথায়? স্ত্রী বললেন, আপনি তাঁবুর ভিতরে আসুন। নবীজী জিহাদের উদ্দেশ্যে তবুকের দিকে রওয়ানা হয়েছেন। তখন আবু খাইসামাহ রদিয়াল্লহু আনহু বললেন, "নবীজী মরুর লু হাওয়া ও প্রখর তাপের মধ্যে রয়েছেন, আর আবু খাইসামাহ ঘরের ছায়ায় থেকে খানা খাবে ও স্ত্রীর আঁচলের নিচে অবস্থান করবে, এটা ইনসাফ হতে পারে না। আল্লাহর কসম আমি তাঁবুতে প্রবেশ করব না। আমি রাসূলুল্লাহ ﷺ এর কাছে যাবো।" এই বলে তিনি তবুকের দিকে রওয়ানা হয়ে গেলেন।

- হযরত বশির বিন উকবা রদিয়াল্লহু আনহুর একটি মাত্র ছোট ছেলে ছিল। তাঁর স্ত্রী মারা গিয়েছিলেন। ছেলেকে দেখার মতো দুনিয়াতে আর

কেউ ছিল না। এরই মধ্যে জিহাদের ডাক এলো। হযরত বশির বিন উকবা রদিয়াল্লহু আনহু ছেলেকে একাকী রেখেই আল্লাহর রাসূলের সাথে জিহাদে শরীক হয়ে গেলেন এবং শাহাদাত বরণ করলেন। জিহাদ থেকে ফিরলে ছেলেটি আল্লাহর রাসূল ﷺ-কে তাঁর পিতার কথা জিজ্ঞাসা করলে নবীজী ﷺ চুপ রইলেন। ছেলেটি পরপর তিনবার তার পিতার কথা জিজ্ঞাসা করলে নবীজী ﷺ কোনো উত্তর দিলেন না, চুপ রইলেন। অবশেষে বললেন, তোমার বাবা জিহাদে শহীদ হয়েছেন। আজ হতে আমিই তোমার পিতা। একথা বলে তিনি ছেলেটিকে জড়িয়ে ধরলেন।

- হযরত আসওয়াদ রদিয়াল্লহু আনহু দেখতে কালো ও কুৎসিত অবয়বের ছিলেন। তাই তার বিয়ে হচ্ছিল না। শেষ পর্যন্ত আল্লাহর রাসূলের ﷺ মধ্যস্থতায় এক সাহাবীর সুন্দরী মেয়ের সাথে তাঁর বিবাহ ঠিক হয়। এরই মধ্যে যুদ্ধের দামামা বেজে ওঠে। বিয়ের প্রস্তুতি স্বরূপ তিনি মোহরানা বাবদ কিছু অর্থ সংগ্রহ করেন। জিহাদের ডাক এলে তিনি জিহাদের জন্য প্রস্তুত হয়ে যান। অস্ত্র ক্রয় করার টাকা ছিল না। তাই মোহরানার টাকা দিয়ে অস্ত্র ক্রয় করেন। নবীজী ﷺ-এর সাথে জিহাদে শরীক হন। যুদ্ধ করতে করতে অবশেষে তিনি শহীদ হয়ে যান।

আল্লাহ তাআলা আমাদেরকেও সাহাবায়ে কেরামের পদাঙ্ক অনুসরণ করার তাওফীক দান করুন, যাদের কুরবানীর কারণে তিনি তাঁদের উপর সন্তুষ্ট হয়ে গিয়েছেন। আমীন।

০২. পেশা

হালাল রুজি রোজগার অন্বেষণ করা একটি স্বতন্ত্র ফরয ইবাদত আর হালাল ভক্ষণ করা ইবাদত কবুলের পূর্বশর্ত। দুনিয়াতে চলতে গেলে এটি একটি প্রয়োজন। কিন্তু বর্তমানে আমরা এই প্রয়োজন পুরা করাকেই যিন্দেগীর মাকসাদ বানিয়ে ফেলেছি। আমাদের যিন্দেগী রুজি অন্বেষণ কেন্দ্রিক হয়ে গেছে। পুরো যিন্দেগী আমরা এর পিছনে নষ্ট করি। একজন সন্তানকে স্কুল কিংবা মাদরাসায় ভর্তি করানো হয় এই নিয়তে যে, সে পড়ালেখা শেষ করে সমাজে প্রতিষ্ঠিত হবে, চাকরী-বাকরী করবে, ব্যবসা করবে, মাদরাসার খেদমত করবে আর টাকা পয়সা রোজগার করবে, সংসার চালাবে। ফলে সে তার কৈশোর আর যৌবন ব্যয় করে পড়ালেখা শিখতে শিখতে, লক্ষ্য থাকে দুনিয়া অর্জন। এদিকে স্কুল, কলেজ, ভার্সিটিতে পড়ার দরুন দ্বীনের জ্ঞান, দ্বীনী পরিবেশ থেকে দূরে থাকে, উপরন্তু বদ দীনের প্রভাবে ও নানা ফেতনায় পতিত হয়ে ঈমান হারায়, নাস্তিক হয় কিংবা চরিত্র বিসর্জন দেয়। আর যারা মাদরাসায় পড়ি তাদেরও মানসিকতা এই হয়, পড়ালেখা শেষ করে মাদরাসার খেদমত করব, কিংবা নিজেই একটি মাদরাসা খুলে বসব। পড়াশুনা শেষ করে হয়তো সে চাকুরীতে ঢুকে, নয়তো ব্যবসা করে কিংবা মাদরাসায় পড়ুয়া হলে কোনো এক মাদরাসায় খেদমতে ঢুকে। এদিকে সে বিবাহ করে পরিবার গঠন করে সন্তান-সন্ততি জন্ম দেয়। তাদেরকে আবার সে স্কুল কিংবা মাদরাসায় পাঠায় একই লক্ষ্যে, একই উদ্দেশ্যে- বড় হয়ে চাকুরী করবে। এরপর একদিন মালাকুল মওত এসে তাকে আল্লাহর কাছে নিয়ে যায়। এভাবেই উম্মতের যিন্দেগী বর্তমানে অতিবাহিত হচ্ছে। এটিকে আমি নাম দিয়েছি

'দুনিয়াদারীর দুষ্টচক্র'। কে বা কারা সুকৌশলে উম্মতকে বুঝাতে সক্ষম হয়েছে 'এটার নামই নাকি যিন্দেগী'!!!

চিত্রঃ দুনিয়াদারীর দুষ্টচক্র।

কি দীনদার, কি দুনিয়াদার, কি জাহেল, কি মাদরাসার আলেম, আমরা সকলেই এই দুষ্টচক্রের মাঝে ঘুরপাক খাচ্ছি। কিন্তু সাহাবাওয়ালা ইসলাম এই চক্রের ভিতরে নয়, বাহিরে! যদিও অনেকেরই মেনে নিতে কষ্ট হবে, কিন্তু এটাই চিরসত্য!

অপরিচিত ইসলাম.......

এখন আমার প্রশ্ন হলো, নবীজী ﷺ এবং তাঁর প্রিয় সাহাবাদের যিন্দেগী কী এমন ছিল? তাঁদের যিন্দেগী কী পেশা কেন্দ্রিক ছিল? তাঁরা কি আমাদের মতো দুনিয়াদারীর এই দুষ্টচক্রে আবদ্ধ হয়ে ঘুরপাক খেতেন? যেহেতু তাঁরাই আমাদের আদর্শ, তাঁরাই আমাদের অনুসরণীয়, দুনিয়া ও আখিরাতে কামিয়াবীর জন্য তাঁরাই আমাদের মানদণ্ড, তাই আমাদেরকে রাসূলুল্লাহ ﷺ এবং সাহাবায়ে কেরামের যিন্দেগীর দিকে তাকাতে হবে।

রাসূলুল্লাহ ﷺ এর পেশাঃ

নবুয়তপ্রাপ্তির পূর্বে নবীজী ﷺ বাণিজ্য করেছেন, মেষ চরিয়েছেন। হিজরতের পূর্বে তিনি ইহুদীর বাগানে কাজও করেছেন। কিন্তু হিজরতের পর? আল্লাহর রাসূল ﷺ কি এ ধরণের কোনো কাজ করেছেন? না, করেন নি। তাঁর জন্য কোনো পেশায় আত্মনিয়োগ করা নিষেধ ছিল। যেমন আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَأْمُرْ أَهْلَكَ بِٱلصَّلَاةِ وَٱصْطَبِرْ عَلَيْهَا لَا نَسْأَلُكَ رِزْقاً نَّحْنُ نَرْزُقُكَ وَٱلْعَاقِبَةُ لِلتَّقْوَىٰ

"তুমি তোমার পরিবার পরিজনকে নামাযের আদেশ দাও এবং তুমি নিজেও তার উপর অবিচল থেকো, আমি তোমার কাছে রিযিক চাই না, রিযিক তো তোমাকে আমিই দান করি; উত্তম পরিণাম তো মুত্তাকীদের জন্যই।" (২০ সূরা ত্বহাঃ ১৩২)

তাহলে আল্লাহর রাসূল ﷺ সংসার চালিয়েছেন কিভাবে? আল্লাহ চালিয়েছেন। কিভাবে চালিয়েছেন? তরবারি। হ্যাঁ, রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেছেন, "আমার রিযিক তরবারির ছায়াতলে।" মদীনার দশ বছরের

যিন্দেগীতে রাসূলুল্লাহ ﷺ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ছোট ও বড় ষাটোর্ধ্ব অভিযান চালিয়েছেন। আর এসব অভিযান হতে গণিমত হিসেবে লব্ধ সম্পত্তি আল্লাহর রাসূলের উপার্জনের প্রথম ও প্রধান মাধ্যম ছিল। এছাড়া উম্মত কর্তৃক প্রদত্ত হাদিয়া ছিল তাঁর জন্য আল্লাহর তাআলার পক্ষ থেকে পবিত্র রিযিকের ব্যবস্থা। অধিকাংশ ক্ষেত্রে এসব হাদিয়া তিনি আবার গরীব সাহাবাদের মাঝে দান করে দিতেন। তিনি কখনো মানুষের সদকা বা যাকাতের মাল ভক্ষণ করতেন না। মদীনার যিন্দেগীতে তিনি কখনো ব্যবসা-বাণিজ্য-চাষাবাদ করেননি।

সাহাবায়ে কেরামের পেশা:

সাহাবায়ে কেরামেরও আয়ের প্রধান মাধ্যম ছিল "তরবারি"। গণীমতের মালের পাশাপাশি অবশ্য সাহাবায়ে কেরামের আয়ের উৎস ছিল ব্যবসা-বাণিজ্য, কৃষিকাজ বিশেষত: খেজুর চাষ। এককথায় সাহাবায়ে কেরাম সব ধরণের হালাল রুজি-রোজগার অবলম্বন করেছিলেন। তাহলে আমাদের সাথে তাঁদের পার্থক্য কোথায় ছিল?

- ✓ সাহাবায়ে কেরামের পেশাভিত্তিক কার্যক্রম তাদেরকে আল্লাহ তাআলার স্মরণ থেকে গাফেল করতো না।
- ✓ তাঁদের ব্যবসা বাণিজ্য, চাষাবাদ, ইলমী ও অন্যান্য দ্বীনী খেদমত তাঁদেরকে আল্লাহর রাস্তায় জিহাদে বের হতে বাঁধা দিত না। বরং যারা এসব কারণ দেখিয়ে জিহাদ পরিত্যাগ করতো তাদেরকে 'মুনাফিক' হিসেবে আখ্যায়িত করা হতো।

✓ তাবুকের যুদ্ধের সময়কার কথা। তখন প্রচণ্ড গরমের মৌসুম ছিলো, সফর ছিলো অনেক দূরের। মদিনায় তখন খুব অভাব চলছিলো এবং খেজুরের ফসল ঘরে তুলার মাত্র এক সপ্তাহের মতো বাকী। এরই মধ্যে রাসূলুল্লাহ ﷺ আল্লাহ তাআলার পক্ষ হতে তাঁর সাহাবীগণকে রোম অভিযানের প্রস্তুতি গ্রহণের নির্দেশ দিলেন এবং সবাইকে এ জন্য মসজিদে মাল জমা করতে বললেন। একটু চিন্তা করুন, যে খেজুর ছিলো মদীনার সাহাবীদের প্রধান আয়ের উৎস, তার মধ্যে আবারো ছিলো দুর্ভিক্ষ। ফসল ঘরে তুলার মাত্র এক সপ্তাহের মতো বাকী। এ সময়ে জিহাদের জন্য ভিন্ন দেশে গমন করা কতটা কঠিন ছিলো! সাহাবায়ে কেরাম কী করলেন? জিহাদের জন্য প্রস্তুত হয়ে গেলেন। মসজিদে সকল সাহাবায়ে কেরাম তাদের সাধ্যের চাইতে বেশি মাল নবীজী ﷺ-এর নিকট এনে জমা করতে লাগলেন। এই সময়ই হযরত উমর রাদিয়াল্লহু আনহু তাঁর সমস্ত সম্পত্তির অর্ধেক হাজির করেন আর হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু তাঁর সমস্ত সম্পত্তি এনে উপস্থাপন করেন আর ঘরে আল্লাহ ও তাঁর রাসূল ﷺ-কে রেখে আসেন।

অবশ্য মদীনায় এমন একটা শ্রেণি ছিল, যারা তাদের খেজুরের চিন্তা করছিল। ফসল তুলতে না পারলে পরবর্তীতে দুর্ভিক্ষে পতিত হতে হবে, আর সারা বছর খাবে কি, না খেয়ে মরতে হবে, এই ভয় করছিল। তারা নানা অজুহাত দেখিয়ে যুদ্ধে যাওয়া থেকে বিরত ছিল। অন্যদেরকেও যুদ্ধে যেতে অনুৎসাহিত করার জন্য তারা একে অন্যকে বলতে লাগলো, এই গরমে বের হইয়ো না। এ সম্পর্কে আল্লাহ পাক আয়াত নাযিল করেন, "এবং তারা বলে যে, এই গরমে তোমরা বের হইয়ো না, আপনি তাদেরকে বলুন, জাহান্নামের আগুন আরো বেশি উত্তপ্ত। তারা এখন কিছু আনন্দ

করুক, পরে তাদেরকে তাদের কৃতকর্মের কারণে অনেক কাঁদতে হবে।"
(৯ সূরা তাওবা: ৮১-৮২)

এই শ্রেণিটাই ছিলো মুনাফেক শ্রেণি। সুতরাং আমাদেরকে খুব ভয় করা দরকার, রাসূলের ﷺ যামানার মুনাফেকদের সাথে আমাদের চরিত্রের কেমন জানি অদ্ভূত মিল পাওয়া যায়! (আল্লাহ তাআলা আমাদেরকে নিফাক থেকে হেফাযত করুন। আমীন।)

✓ মুসাইলামাতুল কায্যাবের বিরুদ্ধে যুদ্ধে হযরত খালিদ বিন ওয়ালিদ রদিয়াল্লহু আনহু-এর সাহায্যার্থে খলীফাতুর রাসূল হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু যে বাহিনী পাঠিয়েছিলেন তাদের মধ্যে এক বিরাট সংখ্যক পবিত্র কুরআনের হাফেয এবং সুমিষ্ট কারীও ছিলেন। সে সময়ে হাফেয এবং কারীরাও তীর-তলোয়ারে সমান পারদর্শী হতেন। কেবল মসজিদ-মাদরাসা নিয়ে ব্যস্ত থাকার মতো লোক সাহাবায়ে কেরাম ছিলেন না।

࿊ আমাদের সমাজে কি ডাক্তার, ইঞ্জিনিয়ার, ইত্যাদি পেশার লোকের প্রয়োজন নেই?

এতক্ষণের আলোচনার প্রেক্ষিতে হয়তো কেউ প্রশ্ন করতে পারেন, আপনি তো মনে হয় বুঝাতে চাচ্ছেন, সমাজের সকলকে জিহাদ করতে ময়দানে ঝাঁপিয়ে পড়া উচিত। তাহলে কি সমাজে ডাক্তার ইঞ্জিনিয়ার লাগবে না? কিছু মানুষকে এগুলো হওয়া তো ফরযে কিফায়া?

উত্তর:

✓ এগুলো ফরযে কিফায়া, ঠিক আছে। কিন্তু বর্তমানে জিহাদ করা ফরযে আইন। এখন আপনিই বলুন, ফরযে আইন আগে করতে হয়, নাকি ফরযে কিফায়া?

✓ সাহাবায়ে কেরামের যামানায় যখন জিহাদের ডাক আসত, তখন আলেম থেকে শুরু করে ব্যবসায়ী, দিন মজুর, সকল পেশার মানুষকেই ময়দানে ঝাঁপিয়ে পড়তে হতো, ঘরে বসে থাকলে তাকে মুনাফিক সাব্যস্ত করা হতো। জিহাদই (উহুদের যুদ্ধে) সর্বপ্রথম সাহাবাদের জামাত থেকে মুনাফিকদের চিহ্নিত করেছিল।

✓ রাসূলুল্লাহ ﷺ ইরশাদ ফরমান, "ঘোড়ার ললাটে ইয্যত রয়েছে। আর গরুর লেজে রয়েছে লাঞ্ছনা।" অর্থাৎ মানুষ যখন জিহাদে লিপ্ত হবে, তখন তাতে ইসলাম ও মুসলমানদের ইয্যত ও মান-মর্যাদা বৃদ্ধি পাবে, বিশ্বের নেতৃত্বের আসনে তারা সমাসীন থাকবে। আর যখন জিহাদ পরিত্যাগ করে গরুর লেজের অনুসরণ করবে, লাঙ্গল-জোয়াল নিয়ে ক্ষেত-খামারে লিপ্ত হবে, তখন মুসলমান জাতি হবে লাঞ্ছিত, অপদস্থ। যেমনটি হচ্ছে বর্তমান বিশ্বে, পৃথিবীর প্রতিটি আনাচে কানাচে।

✓ হযরত আব্দুল্লাহ ইবনে ওমর রদিয়াল্লহু আনহু বলেন, আমি রাসূলুল্লাহ ﷺ-কে বলতে শুনেছি যে, "যখন তোমরা ক্রয় বিক্রয় এবং ব্যবসা বাণিজ্যে পুরাপুরি মশগুল হয়ে যাবে এবং গরুর লেজ ধরে খেত খামারে মগ্ন হয়ে যাবে আর জিহাদ করা ছেড়ে দিবে তখন আল্লাহ তাআলা তোমাদের উপর এমন অপমান চাপিয়ে দিবেন, যা ততক্ষণ পর্যন্ত দূর হবে না যতক্ষণ না তোমরা আপন দ্বীনের দিকে ফিরে আসবে।" (আবু দাউদ)

আল্লাহর রাসূল ﷺ জিহাদকে দ্বীনের সমার্থক হিসেবে ব্যবহার করেছেন। এ থেকেই জিহাদের গুরুত্ব বুঝে আসে। দ্বীনের অস্তিত্ব জিহাদের সাথে কিভাবে ওতোপ্রোতভাবে জড়িত, তাও এ হাদীস থেকে বুঝা যায়।

✓ইসলামের মেজাজ হলো, মুসলমানদেরকে সৃষ্টি করা হয়েছে বিশ্বের নেতৃত্বের আসনে বসে সারা দুনিয়াতে ন্যায়, ইনসাফ কায়েম করবে, আল্লাহর দীন প্রতিষ্ঠা করবে, পৃথিবীতে আল্লাহর খিলাফত ও শান্তি প্রতিষ্ঠা করবে। এটা মুসলমানের যিন্দেগীর প্রথম কাজ ও ফিকির হতে হবে। আর অন্য সকল জাতি মুসলমানদের খেদমত করবে, গোলামী করবে। বর্তমান বিশ্বে পশ্চিমারা আজ মুসলমানদের সেই আসন দখল করে আছে। তাদের দিকে তাকিয়ে দেখুন, তারা কী করছে? তারা সারা দুনিয়ায় নেতৃত্ব দিচ্ছে আর সারা পৃথিবীর মেধাগুলোকে তারা ক্রয় করে তাদের উপকারে, তাদের স্বার্থে ব্যবহার করছে। মুসলমানরাও একসময় তাই করতো। সুলতান মুহাম্মাদ আল ফাতিহ রাহিমাহুল্লাহ কনস্ট্যান্টিনোপল জয় করার জন্য পৃথিবীর সবচেয়ে শক্তিশালী কামান বানিয়েছিলেন। সেটির ইঞ্জিনিয়ার কে ছিল? একজন খ্রিস্টান। চিন্তা করুন, একজন খ্রিস্টান আরেক খ্রিস্টান সাম্রাজ্য দখল করার জন্য

মুসলমানদেরকে বিশ্বের সবচেয়ে শক্তিশালী কামান বানিয়ে দিল। কেন? কারণ, মুসলমানরা তখন বিশ্বের নেতৃত্বে ছিল। আর তারা দুনিয়ার তাবৎ মেধাকে নিজেদের কাজে লাগাতে পেরেছিল। ত্বগুতের মেধাকে ত্বগুতের বিরুদ্ধে ব্যবহার করতে পেরেছিল। তাই মুসলমানদেরকে গরুর লেজ ত্যাগ করে ঘোড়ার লাগাম ধরতে হবে, এর মাঝেই অধিক কল্যাণ নিহিত রয়েছে।

✓ তাছাড়া যখন খিলাফত কায়েম হবে, তখন খিলাফতের প্রয়োজনে যা যা দরকার তখন করা যাবে। এখন প্রয়োজন আল্লাহর ডাকে প্রত্যেকের সাড়া দেয়া।

হালাল উপার্জন ও হালাল রিজিক সম্পর্কিত কিছু বিষয়

✓ হারাম, মাকরূহ বা সন্দেহপূর্ণ (অর্থাৎ যেখানে জায়েয বা নাজায়েয হওয়ার কোন দিক স্পষ্ট নয়-এরূপ) পন্থায় সম্পদ উপার্জন হতে বিরত থাকতে হবে।

✓ রিজিক অন্বেষন করতে গিয়ে কোনো ফরয বা ওয়াজিব বা সুন্নত কাজে যদি বিঘ্ন ঘটে তাহলে সে পেশা পরিত্যাগ করা। যেমন: যে সব পেশায় পর্দা রক্ষা হবে না (ফরয হুকুম লঙ্ঘন হলো), কিংবা জামাতে নামায আদায় করা যাবে না (ওয়াজিব হুকুম লঙ্ঘন হলো), কিংবা দুপুরে বিশ্রাম নেয়া যাবে না (সুন্নত হুকুম লঙ্ঘন হলো), সেসব পেশা পরিত্যাগ করতে হবে। ছোট্ট একটি সুন্নতের সামনে সমস্ত আসমান যমিনের কি মূল্য আছে?

✓ সুদ ভিত্তিক ব্যাংকে বা বীমা কোম্পানিতে চাকরী করা হারাম।

- সুদ নেয়া, সুদ দেয়া, সুদের দালালী করা, সুদের দলিল লেখা, সুদী লেনদেনে সাক্ষী হওয়া ইত্যাদি, সুদের সাথে যে কোন রকমে সম্পর্কিত হওয়া হারাম।
- সুদ ভিত্তিক ব্যাংকে টাকা জমা রাখা জায়েয নয়। কারণ এতে সুদ ভিত্তিক কারবারের অন্যায়ে সহযোগিতা করা হয়। মুসলমানদের এই পরিমাণ অর্থ-সম্পদ হবে কেন, যার কারণে তাকে ব্যাংকে টাকা জমা রাখতে হয়? এটা সাহাবাওয়ালা মেজাজ নয়, নবীওয়ালা যিন্দেগী নয়। ব্যাংকের সাথে কোনোরূপ সম্পর্ক রাখা যাবে না।
- বর্তমানে প্রচলিত 'বীমা' সুদ ও জুয়ার সমষ্টি বিধায় তা করানো জায়েয নয়।
- আল্লাহর আইন অনুযায়ী বিচার করা যাবে না, এমন বিচারকের পদে চাকুরী করা জায়েয নেই। এমন করাটা কুফুরী।
- যেসব রাষ্ট্র কুফুরী মতবাদ (যেমন গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতাবাদ ইত্যাদি) অনুযায়ী পরিচালিত হয়, সেসব রাষ্ট্রের সরকারী এমন পদ যার উপর সরকারের অস্তিত্ব টিকে থাকা নির্ভর করে (যেমন: প্রতিরক্ষা বাহিনী, প্রশাসন, আইন, বিচার বিভাগ, স্বরাষ্ট্র, পররাষ্ট্র ইত্যাদি) পদে চাকুরী করা জায়েয নেই, বরং কুফুরী, যেহেতু এসকল ক্ষেত্রে সরাসরি কুফরকে অস্তিত্বে টিকিয়ে রাখা হয়। এরা কুফরের গোষ্ঠী। অনেক ক্ষেত্রে এসকল চাকুরীর কারণে "মুরতাদ" হয়ে যেতে হয়। তাই সরকারী এসব চাকুরী থেকে অবশ্যই দূরে থাকতে হবে।
- তবে কুফুরী মতবাদের উপর প্রতিষ্ঠিত সরকারের অস্তিত্ব নির্ভর করে না বরং জনকল্যাণমুখী, এসব পদে (যেমন: চিকিৎসা, কৃষি ইত্যাদি) চাকুরী

করা যেতে পারে, তবে না করা উত্তম। কেননা এতে জালেমের হয়ে কাজ করতে হয়। জালেমের গোলামী করতে হয়।

- ঘুষ গ্রহণ করা হারাম।
- ফটোগ্রাফারের পেশা, নাচ, গান, বাদ্য-বাজনা, অভিনয় ইত্যাদির পেশা নাজায়েয।
- রেডিও, টেলিভিশন ও গান বাদ্যের উপকরণ মেরামতের পেশা বৈধ নয়।
- স্কুল, কলেজ, ভার্সিটির চাকুরী হালাল নয়, কেননা, এখানে দুনিয়াদারী, বদদ্বীনী শিখানো হয়, পর্দার লঙ্ঘন করা হয়। যদি আর কোনো গুনাহ নাও হয়, তবে এতটুকুই যথেষ্ট যে, সেখানে দুনিয়ার কীট গড়া হয়, উম্মতকে ধ্বংসের পথ দেখানো হয়, 'ওয়াহন' ঢুকিয়ে দেয়া হয়।
- সুন্নত বা ওয়াজিব আমল লঙ্ঘনে সহযোগিতা হয় এমন কোনো কাজ করা যাবে না, যেমন: নাপিতগিরি করা। অবশ্য শেভ্ করা না হলে সমস্যা নেই। মনে রাখতে হবে, একটি শব্দ বা কথা দিয়েও যদি কেউ অন্যায়/ নাফরমানীর কাজে সহযোগিতা করে তাকেও সেই অন্যায়কারী/ নাফরমান হিসেবে ধরা হবে।
- এমনিভাবে যেসব বস্তু গোনাহের উপকরণ সেগুলোর ব্যবসা করা ও মেরামত করার পেশা নাজায়েয।
- যে সব দ্রব্যাদির ব্যবহার অবৈধ, হারাম ঔষধ, ইসলাম বিরোধী বই-পুস্তক ইত্যাদির ব্যবসা করা নাজায়েয।
- মানুষের জরুরতের জিনিসের ব্যবসা করেন। হালাল টাকা দিয়ে হারাম, অপ্রয়োজনীয়/অনর্থক (লা ইয়ানী) জিনিস, সুন্নতের বিপরীত জিনিসের ব্যবসা করাও হালাল নয়। যেমন: হালাল টাকা দিয়ে মদের ব্যবসা করা

হালাল নয়। হালাল টাকা দিয়ে খেলনা, ফুচকা, কোক-ফান্টা ইত্যাদি অপ্রয়োজনীয় জিনিসের ব্যবসা করা হালাল নয়। তেমনি, হালাল টাকা দিয়ে শার্ট-প্যান্ট, শাড়ি ইত্যাদি সুন্নতের বিপরীত জিনিসের ব্যবসা হালাল নয়।

- ✓ যেসব চাকুরীতে বা কাজে দুপুরের পরেও সময় দিতে হয় (যেমন গার্মেন্টস এর চাকুরী, বর্তমান সময়ে আমাদের সমাজের ব্যবসায়ীরা রাত এগারটা/বারটা পর্যন্ত দোকান খোলা রাখেন), সে সকল চাকুরী বা কাজ যদি বাধ্যতামূলক হয় তাহলে তা না করাই উত্তম, আর বাধ্যতামূলক না হলে, নিজের ইচ্ছাধীন হলে, দুপুরের পর ব্যবসা গুটিযে ফেলতে হবে। সাহাবায়ে কেরাম দুপুরের পর রিযিকের ফিকির করতেন না। ব্যবসা-বাণিজ্য গুটিয়ে ফেলতেন। এরপরেও কাজ করতে থাকা, দুনিয়ার লোভ, খেলাফে সুন্নত, অনেক ক্ষেত্রে বিদআত।
- ✓ কোনো হালাল পেশাকে তা যতই ছোট মানের হোক না কেন তাকে সম্মানজনক মনে করবে।
- ✓ সম্পদ রক্ষার স্বার্থে কেউ নিহত হলে সে শাহাদাতের ছওয়াব লাভ করবে।
- ✓ ব্যবসায়ের মাঝে আল্লাহ তাআলা অনেক বরকত রেখেছেন। একজন সৎ ব্যবসায়ী হাশরের ময়দানে নবী, সিদ্দিক ও শহীদগণের সাথে অবস্থান করবে।
- ✓ কিছু না পারলে মজদুরি করা। মজদুরির ঘামের দ্বারা আল্লাহ পাক ঐ সকল গোনাহ ক্ষমা করে দেন যা হজ্জ, রোজা বা নামাজের মাধ্যমে বান্দা ক্ষমা পায়নি।

- ✓ তবে সকল ক্ষেত্রে মনে রাখতে হবে, কোনো পেশাই যেন আমাকে আল্লাহ তাআলার রাস্তায় জিহাদে বের হতে অন্তরায় না হয়।
- ✓ আল্লাহ তাআলার কাছে সর্বাপেক্ষা উত্তম পেশা হলো "তাকওয়া", যার মাধ্যমে আল্লাহ তাআলা বান্দার রিযিক পৌঁছে দিয়ে থাকেন। তিনি ইরশাদ করেন,

وَمَن يَتَّقِ ٱللَّهَ يَجْعَل لَّهُۥ مَخْرَجاً- وَيَرْزُقْهُ مِنْ حَيْثُ لاَ يَحْتَسِبُ وَمَن يَتَوَكَّلْ عَلَى ٱللَّهِ فَهُوَ حَسْبُهُۥ

"যে আল্লাহ তাআলাকে ভয় করে (অর্থাৎ নিজেকে গুনাহমুক্ত রাখে ও আল্লাহ পাকের হুকুম পালন করে) আল্লাহ পাক সকল বিপদ থেকে তাকে উদ্ধার করবেন এবং এমন জায়গা থেকে তার জন্য রিজিকের ব্যবস্থা করবেন, যা তার ধারণার বাইরে। যে ব্যক্তি আল্লাহর উপর ভরসা করে তার জন্যে তিনিই যথেষ্ট।" (৬৫ সূরা ত্বলাক: ২-৩)

তাই রিযিক নিয়ে, বিশেষতঃ পেশা নিয়ে বেশি চিন্তা বা পেরেশানী না করি। আমার সাধ্যের মাঝে যা করতে পারি তাই করি আর আল্লাহকে ভয় করি। জিহাদের জন্য কদম বাড়াই। আল্লাহর হুকুম অনুযায়ী সাহাবাওয়ালা যিন্দেগী গড়ি। রিযিক আল্লাহ পাকের জিম্মায়। তিনিই আমার ও আমার পরিবারবর্গের রিযিক দানের জন্য যথেষ্ট।

সাহাবায়ে কেরাম সরকারি লোকদের খুবই অপছন্দ করতেন

সরকারী চাকুরীতে সারা দেশের মানুষের হক্ব জড়িত থাকে। কেননা সরকারী চাকুরীজীবীদের বেতন সরকার সাধারণ মানুষের ট্যাক্স থেকে দিয়ে থাকে। তাই কাজে ফাঁকি দিলে, কিংবা ডিউটি ঠিকমত না করলে কিয়ামতের দিন দেশের প্রতিটি মানুষের কাছে জবাবদিহি করতে হবে। তাছাড়া যদি চাকুরী এমন হয়, যার উপর তৃগুত সরকারের অস্তিত্ব নির্ভর করে, তাহলে ক্ষেত্রবিশেষে তা অনেক সময় কুফুরী ও ইরতিদাদের পর্যায়ে নিয়ে যেতে পারে। তাই সাহাবায়ে কেরাম সরকারী চাকুরীকে অত্যন্ত ঘৃণা করতেন। এরকম একটি কাহিনী শুনুন।

হযরত আবু যর রদিয়াল্লহু আনহুর মৃত্যুর সময় ঘনিয়ে এল। তাঁর স্ত্রী কাঁদতে লাগলেন। তিনি শ্বাসরুদ্ধ কণ্ঠে বললেন- কাঁদছ কেন?

স্ত্রী বলল- আমি কাঁদছি এজন্য যে আপনাকে কাফন দেওয়ার মতো ক্ষমতাও আমার নেই। আপনার এমন কোনো কাপড়ও নেই যা কাফন হিসেবে ব্যবহার করা যায়।

তিনি অবিচল আস্থার সঙ্গে বললেন- কেঁদো না; কারণ, রাসূল ﷺ কয়েকজন সাহাবীকে বলেছিলেন-'তোমাদের মধ্য থেকে এক ব্যক্তি জন-মানবহীন স্থানে মৃত্যুবরণ করবে। তার দাফন, কাফন ও জানাযায় একদল মুমিন উপস্থিত হবে।' যাঁদের লক্ষ্য করে বলেছিলেন, আমিও তাদের মধ্যে একজন। যাঁরা ঐ মুহূর্তে ছিলেন তাঁরা সবাই বিভিন্ন জনপদে মৃত্যুবরণ করেছেন। আমিই জন-মানবহীন স্থানে মৃত্যুবরণ করব। আল্লাহর কসম! তিনি মিথ্যা বলেননি, আমিও মিথ্যা বলিনি। তুমি যাতায়াত পথে নজর রেখো।

স্ত্রী হতাশ কণ্ঠে বললেন- কোথা থেকে মানুষ আসবে। হজের মৌসুম পার হয়ে গেছে।

স্ত্রী টিলার উপর দাঁড়িয়ে পথে নজর রাখতেন। আবার ফিরে এসে সেবা করতেন। আবার টিলায় ফিরে যেতেন। পথের দিকে তাকিয়ে থাকতেন। এভাবে একটি কাফেলা দেখতে পেলেন। বস্ত্রখণ্ড উঁচিয়ে তাদের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করলেন। তার চেষ্টা সফল হলো। কাফেলা কাছে এসে বলল- কী হয়েছে?

-একজন মুসলমান মৃত্যুশয্যায় শায়িত, তিনি ইন্তেকাল করলে তোমরা কাফন দিবে।

- কে তিনি?

- রাসূলের প্রিয় সাহাবী আবু যর গিফারী।

তারা তাঁর কাছে গেল। তখন তিনি মৃত্যুর খুব কাছে।

আবু যর গিফারী রদিয়াল্লহু আনহু তাদের বললেন- "যদি আমার কাপড় অথবা আমার স্ত্রীর কাপড় দিয়ে আমাকে কাফন যথেষ্ট হয়, তাহলে অন্য কাপড় দিয়ে আমাকে কাফন দেবে না। আমি তোমাদের আল্লাহ ও ইসলামের দোহাই দিয়ে বলছি- তোমাদের মাঝে যদি কেউ প্রশাসক থাকে কিংবা কোনো ধরনের সরকারি কাজের সাথে সম্পৃক্ত কেউ থাকে সে যেন আমাকে কাফন না দেয়।"

তিনি যে গুণাগুণের লোকের কথা বললেন তেমন শুধু একজন আনসার যুবক ছিল।

সে বলল- হে চাচা! আমি আপনার কাফন দেব। আপনি যে গুণের লোকের কথা বলেছেন আমি সে গুণসম্পন্ন। আমি আমার পরনের এ চাদর আর আমার মায়ের সেলাই করা এ দুটো কাপড় দিয়ে আপনার কাফন

দেব। এ দুটি জামা মা আমার জন্য বানিয়েছিলেন। আনসারী যুবক তাকে কাফন দিলো।

নবীজী ﷺ-এর মাদরাসা কার্যক্রম পরিচালনা এবং দৈনন্দিন রুটিন:

কুরআন-হাদীস পড়িয়ে টাকা পয়সা নিবে না। এটি কেয়ামতের একটি আলামত। (মুসনাদে আহমদ-১৯৮৯৮)

দয়া করে রাগ করবেন না! ধৈর্য্য ধরে কথাগুলো আগে শুনুন। আমি এ বিষয়ে কোনো যুক্তি তর্কে যেতে চাইনা। এখানে জায়েয-নাজায়েযের কথা হচ্ছে না। আমি যে ইসলাম নিয়ে কথা বলছি, সেটি হলো নবুওয়তের যামানার ইসলাম। আমি শুধু আপনাদের সামনে 'মাদরাসা পরিচালনার ক্ষেত্রে নবীওয়ালা আদর্শ কী' তা তুলে ধরবো। যারা কথাগুলো মানতে পারবেন তারা মানবেন।

আল্লাহর রাসূল ﷺ থেকে শুরু করে কোনো সাহাবী কোনোদিন কাউকে দ্বীন শিখিয়ে অর্থ উপার্জন বা রুজী রোজগার করেননি। আল্লাহর রাসূলের মাদরাসার (মসজিদে নববীর) ত্বলেবে এলেম সাহাবায়ে কেরামগণ ছিলেন। তারাও কখনো দ্বীন শিখানোর বিনিময়ে আল্লাহর রাসূলকে বেতন দেন নি।

আল্লাহর রাসূলের মাদরাসার ক্লাস সারাদিন ব্যাপী চলতো না। মাদরাসার ঘণ্টা চলতো ফযরের পর থেকে চাশত পর্যন্ত। এই মাদরাসা থেকেই বের হয়েছে ইসলামের সর্বশ্রেষ্ঠ মুফাস্‌সির, সর্বশ্রেষ্ঠ মুহাদ্দিস্‌, সর্বশ্রেষ্ঠ ফকীহ, সর্বশ্রেষ্ঠ দাঈ, সর্বশ্রেষ্ঠ সালেকীন, সর্বশ্রেষ্ঠ সিপাহ-সালারগণ, খুলাফায়ে রাশেদাগণ। আল্লাহর রাহে কুরবানি করে শরীয়তকে বাস্তবায়ন করার মানসিকতা থাকলে কয়েক ঘণ্টার ক্লাসেই এগুলো সম্ভব।

আর আমলের মানসিকতা না থাকলে চব্বিশ ঘণ্টা ক্লাস করালেও শুধু জ্ঞান অর্জনই হবে, ইসলাম ও মুসলিমের কোনো ফায়দা হবে না। জিহাদের ডাক এলে আল্লাহর রাসূলের মাদরাসার কার্যক্রম বন্ধ থাকত, সকলেই জিহাদে যোগদান করতেন। জিহাদ থেকে ফিরে আবার সবাই মাদরাসার কার্যক্রম নিয়ে ব্যস্ত হয়ে যেতেন।

ক্লাসের ফাঁকেই নবীজী ﷺ ইশরাক আদায় করে নিতেন। চাশতের নামায আদায় করে সবাই যার যার মতো রিযিকের তালাশে বেরিয়ে পড়তেন। এদিকে চাশত পড়ে আল্লাহর রাসূল ﷺ পালা অনুযায়ী আম্মাজানদের ঘরে তাশরীফ নিয়ে যেতেন। সেখানে তিনি গৃহস্থালীর কাজ আঞ্জাম দিতেন। প্রায়ই ঘরের বিভিন্ন কাজ তিনি নিজেই করতেন। যেদিন তিনি খানা খেতেন সাধারণত এই সময় খেতেন। যোহরের আগে কিছু সময় বিশ্রাম নিতেন (কাইলূলা করতেন)। ঐদিকে অধিকাংশ মশহুর সাহাবী যোহর পর্যন্ত রিযিকের সন্ধানে ব্যস্ত থাকতেন। যোহরের পর আল্লাহর রাসূল ﷺ অনেক সময় বাজারের কার্যক্রম পরিদর্শন করতেন। দোকানদারদের দিকে দৃষ্টি দিতেন। তাদের পণ্যদ্রব্যের মান যাচাই করতেন এবং মাপ ও ওজন ঠিকমত দেয়া হচ্ছে কিনা তা লক্ষ্য করতেন। জনপদে ও বাজারে কোনো অভাবগ্রস্ত থাকলে তিনি তার অভাব দূর করতেন। আসরের পর তিনি একেক করে সকল আম্মাজানদের গৃহে গমন করতেন এবং কুশলাদি বিনিময় করতেন। মাগরিবের পর রাত্রি যাপনের জন্য আল্লাহর রাসূল ﷺ যে আম্মাজানের পালা হতো তাঁর ঘরে চলে যেতেন। প্রায়ই সকল আম্মাজান এসে সে ঘরে জমায়েত হতেন। মদীনার মহিলারাও অনেক সময় এসে সেখানে সমবেত হতেন। কারণ আল্লাহর

রাসূল ﷺ সে সময় মহিলাদের দ্বীন শিক্ষা দিতেন। এ মজলিশটি প্রকৃতপক্ষে নারী শিক্ষালয়ের রূপ ধারণ করতো। এভাবেই চলতো নবুওয়তী মাদরাসার কার্যক্রম। ঈশার নামায আদায় করে নবীজী ﷺ দ্রুত শুয়ে পড়তেন। কিছুক্ষণ ঘুমিয়ে উঠে পড়তেন। তাহাজ্জুদে দীর্ঘ সময় দাঁড়িয়ে 'কিয়ামুল্লাইল' করতেন, যার ফলে তাঁর পা মোবারক ফুলে যেত। (ওসওয়ায়ে রাসূলে আকরাম ﷺ : পৃ.৩৮০-৩৮১)

পরবর্তীতেও অনেক সাহাবী, তাবেঈ, তাবে-তাবেঈগণ দিনের একটি অংশ দ্বীন শিখা ও শিখানোর কাজে ব্যয় করতেন, আরেকটি সময় আয়-রোজগারের জন্য ব্যয় করতেন, কিছু সময় পরিবার পরিজনদের দিতেন, একটি অংশ ব্যক্তিগত কাজ করতেন, বাকী সময় ইবাদতে কাটাতেন। আর জিহাদের সময় হলে সব ফেলে ময়দানে চলে যেতেন। একথা চিন্তা করতেন না যে, আমি ময়দানে গেলে আমার মাদরাসার কী হবে? আমি শহীদ হয়ে গেলে আমার ত্বলাবাদের কী হবে? আমি শহীদ হয়ে গেলে দ্বীনের ক্ষতি হয়ে যাবে!!!

যখন জিহাদ ফরযে আঈন হয়ে যায়.....

যখন জিহাদ ফরযে আঈন হয়ে যায়, তখন উম্মতের সকলের উপর একটি পেশাই অনুমোদিত, আর সেটি হলো 'তরবারি'র পেশা অর্থাৎ জিহাদ। এটি ব্যতীত অন্য কোনো পেশায় নিয়োজিত হওয়া গুনাহে কবীরা। অন্য কোনো পেশায় নিয়োজিত হওয়া জায়েয নেই। মাদরাসাওয়ালাদেরকে মাদরাসা ছাড়তে হবে, তাবলীগওয়ালাদের তাবলীগ ছাড়তে হবে, খানকাহওয়ালাদের খানকাহ ছাড়তে হবে, রাজনীতিওয়ালাদের রাজনীতি ছাড়তে হবে, ব্যবসাওয়ালাদের ব্যবসা ছাড়তে হবে, ডাক্তারকে ডাক্তারী ছাড়তে হবে, ইঞ্জিনিয়ারকে ইঞ্জিনিয়ারী ছাড়তে হবে, চাকুরীওয়ালাদের চাকুরী ছাড়তে হবে, ছাত্রদেরকে পড়াশুনা ছাড়তে হবে, কৃষিজীবীদের কৃষি, খেত-খামার ও গরুর লেজ ছাড়তে হবে। যদি না ছাড়া হয়, সে ফাসেক, গোনাহে কবীরা করনেওয়ালা, আল্লাহ তাআলার ফরয হুকুম তরক করনেওয়ালা, হোক সে আল্লামা কিংবা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বক্তা বা ক্বারী, হোক সে গ্র্যান্ড মুফতী কিংবা শাইখুল ইসলাম, হোক সে শাইখুল হাদীস কিংবা শাইখুল কুরআন, হোক সে শামসুল উলামা কিংবা নাযমুল উলামা, হোক সে যামানার শ্রেষ্ঠ আলেম কিংবা শ্রেষ্ঠ বুযুর্গ, হোক না সে শ্রেষ্ঠ পীরে কামেল, হোক না সে শ্রেষ্ঠ দাঈ ইলাল্লাহ, সে যাই হোক না কেন, তার নামের আগে "ফাসেক" উপাধি যোগ হবে। মনে রাখবেন, এসকল টাইটেল বা উপাধি সাহাবাদের যামানায় ছিল না।

হ্যাঁ, নবুওয়তের যামানায় অবশ্য দুইটা টাইটেল ছিল। কেননা, সাহাবাদের জামাতে দুই শ্রেণির মুসলমান ছিল। এক. খাঁটি মুসলমান, দুই. মুনাফিক।

যারা আল্লাহর রাসূলের সাথে সকল জিহাদে অংশগ্রহণ করতেন, তাঁরা ছিলেন খাঁটি মুসলমান আর যাঁরা জিহাদ ত্যাগ করতো, তারা ছিল মুনাফিক। তাই বর্তমান সময়েও দ্বীনের সকল কাজ করার পরেও জিহাদ ত্যাগ করার কারণে 'মুনাফেক' হওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে, যেমনটি আল্লাহর রাসূলের যামানায় ছিল।

দ্বীনতো সেটিই আছে, কিন্তু আমাদের মানসিকতা, চিন্তা-চেতনা নষ্ট হয়ে গেছে, 'হেকমত' নামের ভূত সকলের মাথায় চেপে বসেছে। যে যত বেশি জিহাদ থেকে পালানোর পন্থা উদ্ভাবন করতে পারি, সে তত বেশি হেকমতওয়ালা!!!

দ্বীনের সাথে সম্পর্কিত ব্যক্তিদেরই যদি এই অবস্থা হয়, তাহলে আমরা যারা দুনিয়ার গোলাম, দুনিয়া নিয়েই যাদের ভোর আর দুনিয়া নিয়েই যাদের সন্ধ্যা, যাদের মন-মগজের ভিতর পুরোটাই দুনিয়া, তাদের অবস্থা কী হবে, একটু চিন্তা করি। বর্তমান যামানাই সেই যামানা, যেই যামানায় জিহাদ সকলের উপর ফরযে আঈন। আল্লাহ তাআলা চাইলে, এই যামানাই ইমাম মাহদী আলাইহিস্ সালামের যামানা। এখন আর অন্য কোনো কিছু করার সুযোগ কারোর নেই। আগে জিহাদ, পরে অন্য কিছু!!!

০৩. ধন-সম্পদঃ টাকা-পয়সা, সোনা-রূপা, জায়গা-জমি, বাহন

ধনাসক্তির নিন্দনীয়তা সম্পর্কে কুরআন-হাদীসের বাণীঃ

- আল্লাহ তাআলা ইরশাদ করেন,

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ آمَنُواْ لاَ تُلْهِكُمْ أَمْوَالُكُمْ وَلاَ أَوْلاَدُكُمْ عَن ذِكْرِ ٱللَّهِ وَمَن يَفْعَلْ ذَٰلِكَ فَأُوْلَٰئِكَ هُمُ ٱلْخَاسِرُونَ ﴿٩﴾

"তোমাদের ধন-দৌলত এবং সন্তান-সন্ততি যেন তোমাদিগকে আল্লাহ তা'আলার যিক্‌র হতে বিরত না রাখে। যারা বিরত থাকবে, নিশ্চয়ই তারা ক্ষতিগ্রস্ত।" (৬৩ সূরা মুনাফিকুনঃ ৯)

- আল্লাহ তাআলা আরো ইরশাদ করেন,

وَٱعْلَمُوٓاْ أَنَّمَآ أَمْوَالُكُمْ وَأَوْلاَدُكُمْ فِتْنَةٌ وَأَنَّ ٱللَّهَ عِندَهُ أَجْرٌ عَظِيمٌ ﴿٢٨﴾

"জেনে রেখো, তোমাদের মাল-সম্পদ ও সন্তান-সন্ততি হচ্ছে (আল্লাহ তাআলার) পরীক্ষামাত্র (তিনি দেখবেন, তাঁর ডাকে তোমরা এগুলোকে কুরবানী করতে পারো কিনা), (আর যে ব্যক্তি এ পরীক্ষায় উত্তীর্ণ হবে) তার জন্য অবশ্যই আল্লাহ তাআলার কাছে মহা প্রতিদান রয়েছে।"

(৮ সূরা আনফালঃ ২৮)

- রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, ليكن بلاغ أحدكم كزاد الراكب "তোমাদের একেকজনের সম্বল যেন হয় মুসাফিরের পাথেয় পরিমাণ।"

- রাসূলে কারীম ﷺ ইরশাদ করেন, "ধন-সম্পদের প্রতি আসক্তি ও প্রভুত্বের লিপ্সা হৃদয়ের মধ্যে এমনভাবে মুনাফেকী উৎপন্ন করে যেমন, পানি ঘাস উৎপন্ন করে থাকে।"

- নবীজী ﷺ আরো ইরশাদ করেন, "ধনৈশ্বর্য ও মান-মর্যাদার মোহ মানুষের হৃদয়ে প্রবেশ করে তার দ্বীনদারীকে এমন সাংঘাতিকরূপে ধ্বংস করে থাকে, বকরীর পালের মধ্যে দুইটি ক্ষুধার্ত বাঘ প্রবেশ করেও এমনভাবে ক্ষতি করতে পারে না।"

- রাসূলে আকরাম ﷺ আরো ইরশাদ করেন, "দুনিয়াকে দুনিয়াদারদের হাতে ছেড়ে দাও। যে ব্যক্তি দুনিয়া হতে নিজের অভাব মোচনের পরিমাণ অপেক্ষা অধিক কিছু গ্রহণ করবে, সে তার নিজের ধ্বংস ডেকে আনবে; অথচ সে টেরও পাবে না যে, তার সর্বনাশ হচ্ছে।"

- তিনি আরোও বলেন, "মানুষ 'আমার ধন'! 'আমার সম্পদ!' বলে সর্বদা চিৎকার করে। (অথচ তোমরা বুঝতে পার না যে, ধন-সম্পদের সাথে তোমাদের সম্পর্ক কতটুকু!) এছাড়া (পার্থিব) ধন-সম্পদে তোমাদের আর কি অধিকার আছে যে, যেটুকু তোমরা আহার করলে তা নষ্ট করে ফেললে, আর যেটুকু তোমরা পরিধান করলে তা পুরাতন ও ছিন্ন-বিচ্ছিন্ন করে ফেললে, আর যেটুকু তোমরা আল্লাহ তাআলার নামে গরীব-

মিসকিনকে (ও আল্লাহর রাস্তায় দান করলে) তা নিজের কল্যাণের জন্য চিরকালের জন্য সঞ্চয় করলে।”

অর্থাৎ মানুষের সম্পদ মূলত ততটুকুই, যতটুকু সে নিজে খাবে, নিজে পরবে আর যতটুকু আল্লাহর রাস্তায় ব্যয় করে। আর বাকী সম্পদটুকু তার নয়, তার ওয়ারিশদের, যাদের জন্য সে তার যিন্দেগী বরবাদ করে।

(কিমিয়ায়ে সাআদাত, তৃতীয় খণ্ড, পৃ. ১৫৩)

কতটুকু ধনসম্পদ হাসিল করা প্রশংসনীয়ঃ

এক্ষেত্রে একটি মূলনীতি হলো, “ধনসম্পদ মুমিনের জন্য বিষতুল্য। তবে আল্লাহ তাআলাকে পাওয়ার জন্য সহায়ক যতটুকু ধন-সম্পদ প্রয়োজন, একজন মুমিন ততটুকুই ধনসম্পদ অর্জন করবে।”

এই মূলনীতির ব্যাখ্যাঃ

- ধন-সম্পদ বলতে ‘টাকা-পয়সা, জায়গা-জমি, বসত-বাড়ি, সোনা-রূপা, আসবাবপত্র, বাহন- যেমনঃ গাড়ি, ঘোড়া’ ইত্যাদি উদ্দেশ্য।
- আল্লাহ তাআলাকে পাওয়ার জন্য সহায়ক খাতসমূহ হচ্ছে সেই খাত সমূহ যেগুলোতে খরচ করতে আল্লাহ তাআলা হুকুম করেছেন, যেমন-
  - ✓ নিজের এবং অধীনস্থ পরিবার-পরিজনদের আহার, বস্ত্র, বাসস্থান, গৃহস্থালি প্রয়োজনীয় সরঞ্জামাদির জন্য ব্যয়।
  - ✓ বিলাসিতা না হয়, এমন পরিমাণ অন্যান্য প্রয়োজনীয় ব্যয়।
  - ✓ নিজের এবং অধীনস্থদের ইলম চর্চার জন্য আনুসঙ্গিক ব্যয়।
  - ✓ চিকিৎসা ব্যয়।
  - ✓ গৃহপালিত পশু-পাখি পালন বাবদ ব্যয়।

✓ আল্লাহর রাস্তায় দাওয়াত, হিজরত এবং জিহাদের জন্য প্রয়োজনীয় ব্যয়।

- দারিদ্র্যের সীমা: দারিদ্র্য যেন এই পরিমাণ না হয়, যেই অবস্থায় শয়তান দারিদ্র্যের কারণে দীলের মাঝে কুফুরী এবং আল্লাহ তাআলার প্রতি কুধারণা সৃষ্টি করার সুযোগ পায়।
- ধনাঢ্যের সীমা: **ধনসম্পদের প্রাচুর্য যেন এই পরিমাণ না হয়, যাতে করে একজন মানুষের উপর যাকাত ফরয হয়ে যায়।** অর্থাৎ সম্পদের প্রাচুর্যের কারণে তা জমানোর প্রয়োজন যেন না পড়ে। এটাই রাসূলুল্লাহ এবং তাঁর হাতেগুনা দুই একজন সাহাবী বাদে সকলের যিন্দেগীর সুন্নত। আল্লাহ তাআলা সকল সাহাবায়ে কেরামকে জান্নাতুল ফিরদাউসের সুউচ্চ মাকাম দান করুন। আমীন।

- এই কারণেই রাসূলুল্লাহ ﷺ আল্লাহ তাআলার কাছে দুআ করতেন, "হে পরওয়ারদেগার! মুহাম্মাদের সন্তানদেরকে অভাব মোচনের (দুনিয়ার যিন্দেগী চলে যায়) পরিমাণ সম্পদ দান করুন।" কেননা, তিনি খুব ভালো করেই জানতেন, এরচেয়ে কম সম্পদে যেমন কুফুরির গন্ধ আছে, তেমনি এর চেয়ে বেশি সম্পদে ধ্বংস বা বিনাশের গন্ধ আছে।

- হযরত আবু বকর রদিয়াল্লহু আনহু "প্রয়োজন পরিমাণ" সম্পদ উপার্জনের ব্যাপারে অত্যন্ত সতর্ক ছিলেন।
  তখন তিনি আমীরুল মুমিনীন। একবার তাঁর স্ত্রী তাঁর কাছে মিষ্টি খাওয়ার আবদার করলেন। তিনি জানালেন, তাঁর কাছে মিষ্টি খাওয়ানোর মতো কোনো অতিরিক্ত টাকা নেই। তিন মাস পর তাঁর স্ত্রী কিছু দীনার তাঁর হাতে দিয়ে বললেন, এগুলো দিয়ে আমাকে মিষ্টি এনে

দিন। তখন তিনি জিজ্ঞেস করলেন, এই দীনারগুলো তুমি কোথায় পেলে? তাঁর স্ত্রী উত্তর দিলেন, আপনি প্রতি মাসে খোরাকি বাবদ যে পরিমাণ টাকা তুলে দেন, তা থেকে বাঁচিয়ে জমা করেছি। তখন হযরত আবু বকর সিদ্দিক রদিয়াল্লহু বললেন, তার মানে প্রতি মাসে এই পরিমাণ উপার্জন না হলেও আমার সংসার চলে। তখন তিনি ঐ দীনারগুলো বাইতুল মালে জমা করে দিলেন এবং তাঁর জন্য নির্ধারিত বেতন থেকে ঐ পরিমাণ অংশ কমিয়ে নিলেন, যে পরিমাণ তাঁর স্ত্রী প্রতি মাসে জমা করতো।

- মাল জমা করা যাবে না। এটা সুন্নতের খেলাফ। রাসূলুল্লাহ ইরশাদ করেন,“ হে আদম সন্তান! তুমি প্রয়োজনের অতিরিক্ত মাল খরচ করে দাও, এটি তোমার জন্য মঙ্গলজনক আর তা জমা করে রাখা তোমার জন্য অমঙ্গলজনক।” (মুসলিম, মেশকাত)

তিনি আরো ইরশাদ করেন, “আমার কাছে যদি ওহুদ পাহাড় পরিমাণ স্বর্ণও থাকে তবুও আমি এটি পছন্দ করব না যে, তার কিছু অংশ আমার নিকট তিন দিনের অধিক থাকুক। হ্যাঁ, কর্জ/ঋণ পরিশোধের জন্য রাখা যেতে পারে।” (মেশকাত)

হযরত রাসূলে কারীম ﷺ বলেন, "আল্লাহ তাআলা যার অমঙ্গল চান, তার ধন সম্পদ পানি ও মাটির মধ্যে বিনষ্ট করে দেন।" (অর্থাৎ বাসগৃহ নির্মাণের জন্য মাটি ও পানির সাহায্যে ইট প্রস্তুতের কাজে ব্যয় করে দেন।)

হযরত আব্দুল্লাহ ইবনে উমর রদিয়াল্লহু আনহু বলেন, একদিন রাসূলে কারীম ﷺ আমাদের কাছ দিয়ে যাওয়ার সময় জিজ্ঞাসা করলেন, তোমরা কি করতেছ? আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! একখানা কুঁড়েঘরে ছিল, ভেঙ্গে গেছে। আমরা তা মেরামত করছি। তিনি বললেন, তোমরা এখন যে কাজে হাত দিয়েছো, আসল কাজ তা অপেক্ষা আরোও নিকটবর্তী। সময় পাবে কিনা বলা যায় না। অর্থাৎ মৃত্যু মাথার উপর দণ্ডায়মান।

আরেকদিন তিনি বলেন, " যে ব্যক্তি (আয়তনে বা সংখ্যায়) আবশ্যকের অতিরিক্ত গৃহ নির্মাণ করবে, কিয়ামতের দিন তাকে আদেশ করা হবে, এই গৃহ মাথায় নিয়ে দাঁড়িয়ে থাকো।"

হযরত নবী করীম ﷺ বলেন, "মানুষ সংসারে যে সমস্ত বড় বড় দালান-কোঠা নির্মাণ করে, কিয়ামতের দিন তা তার জন্য ভীষণ শাস্তির কারণ হবে। কিন্তু শীত-গ্রীষ্ম হতে আত্মরক্ষার জন্য যত বড় গৃহের একান্ত প্রয়োজন তত বড় গৃহ নির্মাণ করলে শাস্তি ভোগ করতে হবে না।"

আমীরুল মু'মিনীন হযরত উমর রদিয়াল্লহু আনহু একবার সিরিয়ায় যাওয়ার সময় রাস্তার পাশে ইট নির্মিত কতগুলো বিল্ডিং দেখে বললেন, "ইতিপূর্বে আমি ধারণাও করতে পারিনি যে, হামান ফেরাউনের জন্য যে উঁচু প্রাসাদ নির্মাণ করেছিল, একসময় মুসলমানরাও ইট দিয়ে তদ্রূপ উঁচু দালান বানাবে।"

হযরত আব্বাস রাদিয়াল্লহু আনহু একটি উচ্চ বাসগৃহ নির্মাণ করেছিলেন। হুযুরে আকরাম ﷺ-এর আদেশে পরে তা ভেঙ্গে ফেলা হয়।

হযরত সালমান ফারসী রদিয়াল্লহু আনহু মাদায়েনের গভর্নর নিযুক্ত হলেন। সেখানে তাঁর কোনো ঘর ছিল না। কোনো ঘর পেলে ঘরের ছায়ায় আশ্রয় নিতেন। এক লোক তাঁকে বলল, আমরা আপনার জন্য একটি ঘর বানাতে চাই। শীত ও গরম থেকে রক্ষা পাবেন। অনেক পীড়াপীড়ির পর তিনি রাজি হলেন। লোকটি চলে যেতে উদ্যত হলে তিনি লোকটিকে বললেন, ঘরের ধরণ কেমন হবে? লোকটি বলল, "ঘর হবে বাঁশের। দাঁড়ালে মাথা ছাদ স্পর্শ করবে। শুলে পা দেয়াল স্পর্শ করবে।" তিনি রাজি হলেন। যেমন বলা হলো ঠিক তেমনি ঘর বানানো হলো।

একদিন নবীজী ﷺ কয়েকজন সাহাবী রদিয়াল্লহু আনহুমদের সাথে বের হলেন। তিনি একটি গম্বুজ বিশিষ্ট পাকা বাড়ি দেখতে পেয়ে জিজ্ঞাসা করলেন, এই বাড়িটি কার? সাহাবা রাদিয়াল্লহু আনহুম জানালেন, অমুক আনসারির। এ কথা জানতে পেরে নবীজী ﷺ অসন্তুষ্ট হলেন এবং সেখান হতে চলে গেলেন। পরবর্তীতে একদিন সেই আনসার সাহাবী নবীজী ﷺ-এর খেদমতে এসে সালাম দিলেন, কিন্তু নবীজী ﷺ তার থেকে মুখ ফিরিয়ে নিলেন এবং সালামের উত্তর দিলেন না। সেই আনসার সাহাবী কয়েকবার সালাম দিলেন, কিন্তু প্রতিবারই নবীজী ﷺ চুপ রইলেন। তিনি বুঝতে পারলেন, নবীজী ﷺ কোনো কারণে তার উপর অসন্তুষ্ট হয়েছেন। অন্যান্যদের নিকটে এর কারণ জিজ্ঞাসা করলে তারা জানালেন, নবীজী ﷺ বাইরে গিয়েছিলেন এবং পথে তোমার বাড়ি দেখে জিজ্ঞাসা করেছিলেন। এ কথা শুনে সেই আনসার সাহাবী সেখান থেকে চলে গেলেন এবং নিজের বাড়িটি সম্পূর্ণ ভেঙ্গে মাটির সাথে মিশিয়ে দিলেন। এরপর অন্য একদিন নবীজী ﷺ সেই পথ দিয়ে যাওয়ার সময় সেই পাকা বাড়িটি দেখতে না

পেয়ে সাহাবীদেরকে জিজ্ঞাসা করলেন, সেই গম্বুজটির কি হলো? সাহাবীগণ উত্তর দিলেন, সেই বাড়ির মালিক আনসারি আমাদের নিকট আপনার মুখ ফিরিয়ে নেয়ার কারণ জিজ্ঞাসা করলে আমরা তাকে বলেছিলাম, আপনি তার দালান দেখেছেন। তাই সে ভেঙ্গে ফেলেছে। তখন নবীজী ﷺ বললেন, প্রত্যেক পাকা দালান তার মালিকের জন্য আযাব হবে, তবে সেই ঘর ব্যতীত যা মানুষ নিতান্ত প্রয়োজনে নির্মাণ করে। আনসারি সাহাবীর উক্ত ঘটনাটি হতে বুঝা যায়, আল্লাহর রাসূল ইটের বিল্ডিং কতটা অপছন্দ করতেন।

কোনো একজন সাহাবী রাযি. নবীজীর ওফাতের অনেকদিন পর মদীনায় ঢুকে নতুন কিছু বিল্ডিং দেখে এক লোককে জিজ্ঞেস করলেন, এটা কোন্ শহর? লোকটি জানাল, এটি নবীজী ﷺ-এর শহর। তখন ঐ সাহাবী রাযি. মন্তব্য করেছিলেন, "ও! আমি মনে করেছিলাম, এটা ফিরাউনের শহর!" কথাটি ঐ ব্যক্তির নিকট বেআদবীমূলক মনে হওয়ায় সে ঐ সাহাবীকে ধরে তৎকালীন খলিফার নিকট নিয়ে যায়। খলীফা সাহাবীর পরিচয় পেয়ে সম্মান প্রদর্শন করেন এবং তার এহেন মন্তব্যের কারণ জিজ্ঞেস করেন। তখন সাহাবী রদিয়াল্লহু আনহু বললেন, "আল্লাহর রাসূলের ﷺ যামানায়তো আমরা এগুলো কখনো দেখিনি, এগুলো বানানোর কথা চিন্তাও করিনি, বরং অপছন্দ করতাম, কেননা আল্লাহর রাসূলের ﷺ মুখে শুনেছি, ফিরাউন উঁচু উঁচু বিল্ডিং বানাত।"

হায়! আজ যদি সাহাবায়ে কেরাম কেউ জীবিত হয়ে আসতে পারতেন না জানি এই যামানার মুসলমানদের বিল্ডিংগুলো দেখে কী মন্তব্য করতেন আর এই বিল্ডিংগুলোরই না জানি কী হালত করতেন!!

❖ বর্তমান যামানায় ইসলাম:

● বর্তমানে সাধারণ মুসলমানদের তো বটেই, এমনকি বড় বড় আলেম উলামাদেরও আজীবনের স্বপ্ন-সাধ থাকে একটি পাকা বাড়ি বানানোর। আমার শহরে যতগুলো বড় বড় মাদরাসা আছে, তার প্রতিটির মুহতামিম সাহেবদের দুই চার তলা ইটের দালান রয়েছে। হায়রে উম্মত! একটুও চিন্তা করে না, রহমতের নবী যে কারণে তাঁর প্রিয় আনসারী সাহাবীর সালামের জবাব দিলেন না, এমনকি তার দিকে মুখ ফিরেও তাকালেন না, সেই নবী আমার-আপনার মতো গুনাহগারকে কি কিয়ামতের ময়দানে বুকে টেনে নিবেন? সাহাবীদের প্রতি এক আচরণ আর আমি আলেম বলে আমার সাথে আরেক আচরণ করবেন, সেটা কিভাবে সম্ভব? যেই সকল আলেম দুই-চার তলা পাকা দালান নির্মাণ করেন, তাদের কতগুলো যুক্তি আছে। যেমন:

১. আল্লাহর রাসূল ﷺ প্রশস্ত বাড়ি, একটি বাহন ও নেক স্ত্রীর জন্য দুআ করেছেন।

মন্তব্য: ভালো কথা। যিনি ﷺ দুআ করেছিলেন, আল্লাহ তাআলা সেই নবীজী ﷺ-কে তাঁর দুআর প্রেক্ষিতে কি ধরণের বাড়ি দিয়েছিলেন?

২. বাড়িটি প্রয়োজনের প্রেক্ষিতে বানানো হয়েছে?

মন্তব্য: প্রয়োজন আর নিতান্ত প্রয়োজন কি এক কথা হলো? বাড়ি বানাতেই যদি হবে, পাকা বাড়ি কেন?

৩. মাদরাসা পড়িয়ে যে টাকা বেতন পাওয়া যায়, তা দিয়ে সংসার চলে না, চললেও টাকা পয়সার পেরেশানীর কারণে দীনী ফিকির করতে সমস্যা হয়, তাই টাকা পয়সার একটি উৎস হিসেবে বাড়ি বানিয়ে ভাড়া দেয়া

হয়েছে। ভাড়ার টাকা দিয়ে সংসার চলবে আর আমি নিশ্চিন্তে চব্বিশ ঘন্টা দীনের খেদমত করব।

মন্তব্য: সংসার না চললে বাড়ি বানানো হয় কিভাবে? দুনিয়া অর্জন করে দীনী ফিকির করতে হবে, এটি কি আল্লাহর রাসূলের সুন্নত? বরং সুন্নত হলো দুনিয়া বর্জন করে যতটুকু দীনের কাজ করা যায়। না হলে উম্মত আমাকে দেখে দুনিয়া শিখবে, দুনিয়াদার হওয়ার জন্য আমাকে দলীল হিসেবে পেশ করবে। আর সাহাবায়ে কেরামের সুন্নত হলো রুজি রোজগারের জন্য নিতান্ত প্রয়োজন পরিমাণ মেহনত করতেন, বাকি সময় দীনের খেদমত করতেন।

উলামায়ে কেরামের প্রসঙ্গটা কেন আনলাম? কারণ, হযরত সাঈদ বিন জুবাইর রদিয়াল্লহু আনহুকে কেউ জিজ্ঞাসা করলো, হে আবু আব্দুল্লাহ! মানুষের ধ্বংস হওয়ার আলামত কী? তিনি বললেন, তাদের আলেম সমাজ ধ্বংস হয়ে যাওয়া।

এর কারণ, মানুষ আলেমদের দেখে দেখে ইসলাম শিখবে। আমার নবীর যিন্দেগী শিখবে। সাহাবাওয়ালা যিন্দেগী শিখবে। তাদের মেজাজ দেখে দেখে নবীওয়ালা/সাহাবাওয়ালা মেজাজ শিক্ষা করবে। সাধারণ মানুষ যখন দেখবে তার পীর সাহেব/ কোন বড় আলেম চার-পাঁচতলা বিল্ডিং বানিয়েছেন, তখন সে কী ভাববে? সে ভাববে-

- আমার পীর সাহেব/ঐ আলেম কত বড় আল্লাহ ওয়ালা, তার উপর আল্লাহর কতই না রহমত, তাকে আল্লাহ তাআলা কত কত নিয়ামত দিয়েছেন, তাকে বাড়ি, গাড়ি দিয়েছেন, তাকে দুনিয়াতে বাদশাহী দিয়েছেন! আলেমরা দুনিয়ারও বাদশা, আখেরাতেরও বাদশা!

- দুনিয়াতে যে আলেমের যত বাদশাহী যিন্দেগী, সে আলেম তত বড় আল্লাহওয়ালা, পরহেযগার, মুত্তাকী! কেননা, আল্লাহ তাআলা কুরআনে কারীমে ঘোষণা করেছেন, পরহেযগারদের জন্য আল্লাহ তাআলা তার ধারণার বাইরে থেকে রিযিকের ব্যবস্থা করবেন।
- আমার পীর/বড় আলেম যদি বিল্ডিং বানাতে পারে, তাহলে আমার সমস্যা কোথায়?

একটু চিন্তা করুন! সাধারণ মানুষ কিন্তু কখনোই কারো যিন্দেগীকে আল্লাহর রাসূলের যিন্দেগীর সাথে মিলাবে না, বা মিলানোর ক্ষমতা রাখে না, ফলে ফেতনায় জর্জরিত এই সকল আলেমদের দেখে মানুষ ফেতনাকে হিদায়াত আর বদদ্বীনকে দ্বীন মনে করা শুরু করেছে। 'দুনিয়ার বাদশাহী' বলতে অধিক টাকা পয়সার মালিক হওয়া, বিলাসবহুল যিন্দেগী লাভ করা, বাড়ি-গাড়ি-নারীর প্রাচুর্যকে বুঝায় না।

'উলামায়ে কেরামের দুনিয়ার বাদশাহী' বলতে বুঝায় "উলামায়ে কেরাম যখন আমার নবীর ﷺ যিন্দেগীকে আঁকড়ে ধরবে, তখন সাধারণ মানুষের অন্তরে আল্লাহ পাক তার প্রতি এমন মহব্বত আর সম্মান ঢালবেন, যা দেশের বাদশাহর কপালেও জুটে না। ফলে আম-জনতার উপর তার এমন প্রভাব সৃষ্টি হবে, যার প্রেক্ষিতে তারা সেই আলেমের জন্য জীবন দিতেও প্রস্তুত হয়ে যাবে। এখন যদি দেশের বাদশাহ থাকে একদিকে আর ঐ আলেম থাকেন আরেকদিকে, তাহলে মানুষ ঐ আলেমের দিকেই ঝুঁকবে, এটাই দুনিয়াতে আলেমের বাদশাহী।

একটি সুন্দর উদাহরণ দেয়া যাক! আমরা আল্লাহর রাসূল ﷺ-কে "উভয় জাহানের বাদশাহ" বলে থাকি। তাই না? তাই যদি হয় উনার রাজ প্রাসাদ কোথায়? উনার রাজ পোশাক কোথায়? শাহী খানা-দানার ইতিহাস কোথায়? উনার বাদশাহীর তাহলে অর্থ কি? আশা করি আর ব্যাখ্যার প্রয়োজন নেই!!!

যাইহোক, উম্মতকে এভাবে গোমরাহ করার দায়ভার কে নিবে? এভাবে উম্মতকে আল্লাহর রাসূলের যিন্দেগীর কথা ভুলিয়ে দেওয়ার পেছনে কারা দায়ী থাকবে?

- বর্তমান যুগে দ্বীন শিক্ষা কেন্দ্রগুলোতেও (মাদরাসাগুলোতেও) একই প্রবণতা লক্ষ্য করা যায়। যেই মাদরাসার বিল্ডিং যত সুন্দর, যত আধুনিক, যত রুচিশীল, যত উঁচু, সেই মাদরাসার মুহতামিম তত বড় আল্লাহওয়ালা, তত বড় বুযুর্গ। কেননা তিনি তো এই বিল্ডিং আল্লাহ তাআলার কাছ থেকে চেয়ে ফয়সালা করিয়ে নিয়েছেন। বুযুর্গদের আরামের নামে মেহমানখানাগুলোকে কতরকম ভাবে সাজানো হয়, ফ্রীজ-এ.সির ব্যবস্থা করা হয়। আহ্! এইগুলো হলো আমাদের যামানার নষ্ট মানসিকতা। আমরা ভুলে যাই, ইটের দালানে থাকতে থাকতে আমাদের ত্বলীবুল ইলমদের দীলটাও ইটের মতোই শক্ত হয়ে যাচ্ছে, রূহানীয়াত ধ্বংস হয়ে যাচ্ছে, সবচেয়ে বড় কথা, দুনিয়াদার হওয়ার তালীম নিয়ে মাদরাসা থেকে বের হচ্ছে। এরা কি আরো কোনোদিন ইটের দালান ছাড়া থাকতে পারবে? জিহাদের প্রয়োজনে পাহাড়-পর্বতের গুহায় আশ্রয় নিতে পারবে? কখনোই পারবে না। আল্লাহ, তুমি এই উম্মতকে বুঝ দাও।

- আমাদের সমাজে আরেকদল 'গণ্ডমূর্খ' আছে। এদের কার্যক্রম দেখলে মনে হয়, এরা 'নিরেট গর্দভ'! এরা কোটি কোটি টাকা খরচ করে জাঁকজমক পূর্ণ মাসজিদ নির্মাণ করে এই আশায় যে, আল্লাহ তাআলাও তার জন্য জান্নাতে একটি প্রাসাদ বানিয়ে দিবেন। কেননা নবীজী ﷺ বলেছেন, "যে ব্যক্তি আল্লাহর জন্য একটি মসজিদ বানাবে, আল্লাহ তাআলা তার জন্য জান্নাতে একটি প্রাসাদ বানাবেন।"

আরে বোকার দল! তোমরা যা বানাচ্ছ, তাতো মসজিদ নয়, কিয়ামতের আলামত! আল্লাহর রাসূল ﷺ কি বলেছেন, ঝাকানাকা মসজিদ বানাতে হবে, টাইলস লাগাতে হবে, এ.সি লাগাতে হবে, অন্যের মসজিদ হতে তোমার মসজিদটা যেন সুন্দর হয়, 'আন-কমন' ডিজাইনের হয়? আরে, আল্লাহর রাসূল ﷺ নিজে কি মসজিদ বানাননি, বর্তমান যে মসজিদে নববী দেখছ, এটাই কি আল্লাহর রাসূল ﷺ বানিয়েছিলেন? কক্ষণো না। আমাদের সমাজে আরো "এক প্রকার গর্দভ" পাওয়া যায়, যারা সুন্নত জিন্দা হবে এবং একশ গলাকাটা শহীদের সওয়াব মিলবে মনে করে বর্তমান মসজিদে নববীর ডিজাইন অনুকরণে কোটি কোটি টাকা খরচ করে মসজিদ বানিয়ে নাম দেয় "মদীনা মসজিদ"। হায়রে মূর্খ! বোকা কি গাছে ধরে, নাকি মানুষের মাঝে পাওয়া যায়?

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেছেন, "ততক্ষণ পর্যন্ত কিয়ামত হবে না, যতক্ষণ না মানুষ মসজিদের ব্যাপারে পরস্পর প্রতিযোগিতায় লিপ্ত হবে।" (সহীহ ইবনে খুযাইমা ২/২৮২; সহীহ ইবনে হিব্বান খ. ৪, পৃ. ৪৯৩)

নবীজী ﷺ আরো ইরশাদ করেন,"যখন কোনো সম্প্রদায়ের পাপ বেড়ে যায়, তখনই সমাজের মসজিদগুলো সুসজ্জিত হয়। আর দাজ্জালের

আবির্ভাবের সময় ঘনিয়ে না আসা পর্যন্ত মসজিদগুলো সুসজ্জিত হবে না।”
(আস্‌সুনানুল ওয়ারিদাতু ফিল ফিতান, খ. ৪, পৃ. ৮১৯)

হযরত আবুদ্দারদা রদিয়াল্লহু আনহু বলেন, “যখন তোমরা তোমাদের মসজিদগুলোকে সাজাবে কুরআনের কপিগুলোকে অলংকৃত করবে, তখন বুঝে নিবে, তোমাদের ধ্বংস অবধারিত হয়ে গেছে।” (কাশফুল খাফা খ. ১, পৃ. ৯৫)

❖ কেমন ছিল আল্লাহর রাসূলের হাতের বানানো মসজিদ ও মাদরাসা?

খেজুর কাণ্ড মাটিতে তিন হাত পরিমাণ গর্ত করে সেখানে পুঁতে মসজিদের জন্য খুঁটি তৈরি করা হলো। নবীজী ﷺ তখন তলক ইবনে আলী রদিয়াল্লহু আনহু-কে কাদা গোলাবার হুকুম দিলেন। তারপর সকলে হাতে হাতে সেই কাদা ও (পাকা নয়,) কাঁচা ইট দিয়ে মসজিদুন নববীর দেয়ালগুলো তৈরির কাজ শেষ করলেন। এরপর খেজুর পাতা বিছিয়ে ছাদ দেয়া হলো। ছাদের উচ্চতা এতোটুকু ছিল যে, একজন মানুষ হাত উঠালে তা ছাদে লেগে যেতো। বৃষ্টি হলে মেঝে কর্দমাক্ত হয়ে যেতো। সিজদা দিলে কপালে কাদা লেগে যেত। এই তো ছিল নবীজী ﷺ-এর হাতে গড়া মসজিদ। সুন্নতী মসজিদ। আবার এটিই ছিল তাঁর হাতে গড়া ইসলামের সবচেয়ে প্রসিদ্ধ মাদরাসা, যার ত্বলেবে এলেমদেরকে “আসহাবে সুফ্‌ফা” বলা হতো। এই মাদরাসা থেকেই বের হয়েছে ইসলামের সর্বশ্রেষ্ঠ মুফাস্‌সির, সর্বশ্রেষ্ঠ মুহাদ্দিস্‌, সর্বশ্রেষ্ঠ ফকীহ, সর্বশ্রেষ্ঠ দাঈ, সর্বশ্রেষ্ঠ সালেকীন, সর্বশ্রেষ্ঠ সিপাহ- সালারগণ, খুলাফায়ে রাশেদাগণ। সারা দুনিয়াতে ইসলামের প্রচার-প্রসার ও প্রতিষ্ঠার জন্য খেজুর পাতার ছাদের সেই মাদরাসাই যথেষ্ট ছিল। আল্লাহর রাসূল ﷺ কি ইচ্ছা করলে কিসরা

আর কায়সারের প্রাসাদগুলোর ন্যায় সৌন্দর্যমণ্ডিত মসজিদ/মাদরাসা তৈরি করতে পারতেন না? অবশ্যই পারতেন। কিন্তু করেননি। আল্লাহ তাআলাকে সিজদাহ দেয়ার জন্য এতটুকুই যথেষ্ট ছিল। আল্লাহ তাআলা কী এই খেজুরের পাতার মসজিদের/মাদরাসার বদলায় তাঁর হাবীব ﷺ-কে জান্নাতে একটি প্রাসাদ দিবেন না? অবশ্যই দিবেন। তাই, কোটি টাকা মসজিদ/মাদরাসার দালানের পিছনে খরচ না করে সত্যিকারের নবীওয়ালা দ্বীন চর্চা এবং সেই দ্বীনের প্রচার প্রসারের কাজে ব্যয় করুন, দাওয়াত ও জিহাদের কাজে ব্যয় করুন, তাতে সওয়াব বেশি হবে, আল্লাহ তাআলা বেশি সওয়াব দান করবেন!

আল্লাহ তাআলা আমাদেরকে সাহাবাওয়ালা মেজাজ দান করুন। আমীন।

ঘ. গৃহের সাজ-সরঞ্জাম ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি:

দুনিয়ার আরেকটি গুরুত্বপূর্ণ উপাদান হলো, আমাদের গৃহের সাজ-সরঞ্জাম ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি। একজন মানুষের ঘর দেখলেই বুঝা যাবে, সে কি আল্লাহর রাসূলের অনুসারী দুনিয়াত্যাগী, নাকি বিলাসী দুনিয়াদার। সুন্নতের অনুসারী বলতে আমরা এখন বুঝি সেই ব্যক্তিকে যে বিভিন্ন আমলে সুন্নতের খুব পাবন্দী করে, যেমন: মসজিদে ঢুকার ও বের হওয়ার সুন্নত আদায় করে, সুন্নত তরীকায় ওযু, গোসল, নামায আদায় করে, ইস্তিঞ্জায় প্রবেশ করা ও বাহির হওয়ার আদব খেয়াল করে, খেয়াল করে করে ডান পার্শ্ব হতে ভালো কাজগুলো করে, আর নিম্নমানের কাজগুলো বাম পার্শ্ব হতে শুরু করে, মানুষের সাথে সুন্দর আচরণ করে ইত্যাদি। অবশ্যই এই সুন্নতগুলো অনেক দামী। বরং সাত আসমান যমিন এক পাল্লায় আর আদনা একটি সুন্নতকে আরেক পাল্লায় রাখা হলে, সুন্নতের পাল্লাই ভারী হবে, সন্দেহ নেই। কিন্তু আমরা যেটি বলতে চাচ্ছি সেটি হচ্ছে, এই ব্যক্তিকে আল্লাহর রাসূলের ﷺ সুন্নতের আংশিক অনুসারী বলতে পারি, কিন্তু এতটুকু থাকলেই তাকে আমরা "আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগীর অনুসারী" বলি না। কতিপয় সুন্নতের অনুসারী হওয়া আর আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগীর অনুসারী হওয়া ভিন্ন জিনিস। যতক্ষণ পর্যন্ত তার যিন্দেগীর সাথে সম্পর্কিত প্রতিটি বিষয়ের মধ্যে আল্লাহর রাসূলের ﷺ যিন্দেগীর প্রতিফলন না পাবো, ততক্ষণ পর্যন্ত আমরা তাকে নবীজীর ﷺ যিন্দেগীর অনুসারী কিংবা পরিপূর্ণ সুন্নতের অনুসারী বলতে পারি না।

রাসূলুল্লাহ ﷺ এর একটি মাত্র বালিশ ছিল। চামড়া দ্বারা নির্মিত খোলের মধ্যে খেজুর গাছের সরু আঁশ ভর্তি করে তা বানানো হয়েছিল।

একটি পশমী কম্বলকে দুই ভাঁজ করে তাঁর বিছানা বানানো হয়েছিল। তাঁর ঘরে কোনো খাট, চৌকি বা আসবাবপত্র ছিলো না।

একবার আম্মাজান আল্লাহর রাসূলের ﷺ আরাম হবে চিন্তা করে কম্বলটিকে চার ভাঁজ করে দিলেন। এতে নবীজীর ﷺ ঘুম একটু বেশি হয়ে যায়। যখন তিনি দেখতে পেলেন যে কম্বলকে চার ভাঁজ করা হয়েছে, তখন তিনি অত্যন্ত রাগান্বিত হলেন।

একবার এক আনসারি মহিলা আম্মাজান আয়িশা রদিয়াল্লহার সাথে দেখা করতে আসলেন। তিনি দেখলেন, নবীজী ﷺ -এর বিছানা হলো একটি হাতাবিহীন আলখাল্লা, যা ঘুমানোর সময় দুই ভাজ করে বিছিয়ে দেয়া হতো। তখন তিনি ফিরে গিয়ে তৎক্ষণাৎ পশম ভর্তি একটি তোষক আম্মাজানের ঘরে পাঠিয়ে দিলেন। তোষকটি আম্মাজান খুব পছন্দ করলেন। পরে যখন নবীজী ﷺ ঘরে প্রবেশ করলেন, তখন তোষকটি দেখে আম্মাজানকে জিজ্ঞাসা করলেন, হে আয়েশা! এটা কী? আম্মাজান উত্তরে বললেন, ইয়া রাসূলাল্লাহ! অমুক আনসারি মহিলা আমার কাছে এসেছিলো, সে আপনার বিছানা দেখে গিয়ে আমার কাছে এটা পাঠিয়ে দিয়েছে। তখন নবীজী ﷺ বললেন, তুমি তা ফিরিয়ে দাও। একথা শুনে আম্মাজান একটু মন খারাপ করলেন। তিনি চাচ্ছিলেন, তোষকটা তার ঘরে থাকুক। কিন্তু নবীজী ﷺ আবার বললেন, হে আয়েশা! তুমি তা ফিরিয়ে দাও। আল্লাহর কসম! যদি আমি চাইতাম, তাহলে আল্লাহ পাক আমার সাথে স্বর্ণ ও রৌপ্যের পাহাড় চালিত করতেন।

অনেক সময় আল্লাহর রাসূল শুধু চাটাইয়ের উপরই ঘুমাতেন, কোন কম্বলও ব্যবহার করতেন না।

একবার নবীজী ﷺ তাঁর ঘরের মহিলাদের সাথে অভিমান করে কিছুদিনের জন্য আলাদা একটি কামরায় অবস্থান করলেন। এ সময় একদিন ওমর রদিয়াল্লহু আনহু তাঁর সাথে সাক্ষাৎ করতে আসলেন। অনুমতি নিয়ে হযরত ওমর রদিয়াল্লহু কামরায় প্রবেশ করে দেখলেন যে, নবীজী ﷺ -এর ঘরের এক কোণে কিছু যব পড়ে আছে, একটি চামড়া ঝুলানো রয়েছে এবং তিনি খালি গায়ে চাটাইয়ের উপর কাত হয়ে শুয়ে আছেন, ফলে তাঁর পার্শ্বদেশে চাটাইয়ের দাগ পড়ে গেছে। হযরত ওমর রদিয়াল্লহু আনহু বললেন, ইয়া রাসূলাল্লাহ! আপনি যদি এর থেকে নরম কোনো বিছানা গ্রহণ করতেন! তখন নবীজী ﷺ বললেন, দুনিয়ার সাথে আমার কি সম্পর্ক? আমার ও দুনিয়ার উদাহরণ হলো ঐ ঘোড়ায় আরোহীর মতো, যে গ্রীষ্মের দিনে পথ চলে অল্প সময়ের জন্য কোনো গাছের ছায়ায় আরাম করে, তারপর সেখান থেকে উঠে চলে যায়।

নবীজী ﷺ -এর ঘরের সামানপত্রের অবস্থা দেখে ওমর রদিয়াল্লহু আনহুর চোখে পানি এসে গেলো। হযরত ওমর রাদিয়াল্লহু আনহুর চোখে পানি দেখে নবীজী ﷺ জিজ্ঞাসা করলেন, কি ব্যাপার? তখন ওমর রদিয়াল্লহু আনহু বললেন, ইয়া রাসূলুল্লাহ! আপনি আল্লাহ পাকের প্রেরিত রাসূল এবং শ্রেষ্ঠ সৃষ্টি। অথচ রোম ও পারস্যের বাদশা কিসরা ও কায়সার ভোগ বিলাসে আছে। একথা শুনে নবীজী ﷺ রাগান্বিত হয়ে বসে গেলেন। বললেন, হে খাত্তাবের বেটা! তুমি কি সন্দেহের মধ্যে আছো? ওরা তো এমন সম্প্রদায় যাদেরকে পার্থিব জীবনেই সকল আরাম আয়েশ ও ভোগ বিলাসের উপকরণ দিয়ে দেয়া হয়েছে। তুমি কি এতে সন্তুষ্ট নও যে, তাদের জন্য হবে দুনিয়া, আর আমাদের জন্য হবে আখিরাত। তখন

হযরত ওমর রদিয়াল্লহু আনহু বললেন, অবশ্যই ইয়া রাসূলুল্লাহ! আমি এর উপর (সন্তুষ্ট আছি এবং) আল্লাহ পাকের প্রশংসা করছি। এর কিছুদিন পর অভিমান শেষে নবীজী ﷺ ঘরে ফিরে যান।

সাহাবায়ে কেরামগণও নবীজী ﷺ-কে দুনিয়াত্যাগের ব্যাপারে পুরোপুরি অনুসরণ করেছেন। যেমন উস্তাদ, তেমন সাগরেদ! হযরত হাসান বছরী রাহিমাহুল্লাহ বলেন, "আমি সত্তর জন ছাহাবী রদিয়াল্লহু আনহুম আযমাঈনদের সাহচর্য লাভের সৌভাগ্যপ্রাপ্ত হয়েছি। তাঁদের সকলের জীবন যাপনের পদ্ধতি একই রকম ছিল। তাঁরা নিতান্ত সাধারণ ও সংক্ষিপ্ত ধরণের এক প্রস্থ মাত্র কাপড় পরতেন। কাপড়টি পরিধান করে খাট, চৌকি অথবা বিছানায় না শুয়ে শুধু মাটির উপর নিজের পাঁজর বা পিঠ স্থাপন করে শুয়ে পড়তেন। দেহের মধ্যে ধূলাবালি লাগবে কি লাগবে না, সেই সঙ্কোচ করতেন না। শুধু মাটির উপর শুয়ে চাদর দিয়ে শরীর ঢাকতেন। সাহাবায়ে কেরামের যিন্দেগী যাপনের ধারা ছিল এরূপ সাধারণ ও আড়ম্বরবিহীন।"

হযরত উমর রদিয়াল্লহু আনহু তাঁর খিলাফত কালে সিরিয়া সফরে গেলেন। প্রজাদের খোঁজ-খবর নিচ্ছিলেন। সাথীদের অবস্থা দেখছিলেন। রাতে সিরিয়ার গভর্নর হযরত আবূদ্ দারদা রদিয়াল্লহু আনহুর দরজায় এলেন। বড় আওয়াজে বললেন, আস্সালামু আলাইকুম।

আবূদ্ দারদা জবাব দিলেন, ওয়া আলাইকুমুস্ সালাম।

-আসতে পারি?

চিনতে না পেরে বললেন, আসুন।

হযরত উমর রদিয়াল্লহু আনহু দরজা ধাক্কা দিলেন। দরজা খোলা। লাগানোর কোনো ছিটকিনি নেই। ঘর অন্ধকার, কোনো বাতি নেই। অন্ধকার হাতড়ে হযরত আবূদ্ দারদা রদিয়াল্লহু আনহু পর্যন্ত পৌঁছলেন। বালিশে হাত দিয়ে অনুভব করলেন এটা বালিশ নয়। মাথার নিচে রাখা হয়েছে উটের জিন। বিছানা মনে করে হাত দিয়ে বুঝতে পারলেন, এটা বিছানা নয়, মাটি। শরীরের ওপর দেওয়া চাদরে হাত দিয়ে বুঝলেন, এটি একদম জরা-জীর্ণ।

হযরত আবূদ্ দারদা রদিয়াল্লহু আনহু বললেন, কে? আমীরুল মু'মিনীন?

- হ্যাঁ, আল্লাহ রহম করুন! আপনি কি ভাতা পান না?

- রাসূলের ঐ হাদীসটি কি স্মরণ আছে?

- কোনটি?

- রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন, ليكن بلاغ أحدكم كزاد الراكب

"তোমাদের একেকজনের সম্বল যেন হয় মুসাফিরের পাথেয় পরিমাণ।"

- হ্যাঁ, স্মরণ আছে।

হযরত ওমর রদিয়াল্লাহু আনহু কাঁদতে কাঁদতে বললেন, রাসূল ﷺ-এর ওফাতের পর আমরা কী করছি? উভয়ে কাঁদতে লাগলেন। ফজরের আযান পর্যন্ত তাঁরা কাঁদলেন।

হযরত সালমান ফারসী রদিয়াল্লহু আনহু মৃত্যু শয্যায় শায়িত। সাদ ইবনে ওয়াক্কাস রদিয়াল্লহু আনহু তাঁকে দেখতে এলেন। তাঁর কাছে বসলেন। সাদ রদিয়াল্লহু আনহুকে দেখে তিনি কাঁদতে লাগলেন।

সাদ রদিয়াল্লহু আনহু বললেন, আপনি কাঁদছেন কেন? মৃত্যুর সময় আল্লাহর রাসূল ﷺ আপনার উপর সন্তুষ্ট ছিলেন। আগামীতে হাউযে কাউসারে তাঁর সাথে দেখা হবে।

হযরত সালমান ফারসী রদিয়াল্লহু আনহু বললেন, মৃত্যুর ভয়ে কাঁদছি না। কিংবা দুনিয়ার লোভেও না। কাঁদছি এজন্য, রাসূল ﷺ আমাদের থেকে একটি অঙ্গীকার নিয়েছিলেন- ليكن بلاغ أحدكم كزاد الراكب
"তোমাদের একেকজনের সম্বল যেন হয় মুসাফিরের পাথেয় পরিমাণ।" আমার মনে হয় আমি অঙ্গীকার ভঙ্গ করেছি। এই বলে কাঁদতে লাগলেন। অথচ তাঁর কাছে সম্পদ বলতে ছিল শুধু- একটি আহার করার থালা, অযু করার বদনা এবং কাপড় ধোয়ার একটি পাত্র।

নবীজী ﷺ এবং সাহাবায়ে কেরাম আসলেই কি এত দরিদ্র ছিলেন?

কেউ কেউ বলতে পারেন, আরে ভাই! আল্লাহ তাআলা রাসূলুল্লাহ ﷺ এবং সাহাবায়ে কেরামকে দারিদ্র্য দিয়েছিলেন আর তিনি বর্তমানে উম্মতকে অনেক সচ্ছলতা দিয়েছেন। সুতরাং উম্মত যদি একটু আরাম-আয়েশের যিন্দেগী যাপন করি তাতে সমস্যা কি? সাহাবায়ে কেরাম তো আরাম আয়েশের যিন্দেগী যাপন করার মতো উপকরণই পাননি!

ও আচ্ছা! তার মানে আপনি বলতে চাচ্ছেন, আল্লাহ তাআলা আমাদের দুনিয়া দিয়েছেন আর সাহাবায়ে কেরামকে দুনিয়া থেকে বঞ্চিত করেছেন, এজন্য তাঁরা এত কষ্ট করেছেন? আসলে কি ব্যাপারটি তাই?

ইমাম কাস্তালানী রাহিমাহুল্লাহ 'মাওয়াহেব' কিতাবে লেখেছেন, নবী করীম ﷺ ও তাঁর সাথীগণ সম্পর্কে রেওয়ায়েতসমূহে বর্ণিত হয়েছে, তাঁরা

অনেক বেলা ক্ষুধার্ত থাকতেন। খাওয়ার মতো তাঁদের কাছে কিছুই থাকতো না। কখনও খেজু খেয়ে দিন কাটাতেন এবং কখনো খেজুর পাওয়া না গেলে কেবল পানি পান করেই কাটিয়ে দিতেন। কখনো কখনো উপর্যুপরি তিন তিনটি চাঁদ অতিবাহিত হয়ে যেত (অর্থাৎ পূর্ণ দুই মাস অতিবাহিত হয়ে যেত); অথচ নবীজী ﷺ-র ঘরে চুলো গরম হতো না। শুধু খেজুরের দানা আর পানিই ঘরের খাদ্য ছিলো।

অপরদিকে রেওয়ায়েতসমূহে এসব তথ্যও পাওয়া যায় যে, রাসূলুল্লাহ ﷺ তাঁর পরিবার-পরিজনকে সারা বছরের ভরণ-পোষণ একবারেই দিয়ে দিতেন। তিনি চল্লিশ জন সাহাবীদের মধ্যে চল্লিশটি উট বিতরণ করেছেন। হজ্জ ও ওমরার মধ্যে তিনি শত শত উট যবেহ করেছেন। তিনি কোনো এক বেদুঈনকে ছাগলের পাল দান করেছেন। তাঁর কিছুসংখ্যক সাহাবী প্রচুর অর্থবিত্তের মালিক ছিলেন। তাঁদের উদার দানশীলতার বহু ঘটনা রয়েছে। যেমন, হযরত আবু বকর সিদ্দিক, ওসমান গণী, আবদুর রহমান ইবনে আওফ রাদিয়াল্লহু আনহুম আযমাঈন প্রমূখ। তাঁরা তাঁদের ধন-সম্পদ দ্বারা মুসলমানদের সাহায্য করেছেন। অতএব যদি এমনি সুখ-স্বচ্ছন্দ ও ধনাঢ্যতা থাকবে, তাহলে কয়েকদিন যাবত ক্ষুধার্ত থাকা এবং মাসের পর মাস চুলা না জ্বালার অর্থ কি? আর যদি এমনি দারিদ্র থাকবে যে, পানাহারের জন্যে কিছুই পেতেন না, তবে এই দান-দক্ষিণা কেমন করে হতো? এ পরস্পর বিরোধী চিত্রটি সাধারণ মানুষের চিন্তাধারায় স্বভাবতই তালগোল পাকিয়ে দেয়।

ইমাম তাবারী রাহিমাহুল্লাহর বর্ণনা এবং ফতহুল বারীতে এ প্রশ্নের জওয়াবে বলা হয়েছে, রাসূলুল্লাহ ﷺ ও সাহাবায়ে কেরামের এই কষ্টভোগ বাস্তবে দারিদ্র্য কিংবা অপারগতার কারণে ছিলো না। এমন সাহাবীর সংখ্যা

কমই ছিল, যাঁরা বাস্তবিকই নিঃস্বতা ও দারিদ্র্যের জীবন যাপন করতেন। আসলে রাসূলুল্লাহ ﷺ ও সাহাবায়ে কেরামের ক্ষুধার্ত থাকা কদাচিৎ অক্ষমতার কারণে হয়েছে।

সাধারণভাবে তাঁরা ক্ষুধা-তৃষ্ণার কষ্ট, মাল সামানার অপ্রতুলতা, ধন-সম্পদের অপর্যাপ্ততা, এগুলো স্বেচ্ছায় বরদাশত করতেন, যাতে করে অপরের ত্যাগ তিতিক্ষার অনুপ্রেরণা সৃষ্টি হয় এবং পার্থিব ধন-সম্পদ ও আরাম-আয়েশের প্রতি ঘৃণা এবং অসন্তুষ্টি প্রকাশ পায়। বস্তুতঃ তারা দুনিয়ার মহব্বত ত্যাগের মানসিকতা থেকেই এমনটি করতেন।

আবু উমামা রদিয়াল্লহু আনহু বর্ণনা করেন, নবী করীম ﷺ ইরশাদ করেন," "আল্লাহ আমাকে বলেছেন, হে নবী! আপনি ইচ্ছা করলে সমগ্র মক্কা উপত্যকা আপনার জন্য স্বর্ণে পরিণত করে দেয়া হবে। আমি আরয করলাম, পরওয়ারদেগার! আমি বরং একদিন উপবাস করা, আরেকদিন পেট ভরে আহার করা পছন্দ করি, যেন উপবাসের দিন আপনার দরবারে কান্নাকাটি ও একান্তভাবে আপনারই স্মরণে মশগুল থাকতে পারি। পক্ষান্তরে যেদিন পেট ভরে খাই, সেদিন অন্তরের অন্তস্তল থেকে আপনার শোকরগোজারী ও প্রশংসা করি।" (ফতহুল বারী, মাদারেজুন্নবুওয়ত)

নবী করীম ﷺ বলেন, "আমার পূর্ববর্তী পয়গম্বরগণও দারিদ্র্য ও উপবাসের কঠোরতা ভোগ করেছেন। আল্লাহ তাআলার অনুকম্পা সমূহের মধ্যে এ অনুকম্পাটিও আমি সর্বাধিক পছন্দ করি।"

হযরত আয়েশা রাদিয়াল্লহু আনহা বলেন, 'রাসূলুল্লাহ ﷺ কখনও তৃপ্ত হয়ে খাদ্য গ্রহণ করতেন না এবং কখনও কারও কাছে এ সম্পর্কে মুখও খোলেননি। কেননা, তিনি দারিদ্র্যকে ধনাঢ্যতা অপেক্ষা অধিক পছন্দ

করতেন। তিনি প্রায়ই ক্ষুধার কারণে সারারাত্রি অস্থির থাকতেন, কিন্তু এই ক্ষুধা পরবর্তী দিন রোযা রাখা থেকে বিরত রাখতে পারতো না। রাত্রিতে কোনো কিছু পানাহার না করেই তিনি রোযা রাখতেন। অথচ তিনি ইচ্ছা করলে আল্লাহ তাআলার কাছে পৃথিবীর সমগ্র ধন-ভান্ডার, সর্বপ্রকার নেয়ামত ও প্রাচুর্য প্রার্থনা করতে পারতেন। কিন্তু তিনি দারিদ্র্য ও উপবাসকে বিলাস-ব্যসনের উপর অগ্রাধিকার দিয়েছেন। আমি রাসূলে কারীম ﷺ-এর এ অবস্থা দেখে কান্না জুড়ে দিতাম। ক্ষুধার কারণে স্বয়ং আমার অবস্থাও শোচনীয় হত এবং আমি পেটে হাত বুলাতাম আর রাসূলুল্লাহ ﷺ -কে বলতাম, হায়! আমাদের যদি জীবন ধারণোপযোগী পানাহার সামগ্রী থাকত। স্বচ্ছন্দ ও বিলাসিতা না হোক, কমপক্ষে সুখে জীবন যাপনের যদি সুযোগ হতো!' আমার কথা শুনে রাসূলুল্লাহ ﷺ বলতেন, "হে আয়েশা! দুনিয়া দিয়ে আমরা কী করব? আমার পূর্বে আমার অনেক মহান পয়গম্বর ভাই অতিক্রান্ত হয়েছেন। তাঁরা দুনিয়াতে এসে আমার চেয়ে অধিক কঠোরতা অবলম্বন করেছেন। কিন্তু তাঁরা সবর করেছেন এবং সবরের অবস্থায়ই আল্লাহর সাথে মিলিত হয়েছেন। সেখানে তাঁদেরকে সুউচ্চ মর্যাদায় ভূষিত করা হয়েছে এবং নানারকম নেয়ামত প্রদান করা হয়েছে। আমার আশংকা, আমাকে এ দুনিয়ায় স্বচ্ছন্দ দান করা হলে আখেরাতের অক্ষয় নেয়ামত হ্রাস পাবে। আমার কাছে এর চেয়ে প্রিয় ও পছন্দনীয় কোনো কিছুই পাওয়ার নেই যে, আমি পরকালে আমার বন্ধু ও ভাইদের সাথে এ দারিদ্র্যাবস্থায় মিলিত হই।"

হযরত আয়েশা রাদিয়াল্লহু আনহা বলেন, "যে দিন রাসূলুল্লাহ ﷺ উপরোক্ত কথাগুলো বলেছিলেন, সে দিনের পর একমাসও তিনি আমাদের

মাঝে থাকেননি; তিনি পরম প্রভু আল্লাহ পাকের সান্নিধ্যে চলে যান।” (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।) (শেফা, মাদারেজুন্নবুওয়ত, শামায়েলুর রসূল)

হযরত আলী রদিয়াল্লহু আনহু হযরত আবু বকর রদিয়াল্লহু আনহুর দানের কথা বর্ণনা করতে গিয়ে বলেন, ঐ সত্তার শপথ যার হাতে আমার প্রাণ! কোনো কল্যাণ কাজে আমরা হযরত আবু বকরের আগে যেতে পারিনি। তাঁর সম্পদের পরিমাণ ছিলো চল্লিশ হাজার দীনার। সবই তিনি আল্লাহর রাস্তায় ব্যয় করে দিয়েছিলেন। তাঁতে যে কোনো ধরণের হস্তক্ষেপের অধিকার রাসূল ﷺ-এর ছিল।

‘বিদআত’ নিয়ে কিছু কথা:

‘বিদআত’ কি? আমাদের সমাজে যেই সংজ্ঞা প্রচলিত আছে তা হলো, নবীজী ﷺ বা সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমগণ কোনো ইবাদতকে করেননি, এমন কোনো কাজকে ইবাদত মনে করে করা। এই সংজ্ঞা অনুযায়ী তাহলে ‘পেট ভরে খাওয়া’ বিদআত হলো কি করে? কেননা খাওয়াটা তো মূলত কোনো ইবাদত নয়, একটি নিছক দুনিয়াবী কাজ। আসলে এটি বিদআতের সংজ্ঞাই না। এটি বিদআতের মাপকাঠি না। বিদআতের মাপকাঠি হচ্ছে- “আল্লাহর রাসূলের পবিত্র যিন্দেগী।” কুরআন কারীমে নেই বা আল্লাহর রাসূলের ﷺ জীবন-যাপন পদ্ধতির সাথে যা মিলবে না তাই বিদআত।

এর দলীল? খুব বিখ্যাত, কিন্তু খুব কঠোর সেই হাদীস-

إِنَّ خَيْرَ الْحَدِيْثِ كِتَابُ اللّٰهِ وَ خَيْرَ الْهَدِى هَدْىُ مُحَمَّدٍ وَشَرَّ الْأُمُوْرِ مُحْدَثَاتُهَا وَكُلَّ مُحْدَثَةٍ بِدْعَةٌ وَكُلَّ بِدْعَةٍ ضَلَالَةٌ وَكُلَّ ضَلَالَةٍ فِى النَّارِ

"আল্লাহর কিতাবই সর্বোত্তম কথা। আর মুহাম্মাদ এর তরীকাই সর্বোত্তম তরীকা (যিন্দেগীর আদর্শ)। আর নিকৃষ্ট কাজ হলো এর মধ্যে নতুন কিছু আনা। আর প্রত্যেক নতুন জিনিস হলো বিদআত, প্রত্যেক বিদআত গুমরাহী, আর প্রত্যেক গুমরাহীর স্থান হলো জাহান্নামে।"

উপরোক্ত হাদীসকে সামনে রাখলে "বিদআতের" সংজ্ঞা স্পষ্ট হয়। নবীজী ﷺ-এর যিন্দেগীর সাথে যা মিলবে না, হযরত আয়েশা রদিয়াল্লহু আনহার মতে "তা বিদআত"। এজন্য তিনি পেট ভর্তি করে খানা খাওয়াকেই বিদআত বলেছেন।

বর্তমানে মুসলমানদের হায়াতের পুরোটাই এমন সব নতুন জিনিস দিয়ে পূর্ণ যা কুরআনে বলা হয়নি বা নবীজী ﷺ-এর জিন্দেগীতে ছিলো না। এখন এই জিন্দেগী যদি আমি আল্লাহ পাকের সামনে পেশ করি, আর আল্লাহ পাক যদি আমার এই জিন্দেগীকে নাকচ করে দিয়ে একথা বলেন, তোমার পুরো জিন্দেগীই বিদআত, তাহলে সেই দিন আমাকে বাঁচানোর কেউ থাকবে কি?

বিদআতের উপরোক্ত সংজ্ঞা শুনে এক ভাই বললেন, নবীজী ﷺ তো বিমানে চড়েন নাই, তাই বিমানে চড়া বিদআত। ভাই, দ্বীন নিয়ে টিটকারি না করা চাই। বিমান বাহন, যুগের সাথে সাথে জিনিসের শেকেল বা আকৃতির পরিবর্তন হতে পারে, এটা গ্রহণ করা বিদআত নয়। সেই জামানায় তরবারি দিয়ে যুদ্ধ হতো, এই জামানায় বন্দুক। সেই জামানায়

উট, ঘোড়া, গাধা, খচ্চর ছিলো বাহন, এই জামানায় গাড়ি, ট্রেন বা বিমান। এগুলো বিদআত নয়।

অন্যদিকে, আমরা অনেক সময় এই ভ্রান্ত ফতোয়া দিয়ে বসি, "দুনিয়াকে যদি আখিরাতের নিয়তে করা হয়, তাহলে তা আখিরাত।" এর দ্বারা আমরা আমাদের খাহেশাত ও দুনিয়াদারীকে হালাল ও জায়েয করি এবং পাক্কা দুনিয়াদার হয়েও এই আত্মতৃপ্তিতে ভুগি- "আমি তো আখিরাতের জন্যই এসব করছি।" অথচ, ফতোয়াটা হওয়া উচিত ছিল এরকম- "দুনিয়ার কাজকর্ম যদি আল্লাহর রাসূলের যিন্দেগীর মূলনীতি অনুসারে হয়, তাহলে তা আখিরাত। নাহলে নয়। কেবল নিয়তই একটি দুনিয়াবী কাজকে আখিরাতের কাজ বানায় না।" যেমন: কেউ চিন্তা করলো, আমি তিন বেলা খেয়ে শক্তি অর্জন করে আল্লাহর ইবাদত করবো, কিংবা জিহাদ করবো। নিয়ত তো সুন্দর, কিন্তু কাজটি বিদআত। (আম্মাজান হযরত আইশা রদিয়াল্লাহু আনহার ফতোয়া অনুসারে।) আবার, একজন চিন্তা করলো, আমি এজন্য ডিগ্রি করছি, যেন আমি পৃথিবীতে প্রতিষ্ঠিত হয়ে মানুষের মাঝে দাওয়াতের কাজ করতে পারি। এই নিয়তকে বাস্তবায়ন করতে সে তার সমস্ত যিন্দেগী ডিগ্রির ধান্দায় কাটিয়ে দিল। ফলে সাহাবাওয়ালা যিন্দেগীর সাথে তার যিন্দেগীর পার্থক্য হয়ে গেল। নিয়ত তো অতি উত্তম, কিন্তু সে যা করলো তা হলো বিদআত। (আম্মাজান আইশা রদিয়াল্লহু আনহার পূর্বোক্ত ফতোয়ার ওযনে)।

আমি জানি, বিষয়টা আপনাদের অনেকের কাছে, বরং অধিকাংশ আলেমের কাছেও খটকা লাগছে, অস্পষ্ট লাগছে। এই বুঝ না থাকার কারণেই আমরা সাহাবাওয়ালা যিন্দেগীর ধারে কাছেও যেতে পারছি না।

আমরা সাহাবাদের থেকে কোথায় কোথায় পিছিয়ে আছি, কেন পিছিয়ে আছি, তা বুঝতে পারছি না। সাহাবাওয়ালা যিন্দেগী বানাতে হলে আমাদের কী করণীয় তাও বুঝে উঠতে পারছি না। তাই বিষয়টি নিয়ে আরেকটু বিস্তারিত আলোচনা আবশ্যক মনে করছি।

খুব ভালো করে বুঝে নিন- **জীবন পদ্ধতি বা যিন্দেগীর উদ্দেশ্য বা মূলনীতির কথা বলা হচ্ছে।** সেই জামানায় নবীজী ﷺ-এর প্রকৃত অনুসারী সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমদের জিন্দেগীর উদ্দেশ্য দুনিয়া ছিলো না, দুনিয়া কামাই করে তা দিয়ে আখিরাত কামানো বা দ্বীন প্রতিষ্ঠা করা ছিল না (যাকে বর্তমানে আমরা দ্বীন মনে করি), বরং তাদের জিন্দেগীর উদ্দেশ্য ছিলো **আল্লাহর দীন জমিনে কায়েম করা, এর জন্য জান মাল যার যতটুকু আছে সব কুরবান হয়ে যাক এবং এর বিনিময়ে আল্লাহপাক রাজি হয়ে যাক।**

রাসূলুল্লাহ ﷺ-এর যিন্দেগীর কিছু মূলনীতি ছিল। এই মূলনীতিগুলো থেকে সরে আসাটা বিদআত। এটাই বুঝানো হচ্ছে।

এরকম কিছু মূলনীতি লক্ষ্য করুন-

১. যিন্দেগী হতে হবে দুনিয়ামুক্ত, তাতে ভোগ-বিলাস, আরাম আয়েশ ও চাকচিক্য থাকতে পারবে না। 'যিন্দেগী চলে পরিমাণ' দুনিয়া নিয়ে সন্তুষ্ট থাকতে হবে। মুসাফিরের সামানা পরিমাণ দুনিয়া থাকতে হবে।

এখন এই মূলনীতিকে ঠিক রাখতে হলে, আপনি পেট ভরে আহার করতে পারবেন না, একটা বা দুইটার বেশি জামা ব্যবহার করতে পারবেন না, খাট, তোশক, পালঙ্ক, সোফা ইত্যাদি ব্যবহার করতে পারবেন না,

ফ্রীজ, এসির কথা বাদই দিলাম, নানান অজুহাত ও প্রয়োজনীয়তা দেখিয়ে ইটের পাকা বাড়ি বানাতে পারবেন না। এসব করাটা আল্লাহর রাসূলের যিন্দেগীর/ তরীকার মূলনীতির খেলাফ হওয়ায় তা বিদআত। এই জন্যই আম্মাজান হযরত আইশা রদিয়াল্লহু আনহা পেট ভরে খানা খাওয়াকে বিদআত সাব্যস্ত করেছেন। তিন বেলা পেট ভরে খেয়ে শক্তি অর্জন করে আপনি যতই ইবাদত করেন না কেন, যতই জিহাদ করেন না কেন, আপনি বিদআতী। অন্যদিকে খেয়াল করুন, দূরের সফরের জন্য সময়, অর্থ ও শ্রম বাঁচানোর লক্ষ্যে বিমানে চড়া এই মূলনীতির খেলাফ নয়। তাই এটি বিদআত নয়।

২. "ধনসম্পদ মুমিনের জন্য বিষতুল্য। তবে আল্লাহ তাআলাকে পাওয়ার জন্য সহায়ক যতটুকু ধন-সম্পদ প্রয়োজন, একজন মুমিন ততটুকুই ধনসম্পদ অর্জন করবে।"

এই মূলনীতির ব্যাখ্যা পূর্বেই করা হয়েছে।

৩. "আল্লাহর রাসূল যে ইবাদাত যেভাবে করেছেন, তা সেভাবেই করতে হবে। নবীজী যা করেন নাই, তাকে ইবাদত বা সওয়াবের কাজ মনে করে করাটা বিদআত।"

নিজে থেকে কোনো ইবাদতের পন্থা তৈরী করা বিদআত। যেমন মিলাদ পড়া, তাজিয়া মিছিল করা, মাতম করা ইত্যাদি।

এই মূলনীতিটিই আমাদের সমাজে প্রচলিত, তাই আমরা সকলেই বুঝি। এ নিয়ে আমরা এর চেয়ে বেশি আর আলোচনা করবো না।

৪. "যিন্দেগীর সার্বিক উদ্দেশ্য- আল্লাহ তাআলার দ্বীনকে জমীনে প্রতিষ্ঠা করার মেহনত করা। এর জন্য যার যতটুকু জান মাল আছে, সব কুরবান হয়ে যাক এবং এর বিনিময়ে আল্লাহপাক রাজি হয়ে যাক।"

আমাদেরকে খেয়াল করতে হবে, রাসূলুল্লাহ ﷺ ও সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুমগণ কিভাবে যিন্দেগীর এই উদ্দেশ্যকে বাস্তবায়ন করেছেন। তারা কিভাবে দাওয়াত দিয়েছেন, জিহাদের ময়দানে বছরের পর বছর কাটিয়েছেন, নিজের ঘর-সংসার, আরাম-আয়েশকে দ্বীনের জন্য কুরবানী করেছেন! যদি এই মূলনীতিকে আপনি নিজের যিন্দেগীর মূলনীতি হিসেবে ধরেন, তাহলে আপনি সারাজীবন আপনার পেশা ও ব্যবসা নিয়ে পড়ে থাকতে পারবেন না। ষোল ঘণ্টা দোকানে/অফিসে কাটাবেন না, ক্যারিয়ার ও ডিগ্রির ধান্দা করতে পারবেন না। মূল কথা হচ্ছে আল্লাহ তাআলাকে পেতে হলে, আপনাকে দ্বীনের ইলম হাছিল করতেই হবে, আত্মশুদ্ধি করতেই হবে, দাওয়াতের ময়দানে ছুটতেই হবে, জিহাদ করতেই হবে। আপনি তীর তলোয়ারের যুদ্ধই করুন আর কামান-ট্যাঙ্কের যুদ্ধই করুন, যুদ্ধ করাটাই মূলনীতি। যুদ্ধের প্রয়োজনে যা করা দরকার তা করতে হবে। কৌশল হিসেবে বা শক্তি বৃদ্ধির জন্য যুদ্ধ বিমান বা সাবমেরিন ব্যবহার করাটা বিদআত নয়।

আশাকরি, বিষয়টি আমি বুঝাতে সক্ষম হয়েছি।

আম্মাজান আইশা রদিয়াল্লহু আনহার ইজতিহাদ এবং উল্লেখিত এসব মূলনীতির উপর ভিত্তি করে তাই বলা যায়–

- আজকে মুসলমান দুনিয়াতে কিছু বনার জন্য, ক্যারিয়ার গড়ার স্বপ্ন নিয়ে, সম্পদ হাছিল করার জন্য জিন্দেগী কাটাচ্ছে, এটা বিদআত।
- সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুম দুনিয়া ভোগ করতেন না, আজ মুসলমান ভোগের মধ্যে মত্ত, এটা বিদআত।
- আগে মুসলমান পেট ভরে খেত না, এক বেলা খেলেই চলতো, বর্তমানে চলে না; এক বা সর্বোচ্চ দুই সেট পোশাক হলেই উম্মতের যিন্দেগী পার হতো, এখন হয়না; আগে মুসলমান পাকা বাড়ি বানাতো না, বর্তমানে বাড়ি-গাড়ি করাকেই দুনিয়ার প্রতিষ্ঠা ও সফলতা মনে করে, এগুলো বিদআত।
- সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুম মজদুরি বা ব্যবসা অল্প সময়ে সেরে নিতেন, যোহরের নামাযের পর আর ব্যবসা করতেন না। আর এখন মুসলমান সারাদিন বা কেউ কেউ রাতেরও একটি বড় অংশ সময় নিয়ে চাকুরি, ব্যবসা বা অন্যান্য কাজ করে, এটা বিদআত।
- সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুম ততটুকুই মাল কামাই করার নিয়ত করতেন যতটুকু তার পরিবারের খাওয়া পরার জন্য দরকার। এখন মুসলমান জানেনা তার কতটুকু কামাই করতে হবে। যতই কামাই করে, সে আরো বেশি কামাই করতে চায়, এটা বিদআত।
- সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুম অতিরিক্ত মাল জমা করে রাখাকে গোনাহ মনে করতেন, অথচ এখন মুসলমান মাল জমা করাকেই জীবনের সফলতা মনে করে, এটা বিদআত।

বিদআত শুধু মিলাদ পড়া, মিলাদে কিয়াম করা বা কুলখানি করার নাম নয়। বিদআত কোন্ জিনিস সেটি সাহাবায়ে কেরামের চোখ দিয়ে দেখতে হবে, আমাদের ক্ষীণ দৃষ্টিতে দেখলে হবে না। নতুবা আমরা প্রকৃত হিদায়াত হতে বঞ্চিত হয়ে যাব। বিদআতে লিপ্ত হয়ে গুমরাহীতে পতিত হবো। আল্লাহ তাআলা আমাদের সঠিক পথ প্রদর্শন করুন। আমীন।

আল্লাহ তাআলা বান্দার উপর কোনো কিছু চাপিয়ে দেন নাঃ

এক ভাই বললেন, বর্তমান যামানায় উম্মত অনেক দুর্বল হয়ে গেছে। তাই যেমন ভাবে সাহাবায়ে কেরাম যিন্দেগী পরিচালনা করেছেন, তেমনভাবে বর্তমানে উম্মত এত কষ্ট বরদাশত করতে পারবে না।

একজন আলেমের মুখে শুনলাম, বর্তমান যামানায় সাহাবাদের অনুসরণ করা যাবে না। আমাদেরকে অনুসরণ করতে হবে নিকটবর্তী আকাবীরদের।

আহ্! এসব কথার দলীল কোথায়? এগুলো উম্মতকে কে শিখিয়েছে? যদি বর্তমান জামানার উম্মত তা না-ই পারে, তাহলে তারা সুন্নতের অনুসারী হবে কিভাবে? তিনি যে হুকুম দিলেন, "আল্লাহর রাসূল তোমাদের জন্য যে দ্বীন নিয়ে এসেছেন তা গ্রহণ কর আর যা থেকে বিরত থাকতে বলেন তা থেকে পরহেয করে চল" কিংবা তিনি যে বললেন,"হে মুমিনগণ তোমরা ইসলামে পরিপূর্ণরূপে প্রবেশ কর"- এগুলো কি এমনি এমনি হুকুম করেছেন? আল্লাহ তাআলা যে সাহাবীদের মতো ঈমান আনতে বললেন, তা কি এমনি এমনিই হাছিল হয়ে যাবে? নাকি তিনি এমন এক হুকুম দিলেন, যা শেষ যামানার উম্মতের জন্য প্রযোজ্য নয়? আল্লাহ তাআলা কি

জানতেন না, শেষ যামানার উম্মত দুর্বল হয়ে পড়বে, তারা তাদের রাসূলকে অনুসরণ করতে অপারগ ও অক্ষম হয়ে যাবে? আপনার কথা অনুযায়ী বুঝা যায়, আল্লাহ তাআলা এমন এক দ্বীন শেষ যামানার উম্মতের উপর চাপিয়ে দিয়েছেন, যার পরিপূর্ণ অনুসরণ করা কক্ষণো সম্ভব নয়। অথচ আল্লাহ তাআলা স্পষ্ট ভাষায় বলে দিয়েছেন,

لَا يُكَلِّفُ ٱللَّهُ نَفْساً إِلاَّ وُسْعَهَا لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا ٱكْتَسَبَتْ

"আল্লাহ তাআলা কাউকে তার সাধ্যাতীত কোনো কাজের ভার চাপিয়ে দেন না, সে তাই পায় যা সে উপার্জন করে এবং তাই তার উপর বর্তায় যা সে করে।" (২ সূরা বাকারা: ২৮৬)

আল্লাহ তাআলা যদি সত্য বলে থাকেন (অবশ্যই তিনি সত্য বলেছেন), তাহলে আপনাদের এসব কথার দ্বারা কি আল্লাহ তাআলার উপর অপবাদ আরোপ করা হলো না? আসলে এসব বাক্য 'দুনিয়াপ্রীতির' বহিঃপ্রকাশ মাত্র!

যারা বলেন, "বর্তমান যামানায় সাহাবাদের অনুসরণ করা যাবে না। আমাদেরকে অনুসরণ করতে হবে নিকটবর্তী আকাবীরদের।"
দয়া করে আপনাদের এসব ফালতু আলাপ বন্ধ করুন। শুধু শুধু 'আকাবীর', 'আকাবীর' করবেন না। আপনাদের মুখে 'আকাবীর' শব্দটা কিংবা আপনার পীরের নামটা একশতবার শুনা গেলে, একবার শুনা যায় 'সাহাবা' শব্দটা। হ্যাঁ, আপনি আকাবীরদের অনুসরণ করতে পারেন, কিন্তু এক্ষেত্রে মনে রাখতে হবে-

- কোনো আকাবীর, তার কথা কিংবা তার যিন্দেগী কি শরীয়তের দলীল হতে পারে?

- কোনো আকাবীরের ঈমান কি কুরআনের ভাষায় স্বীকৃত আদর্শ মানের, যাকে আমরা অনুসরণ করব?
- এমন কোনো আকাবীর এমন আছেন কি, যিনি তার ২৩ বছরের যিন্দেগীতে অর্ধ পৃথিবীতে ইসলাম কায়েম করেছেন? যদি তা না থাকে তাহলে শেষ যামানায় উম্মতের জন্য কখনোই তা আদর্শ হবে না, কেননা, শেষ জামানায় ইমাম মাহদী আলাইহিস্ সালামের সময় মাত্র সাত বছরে পৃথিবীর অধিকাংশ অঞ্চল জয় হবে, যা সাহাবায়ে কেরামের ঈমান ও যিন্দেগীর আদর্শ অনুসরণ ব্যতীত সম্ভব নয়।

দুঃখজনক কিন্তু বাস্তব কিছু আত্মসমালোচনা:

আল্লাহ পাকের পক্ষ থেকে সবচেয়ে বেশি অনুগ্রহ প্রাপ্ত হচ্ছেন উম্মতের আলেম সমাজ। কেননা তাঁরা ইলমে ওহীর বাহক। আল্লাহ তাআলা তাঁদের সম্মানিত করেছেন দুনিয়া ও আখিরাতে কুরআনের হামেল তথা বাহক হওয়ার কারণে। একবার নবীজী ﷺ সাহাবাদের সামনে বললেন, "পৃথিবীতে কিছু মানুষ আছে যারা আল্লাহ তাআলার খাস পরিবারভূক্ত লোক।" সাহাবায়ে কেরাম আরজ করলেন, তারা কারা? তখন নবীজী ইরশাদ করেন, "তারা হচ্ছেন কুরআন ওয়ালারা।" (সুব্হানাল্লাহ)

আল্লাহ তাআলা এতো মর্যাদা দিয়েছেন উলামায়ে কেরামকে, নিজের খাস পরিবারভূক্ত হিসেবে ঘোষণা দিয়েছেন! একটা কথা মনে রাখতে হবে, নৈকট্যশীল ব্যক্তিদের সামান্য ভুল-ত্রুটিও অনেক গুণ বর্ধিত হয়ে মহা ভুলের আকৃতি ধারণ করে। নৈকট্যশীলদের সাধারণ একটি সগীরা গুনাহ্ও আল্লাহ তাআলার নিকট কবীরা গুনাহ্র বরাবর। বিশেষতঃ উলামায়ে

কেরামের অবস্থান আল্লাহ তাআলার কাছে নবী-রাসূলগণের ঠিক পরে হওয়ায়, আল্লাহ তাআলা অবশ্যই আশা করেন, তাদের যিন্দেগীও নবী-রাসূলগণের মতোই হবে। নবী-রাসূলগণ যদিও ভুল-ত্রুটির উর্ধ্বে ছিলেন আর উলামায়ে কেরাম ভুল-ত্রুটির উর্ধ্বে নন, তবুও এটি আল্লাহ তাআলার চাওয়া যেন উলামায়ে কেরাম যথাসাধ্য ভুল-ত্রুটির উর্ধ্বে থাকুন। কেননা নবীদের অবর্তমানে উম্মত উলামায়ে কেরামের যিন্দেগী দেখেই নবীদের চিনবে। নবীদের আমল-আখলাক চিনবে। এছাড়া সাধারণ মানুষের দ্বীন শিখার আর কোনো রাস্তা নেই। উলামায়ে কেরামের যিন্দেগী যেমন হবে, সাধারণ দ্বীনদারদের যিন্দেগীও তেমনই হবে। উলামায়ে কেরাম যতদিন আল্লাহ তাআলার গোলামী করবে, সাধারণ মানুষও আল্লাহ তাআলার গোলামী করবে, উলামায়ে কেরাম যদি দুনিয়ার গোলামী করা শুরু করেন, তাহলে সাধারণ মানুষও তাই করা শুরু করবে। তাই উলামায়ে কেরামের ছোট-খাট ভুল গুলোও কেয়ামত পর্যন্ত বর্ধিত হতেই থাকবে, যতদিন মানুষ বংশ পরম্পরায় সেই ভুলগুলোর অনুসরণ করতে থাকবে। এ কারণে নিম্নে কিছু আলোচনা করার প্রয়োজন বোধ করছি। যদিও বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর, তথাপি উম্মতের স্বার্থে আমাকে সত্য প্রকাশ করতেই হবে।

রাসূলুল্লাহ ﷺ ইরশাদ করেন,

اِنَّ الْعُلَمَاءَ وَرَثَةُ الْاَنْبِيَاءِ وَاِنَّ الْاَ نْبِيَاءَ لَمْ يُوَرِّثُوْ دِيْنَارًا وَلَا دِرْهَمًا اِنَّمَا وَرَّثُوْا الْعِلْمَ فَمَنْ أَخَذَهٗ أَخَذَ بِحَظٍّ وَافِرٍ

“নিশ্চয়ই আলেমগণ নবীদের ওয়ারিশ। আর নবীগণ ওয়ারিশদের জন্য দীনার বা দিরহাম রেখে যান না, বরং তারা এলেম রেখে যান। সুতরাং যে তা গ্রহণ করলো সে বড় সৌভাগ্য গ্রহণ করলো।”

যারাই মাদরাসা থেকে পাশ করে ডিগ্রি অর্জন করেছে, এই হাদীসটির উপর ভিত্তি করে নিজেদেরকে "আলেম" মনে করেন এবং দাবী করেন যে, "আমি আল্লাহর রাসূলের ওয়ারিশ"। খুব ভালো কথা! আল্লাহ তাআলা যদি আমাদেরকে 'আল্লাহর রাসূলের ওয়ারিশ' হিসেবে কবুল করেন বা 'নায়েবে নবী' হিসেবে কবুল করেন, তাহলে তো আমাদের সৌভাগ্যের সীমাই নেই। কিন্তু ব্যাপারটা মনে হয় এতটা সহজ নয়!

হায়! আমরা যদি এই হাদীসটির মর্ম এই যামানায় উপলব্ধি করতে পারতাম! কেননা বর্তমানে এলেম বলতে বুঝায় শুধুমাত্র নামায-রোযা, হজ্জ-যাকাত বা বিয়ে ও তালাকের মাসআলা শিক্ষা করা, কুরআনকে শুদ্ধভাবে তিলাওয়াত করতে শিখা, বুখারী, আবু দাউদ বা মেশকাতের মত মশহুর কিছু হাদীসের কিতাব যের, যবর ও পেশ ছাড়া দেখে দেখে পড়তে শেখা।

আলেমরা যদি কেবল মাসআলার ওয়ারিশ হয়ে থাকে, তাহলে নবীজী ﷺ-এর আখলাকের ওয়ারিশ কারা? নবীজী ﷺ-এর জিন্দেগীর ওয়ারিশ কারা? নবীজী ﷺ কি কেবল নামায-রোযা নিয়ে এসেছিলেন? শুধুই কি কুরআন তিলাওয়াত নিয়ে এসেছিলেন? সাহাবীদের মাঝে কুরআন তিলাওয়াতের প্রতিযোগিতা করে টাকা ও আন্তর্জাতিক পদক অর্জন করা শিক্ষা দিয়েছিলেন? মদিনার মসজিদে হালকার জিকির করা শিক্ষা দিয়েছিলেন? কুরআন কি কেবল এতটুকুই আমাদের শিক্ষা দেয়?

হযরত সা'দ বিন হিশাম রদিয়াল্লহু আনহু আম্মাজান হযরত আইশা রদিয়াল্লহু আনহাকে প্রশ্ন করলেন, হে মুমিনদের আম্মা! আমাকে নবীজী ﷺ-এর আখলাক সম্পর্কে বলুন। আম্মা তাকে জিজ্ঞাসা করলেন, তুমি কি

কুরআন পড়ো না? সা'দ বিন হিশাম রদিয়াল্লহু আনহু বললেন, হ্যাঁ। তখন আম্মা বললেন, কুরআনই হলো নবীজী ﷺ-এর আখলাক।

যেহেতু কুরআন নবীজী ﷺ-এর আখলাক, আর কুরআনই হলো সকল এলেমের উৎস, তাই নবীজী ﷺ-এর যিন্দেগীই হলো সকল এলেমের মূল কেন্দ্রবিন্দু। আর নবীজী ﷺ-এর যিন্দেগীর যে ওয়ারিশ হবে বা সেই পবিত্র যিন্দেগীকে যে নিজের যিন্দেগী বানাবে কেবলমাত্র তারাই হলো নবীজীর ওয়ারিশ, কেবলমাত্র তারাই আলেম। আলেমদের যিন্দেগী এমন হবে, তাদের উঠাবসা এমন হবে যে, মানুষ তাদেরকে দেখে দেখে আমার নবীজীর যিন্দেগী চিনবে। মানুষ আলেমদের আখলাক দেখে আমার নবীর আখলাক শিখবে, তাদের আমানতদারিতা দেখে আমার নবীর আমানতদারিতা শিখবে, তাদের ইবাদত দেখে আমার নবীর ইবাদত শিখবে, তাদের পরহেযগারী দেখে আমার নবীর পরহেজগারী শিখবে, সত্যকে সত্য বলে প্রকাশ করার সাহস দেখে আমার নবীর সাহস শিখবে। উম্মতের প্রতি তাদের দরদ দেখে সাধারণ মানুষ উম্মতের দরদ শিখবে। উম্মতকে সঠিক ইসলাম শিখাবে। নবীওয়ালা যিন্দেগী গড়ে দিবে। আল্লাহকে চিনাবে। আল্লাহর শক্তিকে চিনাবে। গাইরুল্লাহর ভয় দীল থেকে বের করে দিবে। জান্নাত-জাহান্নাম চিনাবে। আখিরাত চিনাবে। মৃত্যুর ভয়, দুনিয়ার মহব্বত দীল থেকে বের করে দিবে। ইলম, তাযকিয়া, দাওয়াত ও জিহাদের গুরুত্ব বুঝাবে। এগুলো তো ছিল নবী-রাসূলদের কাজ। যদি এরকম না হয়, তবে সেই ব্যক্তি যত বড় মাদরাসা থেকেই সার্টিফিকেট অর্জন করুক না কেনো সে আসলে আলেম নয়, মূর্খ, উলামায়ে ছু (মন্দ আলেম)।

কিছুদিন আগে একজন ছাত্র ফেইসবুকে এক ওয়াজ-মাহফিলের পোস্টারের ছবি আপলোড করে, যাতে লেখা ছিলো "হুজুর আসিবেন হেলিকপ্টারে উড়িয়া"। তারপর সেই মাহফিল সম্পর্কে নিচে যে কমেন্ট ছিল তা নিম্নরূপ:

"হুজুর হেলিকপ্টারে উড়িয়া আমাদের মাহফিলে আসিলেন। মঞ্চে বসে মধুর কণ্ঠে বয়ান করিলেন, নবীজী ﷺ কোনো দিন পেট ভরিয়া খানা খান নাই, মৃত্যুর পূর্ব পর্যন্ত যবের রুটিও পরপর দুই বেলা খেতে পান নাই, তাঁর ঘরে একটানা তিন মাস পর্যন্ত রান্না করার মত কিছুই থাকিত না। এই সমস্ত বয়ান করিয়া হুজুর নিজেও খুব কাঁদিলেন, শ্রোতাদেরকেও খুব কাঁদাইলেন। বয়ান শেষ করিয়া হুজুর ভুনাখাসী, মুরগীর রোস্ট, গরুর গোশত ও রুই মাছ দ্বারা কয়েক প্লেট পোলাও খাইলেন। তারপর এক লক্ষ টাকা পকেটে লইয়া হেলিকপ্টারে চড়িয়া উড়িয়া গেলেন।"

আজ সাধারণ ছেলে-পেলেরা আলেমদের সম্পর্কে এ রকম বেয়াদবী করার সাহস পায় কিভাবে? এজন্য কারা দায়ী? আজ আলেমদের উপর সাধারণ মানুষদের আস্থা নাই এই সকল দুনিয়াদার আলেমদের কারণে। যারা দ্বীন বিক্রি করে দুনিয়া হাছিল করে চলেছে তারা কি করে আলেম হয়?

আজ মুসলমানদের উপর আযাব কেন আসবে না? একবার হযরত হুযাইফা রদিয়াল্লহু আনহু লোকদের মাঝে বয়ান করলেন, তখন তোমাদের কী হবে যখন আল্লাহ পাক নবীজী ﷺ-এর উম্মতের উপর আযাব নাযিল করবেন? একজন আরজ করলো, 'আমরা গুনাহ করা সত্ত্বেও যেই আল্লাহ তাআলা আমাদের দান করা বন্ধ করেন না, সেই আল্লাহ তাআলা কি করে নবীজী ﷺ-এর উম্মতের উপর আযাব নাযিল করবেন?' "তোমরা কি

দেখতে পাচ্ছ! যখন লোকেরা ঐ জিনিসের রক্ষক হবে যা আল্লাহ পাকের নিকট মশার পাখা হতেও নগণ্য (অর্থাৎ এই দুনিয়া ও তার মাল-সম্পদ), সেই দিন আল্লাহ পাক নবীজী ﷺ-এর উম্মতের উপর আযাব নাযিল করবেন।”, হযরত হুযাইফা রদিয়াল্লহু আনহু বললেন।

যারা নবীজী ﷺ-এর যিন্দেগীর বয়ান করে টাকা কামাই করে চলেছে, এরা কি হাশরের ময়দানে নবীদের ওয়ারিশ হয়ে আল্লাহর সামনে দাঁড়াতে পারবে? হযরত ওমর ফারুক রদিয়াল্লহু আনহু বলেন, এই উম্মতের উপর মুনাফেক আলেমদের ব্যাপারে আমার সবচেয়ে বেশি ভয় হয়। একজন জিজ্ঞাসা করলো, মুনাফেক আলেম কারা? তিনি বললেন, মুখে আলেম। কিন্তু দীল ও আমলের হিসেবে জাহেল। হযরত ওমর রদিয়াল্লহু আনহু আরো বলেন, যে আলেমকে দুনিয়ার সাথে মহব্বত করতে দেখো, ধরে নিবে যে, তার দ্বীন ত্রুটিযুক্ত। কেননা যে যেই জিনিসের প্রতি মহব্বত রাখে তার মধ্যেই সে প্রবেশ করে।

হিন্দুস্তানের একজন স্বনামধন্য আলেম, টিভিতে বিভিন্ন প্রোগ্রামে যাকে প্রায়ই দেখা যায়, তাকে কখনো এক জামা দ্বিতীয়বার ব্যবহার করতে মনে হয় কেউ দেখেনি। তাকে জিজ্ঞাসা করা হলো, কি ভাই, আপনার পাঞ্জাবী কতগুলো? তিনি একটু আনন্দ বা গর্ব করেই বললেন, হিসাব নাই। কমের পক্ষে ৪০-৫০ টা তো হবেই। তাকে জিজ্ঞাসা করা হলো, এটা কি নবীজীর সুন্নতের মাঝে পড়ে? তিনি বললেন, **এখন কি আগের জামানা আছে?** এখন ঐ যামানা যে, আলেমরা প্রাডো গাড়িতে করে ঘুরবে, হাতে থাকবে আইফোন। তারপর উনার হাতের ঘড়িটা এগিয়ে দিয়ে বললেন, এরকম ঘড়ি থাকবে যার মূল্য দেড় লক্ষ টাকা। উনার কথা শুনে খুব কষ্ট হলো এবং এখনও মনে হলে আফসোস হয়।

রসায়ন বিষয়ের আমার এক বামপন্থী শিক্ষক ছিলেন। একদিন ক্লাসে তিনি বললেন, "ইসলামী অর্থনৈতিক ব্যবস্থা এই যামানার জন্য (প্রযোজ্য) নয়। বর্তমান সময়ের জন্য চাই সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা।" এই লোককে যদি আপনি কাফের বা নাস্তিক বলেন, তাহলে ঐ আলেম (?)-কে আপনি কি বলবেন, যে বলে যে, "আল্লাহর রাসূলের জিন্দেগী (ইসলামী জীবনব্যবস্থা) এই যামানার জন্য নয়।" ? দুই জনের মধ্যে পার্থক্য কী? বরং সেই তথাকথিত আলেম আরো ভয়ংকর কথা বলেছে। কেননা, ঐ শিক্ষক শুধু ইসলামী অর্থনৈতিক ব্যবস্থাকে অপ্রযোজ্য মনে করে, অন্য কোনো দিককে সে অপ্রযোজ্য মনে করে না। কিন্তু ঐ আলেম (?) "এখন কি আগের জামানা আছে?"-একথা দ্বারা পুরো ইসলামী জীবন ব্যবস্থাকেই ব্যাক-ডেটেড্ মনে করেছে। বর্তমান যামানার জন্য অনুপযুক্ত মনে করেছে। তাহলে এর ব্যাপারে শরীয়তের হুকুম কী হবে?

নবীজী ﷺ একবার ইরশাদ করেন, "আমার পরে মুসলমানদের মধ্যে এমন একদল লোক উৎপন্ন হবে, তারা নানারকম উপায়ে খাদ্য গ্রহণ করবে, নানা বিচিত্র কারুকার্যপূর্ণ বহু মূল্যবান পোশাক পরিধান করবে, মনোমোহিনী সুন্দরী কামিনী রাখবে, মূল্যবান অশ্ব (বাহন উদ্দেশ্য, যেমন: বর্তমান যামানায় গাড়ি) বাড়ির সামনে রাখবে, অল্প খানায় তাদের ভোজন প্রবৃত্তি পরিতৃপ্ত হবে না, অনেক পেলেও তাদের আকাঙ্ক্ষার নিবৃত্তি হবে না, তাদের সমস্ত শক্তি কেবল দুনিয়া অর্জনেই ব্যয়িত হবে। দুনিয়াকেই তারা প্রভু বলে মনে করবে। যা কিছু করবে দুনিয়া হাছিলের জন্যই করবে। আমি মুহাম্মাদ ﷺ তোমাদের প্রতি নির্দেশ দিচ্ছি: তোমাদের সন্তানরা তাদেরকে যেন সালাম না করে, তারা অসুস্থ হলে যেন তাদের সেবা না

করে। তাদের জানাযায় যেন না যায়, তাদের মুরুব্বীদের যেন সম্মান না করে। এই শ্রেণির ধনী লোকেরা ইসলামকে ধ্বংস করবে। তোমাদের সন্তানগণ যদি তাদের প্রতি সম্মান প্রদর্শন করে এবং সহানুভূতি প্রদর্শন করে, তবে তারাও ইসলামকে ধ্বংস করার কাজে তাদের সাহায্যকারী ও সহায়ক হিসেবে গণ্য হবে।" (কিমিয়ায়ে সাআদাত)

হযরত সাঈদ বিন যুবাইর রদিয়াল্লহু আনহুকে কেউ জিজ্ঞাসা করেছিল, হে আবু আব্দুল্লাহ! **মানুষের ধ্বংস হবার আলামত কী?** তিনি বললেন, **তাদের আলেম সমাজ ধ্বংস হয়ে যাওয়া।**

কেননা সাধারণ দ্বীনদার ব্যক্তিরা সাধারণত তাদের পীর-মাশায়েখ, মসজিদের ইমাম, স্বীয় ইসলামী দলের/জামাতের মুরুব্বী আলেমদের অনুসরণ করে থাকে। তাদেরকে সাধারণ দ্বীনদাররা/মুরীদরা/ অধীনস্ত কর্মীরা তাদের যিন্দেগীর আদর্শ হিসেবে গ্রহণ করে। ফলে তার মুরুব্বী যে নকশার টুপি পরিধান করে, সেও সে ধরণের টুপি পরিধান করে, তার মুরুব্বী যে স্টাইলের পাঞ্জাবী পরিধান করে, সেও সে ধরণের পাঞ্জাবী পরিধান করে। এভাবে জীবনের প্রতিটি ক্ষেত্রে এই সাধারণ মুসলমানগুলো তাদের অনুসরণ করে। তার মুরুব্বীর রুচি-মেজাজ-প্রকৃতিকে সে অক্ষরে অক্ষরে অনুসরণ করার চেষ্টা করে। তার মুরুব্বীর মাঝে 'জালালিয়ত' থাকলে তার মেজাজও 'জালালী' তরবিয়তের হয়ে যায়, তার মুরুব্বীর তরবিয়ত 'জামালী' হলে, তার তরবীয়তও সাধারণ 'জামালী' হয়ে যায়। তার মুরুব্বী যদি আয়েশী হয়, সেও এটাকে দ্বীন মনে করে আয়েশী ও ভোগের যিন্দেগী গঠন করে। তার মুরুব্বী যদি আরামপ্রিয় হয়, বাদশাহী ও বাবুগিরির যিন্দেগী যাপন করে, সেও তা করতে শুরু হয়। তার মুরুব্বী

যদি দুই তলা বিল্ডিং বানায়, সে বানাবে চার তলা বিল্ডিং। দলীল কী!! আমার মুরুব্বী যদি এগুলো করতে পারেন, তাহলে আমি কেন পারবো না? আমার মুরুব্বী যদি ভোগের যিন্দেগী লালন করেও 'আল্লাহ ওয়ালা' হতে পারেন, তাহলে আমি কেন এভাবে আল্লাহওয়ালা হতে পারবো না?

এসকল কারণে একজন আলেমের ছোট্ট একটি আমলের ওজন অনেক বেড়ে যায়। তিনি যদি ছোট্ট কোনো নেক আমল করেন, তার ওজন একজন সাধারণ মানুষের অনেক বড় একটি আমলের চেয়ে ওজন দার হয়, কেননা তাঁকে অনুসরণ করবে আরো বহু সাধারণ দীনদার লোক আর তাঁকে যারা অনুসরণ করবে, তাদের সকলের সাওয়াব তিনি পাবেন। ঠিক একই রকম ভাবে যদি কোনো আলেম ব্যক্তি কোনো একটি গোমরাহীতে লিপ্ত হয়, তার ওজনও সাধারণ একজন দীনদার লোকের ছোট্ট গোমরাহীর চেয়েও বেশি হবে, কেননা, ঐ সাধারণ ব্যক্তিকে অন্যরা জাহেলই জানে, তাকে কেউ অনুসরণ করবে না, কিন্তু ঐ আলেম ব্যক্তিকে অনেকেই অনুসরণ করবে, তাঁকে দলীল হিসেবে পেশ করবে, এভাবে একটি জাতি গোমরাহ হয়ে যেতে পারে। তাই আলেমের গোমরাহী অনেক ভয়াবহ ও মারাত্মক। বর্তমান যামানায় মুসলমান আল্লাহর রাসূলের যিন্দেগী কিংবা সাহাবায়ে কেরামের যিন্দেগী ভুলে গিয়েছে, কাদের কারণে? সাধারণ দুনিয়াদারদের কারণে? না, তা নয়, বরং মানুষ উলামায়ে কেরামকে যেভাবে দেখে, জাহেল সাধারণ দ্বীনদাররা তাকেই দ্বীন মনে করে অনুসরণ করে। ফলে এভাবে সুন্নতী যিন্দেগীর আদর্শগুলো আস্তে আস্তে মুসলিম সমাজে অপরিচিত হয়ে গিয়েছে। এর দায়ভার কখনোই সাধারণ মানুষের নয়, আলেম সমাজকেই বহন করতে হবে। একারণেই হাদীস শরীফে শেষ

যামানার এসকল দুনিয়াদার, ফেতনায় জর্জরিত আলেমদের সম্পর্কে বলা হয়েছে, হযরত আলী রদিয়াল্লহু আনহু সম্পর্কে বর্ণিত, তিনি বলেছেন, "মানুষের উপর এমন একটি জামানা আসবে, যখন কেবল নামটুকু ব্যতীত ইসলামের কিছুই বাকি থাকবে না। অংকিত অক্ষর ব্যতীত কুরআনের কিছুই বাকী থাকবে না। (সেই জামানার আলামত হলো), তখন মসজিদসমূহ সুসজ্জিত থাকবে। সেই সময়কার আলেমরা হলো আসমানের নীচে নিকৃষ্টতম মানুষ। এরাই সকল ফেতনা সৃষ্টি করবে, আর সেই ফিতনাতে নিজেরাই লিপ্ত হয়ে পড়বে।" (তাফসীরে কুরতুবী, খ. ১২, পৃ. ২৮০)

মক্কার মসজিদের দিকে তাকিয়ে দেখো, এটাই সেই জামানা। মদিনার মসজিদের দিকে তাকিয়ে দেখো, এটাই সেই জামানা। দুনিয়ার হাজার হাজার মসজিদের দিকে তাকিয়ে দেখো, মসজিদগুলো আমাদেরকে সাক্ষী দিচ্ছে, এটাই সেই জামানা।

আমরা প্রত্যেক আলেমই ভাবি, এটি তো "উলামায়ে ছু" (মন্দ আলেম)-দের সম্পর্কে বলা হয়েছে। কিন্তু আমরা এটি চিন্তা করি না, হায়! আমিও কি উলামায়ে ছু-দের অন্তর্ভূক্ত হয়ে বসে আছি কিনা। যদি আমার মানসিকতা ও যিন্দেগী আল্লাহর রাসূলের যিন্দেগী বা সাহাবায়ে কেরামের যিন্দেগীর সাথে মিলে, তাহলেই কেবল আমি "উলামায়ে হক্ক", নতুবা আমিই উলামায়ে ছু। কেবল মাইকে উত্তপ্ত বয়ান করতে পারা, চারপাশে বহু মুরিদান থাকা, কিংবা দু-চার কলম লিখতে পারার নামই উলামায়ে হক্ক হওয়া নয়।

হাদীসে বর্ণিত জামানা বর্তমান জামানাই, যেই জামানার আলেমদের সম্পর্কে কঠিন ধমকি এসেছে, কেবল আল্লাহর রাসূলের যিন্দেগীর সুন্নতগুলোকে মিটিয়ে দেয়ার জন্য। কেননা আগেই বলেছি, উম্মতের মাঝে

